HISTORY OF BENGAL

FOR


BEGINNERS.

BY

RAJ KRISHNA MOOKHERJEA M. A. AND B. L.

বাঙ্গালার ইতিহাস।

। ঐারাজকৃষ্ণ মুখোপাধার এম্ এ, বি. এল্ বিংচিত। চতুর্দ্ধশ সংস্করণ।



AT Musses J. G. Chatterjea & Co.'s Perss, 1', Amilfist Street,

IUBLISHED BY THE SANSERIT PRESS DEPOSITORY NO. 3, MIEZAPORE STREET.

1879.

[All Rights Reserved]

LIST OF WORKS CONSULTED.

Bengal Administration Reports.

Bengal Census Report. :

Muir's Sanscrit Texts.

Mahawansa.

Fr H in's Travels and Hiouen Thsang's Memoirs.

Contributions to Bengal History by such writers as Dr. Rajendra Lala Mitra, Mr. Thomas,

Mr. Blochman, Dr. Wise, Mr. Westmacot

Rev. J. Long, Dr. Hunter, Babu Kissory Chand Mitra. &c.

Articles on Sriharsa and on Historical Errors from the Bangadarsana of 1281 B. E.

Article on Vidyapati from the Bangadarsana of 1282 B. E.

Rajanikant's Life of Jayadeva.

Elliot's History of India told by her own His-

Ain Akbari and Seir Mutakharin.

Stewart's, Marshman's and Lethbridge's History of Bengal.

Elphinstone's, Marshman's, Mill's and Orme's History of India.

ক্ষিতীশবংশাবলীচরিতম্।

Krishna Chunder Roy's History of British India in Bengali.

Ramgati Nyayaratna's Discourse on the Bengali Language and Literature. o

বাঙ্গালার ইতিহাস

উপক্রমণিকা।

বাদালার লেপ্টেনণ্ট গবর্গরের শাসনাধীন প্রদেশ সমূহকে সামান্যতঃ স্থবা বাদালা বলা যায়। মোটা মোট ধরিতে গেলে, উহার উত্তরে নেপাল, ভোট, ও দিকিম রাজ্য; পশ্চিমে উত্তরপশ্চিম প্রদেশ ও মধ্য ভারতবর্ষ; দক্ষিণে বঙ্গসাগর; এবং পূর্ব্বে আরাকাণ হইতে আসাম পর্যান্ত বিস্তৃত একটা শৈলজেণী ও আসাম প্রদেশ। স্থবা বাদালা প্রধানতঃ তিন ভাগে বিস্তৃত; ১ বাদালা, ২ বেহার, ও উড়িয়া। বাদালা প্রদেশ স্থবর্ণরেখা নদী কর্তৃক উড়িয়া। হইতে, এবং মহানন্দ্রা নদী ও রাজমহলের পাহাড়জেণী কর্তৃক বেহার ইইতে বিক্লিয়।

বালালায় অনেক নদনদী আছে; তম্বধ্যে ব্ৰহ্মপুত্ৰ
এবং গল্পাই প্ৰধান। প্ৰীছট্ট দিয়া স্থানদী আসিয়া
ব্ৰহ্মপুত্ৰে মিশিয়াছে। গল্পা, পদ্মা ও ভাগীরথী
এই ছুই শাখায় বিভক্ত হইয়া বহুপ্ৰশাখা স্থিপূৰ্ব্যক সমুদ্ৰে পড়িয়াছে। ব্ৰহ্মপুত্ৰ পদ্মার সহিত যুক্ত
হইয়াছে; দামোদর, রপনারায়ণ এবং কাঁসাই, ছোট
নাগুপুরের পাছাড়ে উৎপন্ন হইসা ভাগীরথীর সঙ্গে
মিলিত হইয়াঁছে। চট্টথামপ্রদেশে ফেণী এবই কর্ণক্লী

নদী আছে। উড়িষার নদ নদীর মধ্যে মহানদাই,
প্রধান; বেহারে শোন, কর্মনাশা, গণ্ডক প্রভৃতি নদী
আছে।

বাঙ্গালা দেশের ছয়টী প্রধান বিভাগ; ১ বর্দ্ধমান, ২ প্রেসিডেন্সি, ৩ বাজসাহী, ৪ কুচবেহার, ৫ ঢাকা, ৬ চট্টগ্রাম। বর্দ্ধমান বিভাগ ভাগীরথীর পশ্চিম ও গাঙ্গার দক্ষিণ; প্রেসিডেন্সি, রাজসাহী ও কুচবেহার বিভাগ বাঙ্গালার মধ্যবর্ত্তী এবং সমুদ্রকুল হইতে হিমালয় পর্যন্ত ক্রমশঃ বিস্তৃত; পূর্ব্ব-বাঙ্গালায় ঢাকা এবং চট্টগ্রাম বিভাগ। সমুদয় উড়িষ্যা প্রদেশ লইয়া এক কটক বিভাগ। বেহারে পাটনা ও ভাগলপুর ছুইটা বিভাগ আছে।

া বর্দ্ধান বিভাগে হিল্প ও মুসলমানদিগের সময়ের প্রধান বন্দর সপ্তথামের ভ্যাবশেষ আছে। প্রোতন রেদি বিভাগে বর্ত্তমান রাজধানী কলিকাতা, প্রাতন ছিল্পরাজধানী নবদ্বীপ এবং বাঙ্গালাব নবাবদিগের বাস্থান মুরশিদাবাদ অবস্থিত। রাজসাহী বিভাগে প্রাচীন গুর্মান নগরের ভ্যাবশেষ আছে। ঢাকা বিভাগে প্রাবিশ্ব আছে। ঢাকা বিভাগে পূর্ব্ব বাঙ্গালায় পূর্ববিলন রাজধানী হ্বর্ণ গ্রামের ভ্যাবশেষ আছে; যে ঢাকা নগরী হইতে এই বিভাগের নামকরণ হইয়াছে, তাহাও মুসলমানদিগের সময়ে কিছুকাল রাজধানী ছিল্। উড়িয্যায় কটক প্রধান নগর এবং পুরী মহাতীর্থ। বেহারে পাটনা, ভাগলপুর, গ্রাধ্ব বিভাগের আছে বিভাগের আছে

এ দেশের ভূমি প্রায় সর্ব্বেই সমতল ও উর্বরা।
কেবল উত্তরে হিমাচলের নিকটে, পূর্ব্বে চট্টগ্রাম
প্রদেশে, এবং দক্ষিণ বেহারে ও উড়িয়ার পূর্ব্বপ্রান্তে,
আর বীরভূম বাঁকুড়া প্রভৃতি স্থানে পাহাড় আছে।
উত্তর বেহার ও বাঙ্গালার প্রধান খাদ্য চাউল; কিন্তু
দক্ষিণ বেহারে ছাতু ও গোধ্মের অধিক ব্যবহার। পূর্ব্ব বাঙ্গালায় ও উত্তর বেহারে চাউল এত অধিক পরিমাণে জ্বেয়ে যে প্রতি বৎসর তথা হইতে বহু লক্ষ মণ বিদেশে যায়। পাট, রেসম, নীল, চিনি, লাক্ষা, চা, আফিং,
কুস্থমকুল প্রভৃতিরও অনেক রপ্তানি হইয়া থাকে।

স্থা বাদ্দালায় প্রায় সাড়ে ছয় কোটি লোকের বাস। ইহার মধ্যে প্রায় হ কোটি মুসলমান, প্রায় ২৫।:৬ লক্ষ সাঁওতাল পাহাড়িয়া প্রভৃতি অসভ্য জাতি, প্রায় এক লক্ষ বৌদ্ধ এবং এক লক্ষ খৃষ্টান; অবশিষ্ট ৪ কোটির অধিক হিন্দু। স্থবা বাদ্দালায় প্রধানতঃ তিনটী ভাষা প্রচলিত. ১ বাদ্দালা, ২ হিন্দি, ৩ উড়িয়া । বাদ্দালা ভাষী লোকের সংখ্যা প্রায় চারি কোটি, হিন্দি:ভাষীর সংখ্যা প্রায় ২ কোটি, উড়িয়াভাষীর সংখ্যা প্রায় র

প্রথম অধ্যায়। । আর্য্য-শাসনকাল।

• [আর্যাজাতি ৷-] — কোন্, জাতীয় লোকে প্রথমে বালালা, বেছার ও উড়িব্যাক্ষক্সাসিয়া বাস করে, র্বিঃ কোথা হইতে কখন্ তাছারা এখানে উপস্থিত হয়, স্থির করা ধার না। তবে ইছা একপ্রকার অবধারিত হইয়াছে যে অতি পূর্ব্বকালে সাঁওতাল পাছাড়িয়া প্রভৃতি অসভ্য জাতিই এ দেশে বাস করিত। পরে "আর্য্য" নামধারী হিন্দ্ররা তাছাদিগকে পরাজয় করিয়া এ দেশ অধিকার করেন। পরাজিত ব্যক্তিবর্গের মধ্যে কেছ কেছ জন্দেশ পাছাড়ে আশ্রয় গ্রহণ করিয়াছিল, কেছ কেছ বিজেতাদিগের দাসত্র স্বীকার করিয়াছিল। এতদ্দেশীয় বর্ত্তনান অসভ্য জাতিগণ এবং নিম্বশ্রেনীর হিন্দ্রগণ তাছাদ্দিগেরই সন্তান সন্ততি।

বান্ধান, ক্ষতির, বৈশ্য প্রভৃতি উচ্চ শ্রেণীর হিন্দ্ররা যে
বংশে জন্ম গ্রহণ করিয়াছিলেন, তাহাকে আর্থ্যবংশ
বলে । আর্থাদিগের আদিম বাসস্থল মধ্য-এসিয়া;
কর্মে টাহারা ভারতবর্ষ, পারস্থা, এবং ইউরোপথগু
অধিকার করেন। হিন্দু, পারসিক, গ্রীক, রোমক,
ইছংরেজ, ফরাসী, জর্মান, ক্যন, ওলন্দাজ, দিনেমার, পর্তুগ্রিজ্ব প্রভৃতি জাতি আর্থাবংশজাত।

্বি আধ্যাগন কথন্ এ প্রদেশে আগমন করেন, বলা বার না। উত্তর পশ্চিমপ্রদেশ অধিকার করিয়া পুর্বাঞ্চলে আসিয়া বাস করিতে তাঁহাদিপের যে অনেক সময় লাগিয়াছিল, তাহার সন্দেহ নাই।

[বৌদ্ধর্ম।]—মহাভারতে মগধ অর্থাৎ বেহারের পরাক্রান্ত রাজা জরাসস্কের উল্লেখ আছে। তৎকালা-বুৰ্ধি পুরাণে মগধের ব্যাজাদিগের নাম পাওয়া যায়।

খ্ট পূর্ব্ব ষষ্ঠ শতাব্দীতে মগধাধিপতি বিশ্বিসর ও অঞ্জীত-শক্তর রাজহকালে বুদ্ধদেব স্বীয় ধর্ম প্রচার করেন। বৃদ্ধদেবের নাম সিদ্ধার্থ। তাঁহার জন্মস্থান কপিলবস্তু। ভাঁহার পিতা শুদ্ধন কপিলবস্তুর রাজা ছিলেন; তাঁহার মাতার নাম মহামায়া। স্থাবংশীয় শাক্যকুলে বুদ্ধদেবের জন্ম ; এজন্য জাঁহাকে শাক্যসিংহ ও শাক্য-মুনি বলে। ব্যাধি, জ্বরা ও মৃত্যু অপরিহার্যা দেখিয়া তিনি সংসার ছঃখময় জ্ঞান করেন, এবং উনত্তিশ বৎসর বয়সে গৃহস্থাশ্রম পরিত্যাগ করেন। তিনি কিছুকান শিষ্যভাবে ব্রাহ্মণদিশের নিকটে জ্ঞানোপার্জ্জনের চেষ্টা করেন। পরে পঁয়ত্তিশ বৎসর বয়সে বুদ্ধ অর্থাৎ জ্ঞানী নাম ধারণ করিয়া স্বীয় মত প্রচার করিতে আরম্ভ করেন। তাঁহার মতে সর্ব্ব জীবের প্রতি দয়াই প্রধান ধর্ম। খ্রেটর জন্মের প্রায় পাঁচশত বৎসর পূর্বের অশীতি: বিৎসর বয়সে বুদ্ধদেবের মৃত্যু হয়।

নিশ্বংশ ও চন্দ্রগুপ্ত। —ব্দ্ধদেবের হৃত্যুর কিছু
কাল পরে নন্দ্রংশীয় রাজগা। মগধের সিংহাসনে
আরোহণ করেন। তাঁহারা নয়জনে একশত বৎসর রাজর
করেন। তাঁহাদিগের রাজর সময়ে ভুকন বিখ্যাত মহাবীর আলেক্জগুর পঞ্জাব প্রদেশ আক্রমণ করিয়া তত্রতা
প্রুরাজকে পরাজিত করেন, এবং সেইখানে চন্দ্রগুপ্তর
সহিত তাঁহার সাক্ষাৎ হয়। আলেক্জগুর ভারতবর্ধ
হইতে প্রত্যাসমন করিলে, চন্দ্রগুপ্ত মন্ত্রগাকুশল রাজনীতিবেতা চাত্রেরে, সাহায্যে নন্দ্রংশ ধংস করিয়া

মগদের রাজাসন অধিকার করেন ও আর্ধ্যাবর্ত্তের সম্রাট্
হন (৩১৫ খৃঃ পূ)। জালেক্জগুরের মৃত্যুর পরে
তদীয় সেনাপতি সেলুকস ভারতবর্ষ পুনরাক্রমণ করেন,
কিন্তু সংগ্রামে পরাজিত হইয়া ভারতবর্ধের উপর সমুদয়
দাওয়া পরিত্যাগ করেন এবং চন্দ্রগুপ্তের সহিত স্থীয়
কন্যার বিবাহ দিয়া মগধের রাজধানী পাটলীপুত্র নগরে
মেগান্থিনিস্ নামক একজন দূত প্রেরণ করেন। মেগাছিনিসের লিখিত বিবরগ হইতে এতদেশ সম্বন্ধে অনেক
কথা জানিতে পারা যায়। মেগান্থিনিস্ ও অন্যান্য
গ্রীকেরা ভারতবর্ষবাসীদিগের সাহস ও সত্যপ্রিয়তা
দর্শনে সাতিশয় প্রীত হইয়াছিলেন।

[অশোক।]—চন্দ্রগুষ্ঠের পরে তংপুত্র বিন্দ্রসার
ও তদনন্তর বিন্দ্রসারস্থত অশোকবর্দ্ধন বা প্রিয়দর্শী
মগধের রাজাহন। অশোক প্রথমে হিন্দ্র ছিলেন, পরে
বৌদ্ধর্ম অবলম্বন করেন। তাঁহার রাজত্বকালে বৌদ্ধদিগের একটা মহাসভা হয়, এবং বৌদ্ধর্ম বিস্তারার্থে
দূরদেশে প্রচারকগণ প্রেরিত হয়। বোধ হয় ভারতবর্ষের অধিকাংশ স্থানই মহারাজা অশোকের সামাজ্যভূক্ত হইয়াছিল। উড়িয়্যা হইতে পেশবার পর্যন্ত প্রস্তরস্তন্তে বা গিরিগাতে ক্ষোদিত প্রিয়দর্শীর আদেশাবলী
দৃষ্ট হয়। এই সকল পাঠ করিয়া জানা যায় যে যদিও তিনি
নিজে বৌদ্ধ হইয়াছিলেন, তথাপি সকল ধর্মের লোকের
প্রতি তাঁহার সমান যত্ন ছিল। তিনি জীবিহিঃসা
নিশ্বণ করেন, রাজবর্মের ধারে ধ্রারে রক্ষরোপণ ও

কূপখনন করান, এবং পীড়িত মন্নুষ্য ও জীবেয়[†]জন্য অনেক স্থানে চিকিৎসালয় সংস্থাপন করেন।

চক্দগুপ্ত, বিশ্বসার ও অশোক যে বংশে জন্মগ্রহণ করেন, তাহার নাম মৌর্যবংশ। অশোকের মৃত্যুর পরে মৌর্যবংশীয় আরও কয়েকজন রাজা হইয়াছিলেন। অনন্তর স্থদ, অন্ধ্র ও গুপ্ত বংশের রাজাগণ মগধের সিংহাসনে আরোহণ করেন। উল্লিদিগেরও বিলক্ষণ পরাক্রম হইয়াছিল।

[সিংহল বিজয়।]—সিংহলের ইতিহাসে বাঞ্চালার প্রথম প্রামানিক বিবরণ পাওয়া যায়। তাহাতে লিখিত আহে যে বন্ধদেশে সিংহবাত নামে এক প্রজা ছিলেন। তাঁহার জ্যেষ্ঠপুত্র বিজয়সিংহ প্রজাপীড়ন-দোষে নির্বা-সিত হইলে সাত শত সঙ্গী লইয়া অৰ্থপোতে আৱোহণ করিয়া সমুদ্রযাতা করেন; অনন্তর অনেক ক্লেশ সহ্য করিয়া লঙ্কাদ্বীপে উপনীত হন এবং তত্ত্তা অধিবাদী-দিগকে পরাজিত করিয়া সেথানকার রাজা হন। পরে বিজ্ঞয়ের মৃত্যু হইলে তদীয় ভ্রাতুষ্প,ভ্রু পাণ্ডুবাস বঙ্গদেশ হইতে বাইয়া লক্ষার সিংহাসনে অধিরত হইয়াছিলেন। পাণ্ড বাসই লঙ্কার রাজবংশের আদিপুরুষ; এবং সিংহ বংশের রাজ্য বলিয়া উক্ত দ্বীপের নাম সিংহল হইয়াছে। কথিত আছে যে, যে বংসর বুদ্ধদেব মানবলীলা সম্বরণ করেন, সেই বৎসরই বিজয় সিংহলে উপস্থিত হন। স্তুরাং জানা যাইতেছে যে খুটের জন্মের প্রস্তাচ শত বৎসর পূর্বের্ব বন্ধ দেশে আর্যাদিগের অধিকার

বিস্তার হইরাছিল, এবং তাঁহারা বর্ত্তমান ইংরেজদিগের ন্যায় সমুদ্রপথে যাত্রা করিয়া বিদেশ জন্ম করিয়াছিলেন।

[চীন পর্যাটক।] — সিংহল-বিজ্ঞাের পর বঙ্গদেশের বিষয়ে বহুকাল পর্যান্ত কিছুই জানা মায় না; কিন্তু খুটের জন্মের তৃতীয় শতাব্দী পূর্কের মগধের মৌর্যা-বংশীয় বৌদ্ধরাজগণ যেরূপ প্রবল হইয়াছিলেন, এবং পেরে তত্ততা অন্ধ্রবংশীয় ও গুপ্তবংশীয় নৃপতিগনের যে প্রকার পরাক্রম হইয়াছিল, তাহাতে বোধ হয় যে, সময়ে সময়ে বঙ্গীয় রাজগণ মগধের অধীন ছিলেন। চীনদেশীয় পর্যাটকদিগের ভ্রমণ ব্রতান্ত পাঠ করিয়া অবগত হওয়া যায় যে, খৃষ্ঠীয় পঞ্চম শতাব্দীর শেষে তাত্রলিপ্ত অর্থাৎ তমলুক একটা প্রধান বন্দর ছিল, এবং তথা হইতে এদেশীয় লোকে সমুদ্রপথে সিংহলাদি দূরদেশে গমনা-গমন করিত। খ্রম্টীয় সপ্তম শতাব্দীতে এদেশে বিজি, मगंध, हम्ला, लोखरर्क्नन, ममउहे, जीत्क्रज, कमनाइ, কিরণস্থবর্ণ, তাম্রলিশু, ওড়ু প্রভৃতি কয়েকটী ক্ষুদ্র স্বাধীন রাজ্য ছিল; এবং অনেক স্থলে কান্যকুজাধিপতি হর্ষ-বৰ্দ্ধন রাজচক্রবর্ত্তী বলিয়া পরিগণিত হইতেন। *

[পালবংশ।]-অতংপর খ্টীয় নবম শতাকীর

^{*} বিজি মিথিলা বা তিরক্ত; মগধ পাটনা; চম্পা ভাগলপুর; পৌগুরন্ধন বর্ত্তমান গোড় বা পাণ্ড্রা; সমতট বঙ্গ;
জীক্ষেত্র জীহটু; কমলাস্ক কমিলা বা তিপুরা; কিরণসূবর্ণ
সুবর্ণ-রেখা নদীর ভারবৃত্তা এবং নিংহভূম ও বীরভূম প্রদেশের কোন ছলে অবস্থিত; তামুলিশু তমলুক; ওডু উড়িষ্যা।

প্রারম্ভে এদেশে একটা পরাক্রান্ত রাজবংশ লক্ষিত হয়। এই বংশীয়েরা "পাল "নামধারী ও বৌদ্ধ-ধর্মাবলম্বী ছিলেন। কিন্তু ইহাঁরা সংস্কৃতের আদর করিতেন এবং হিন্দুদিগের প্রতি মমতা দেখাইতেন; এমন কি, ইহাঁরা প্রাহ্মণ মন্ত্রীদ্বারাই রাজকার্য্য নির্ব্বাহ করিতেন। পাল-বংশের প্রথম রাজা ভূপাল বা লোকপাল; তৎপুত্র ধর্মপাল হিমালয় প্রদেশে যুদ্ধ করিতে গিয়া নিহত হন। ধর্মপালের ভাতুষ্পুত্র দেবপাল অনেক রাজ্য জয় করিয়া মহারাজাধিরাজ উপাধি গ্রহণ করিয়াছিলেন, এবং তিনি সমুদয় ভারতবর্ষের সমাট্ বলিয়া কীর্ত্তিত। উত্তর কালে এই বংশে মহীপাল নামে একজন রাজা হহীয়াছিলেন; তিনি বৃহৎ বৃহৎ জলাশয় খনন করাইয়া প্রতিষ্ঠা লাভ করিয়াছিলেন। দিনাজপুরের মহীপালদীঘি অদ্যাপি ঠাঁহার নাম ঘোষণা করিতেছে। পালবংশীয় ১২।১৩ জন রাজার নাম পাওয়া যায়; কিন্তু তাঁহাদিগের মধ্যে কে কথন রাজত্ব করেন এবং কে কি কার্য্য করেন অদ্যাপি নির্ণীত হয় নাই। দিনাজপুর, বুদ্ধগরা, বারাণসী এভৃতি স্থাবে ঠাঁহাদিগের অনেক কীর্ত্তি দেখা যায়, এবং **তাঁহার আপনাদিগকে গৌড়াট্রিপ বা গৌড়েশ্ব**র বলিয়া বর্ণনা করেন। বাঙ্গালা ও বেহার উভয়ই যে তাঁহাদিগের অধিকারে ছিল, এবং সময়ে সময়ে অন্যান্য স্থানের ভূপতিরা যে তাঁহাদিগের অধীনতা স্বীকার করিয়াছিল, তদ্বিষ্ণাে সন্দেহ নাই।

[আদিশ্র I] — পা**র**বংশের রাজ্য কিরূপে গেল,

নিশ্চয় করিয়া বলা যায় না। হিন্দুধর্মের প্রতি লোকের অধিক মতি হওয়া, বোধ হয়, ইহার একটা কারণ। যাহা হউক, পূর্ব্ধবান্ধানায় হিল্পধানিলয়ী চন্দ্রবংশীয় "সেন" রাজারা প্রবল হইয়া উঠিলেই যে পালবংশের প্রভাব ় বিলুপ্ত হয়, তাহাতে সংশয় নাই। সেন বংশের প্রথম রাজা বীরদেন বা শূরদেন, এবং প্রথম রাজা বলিয়া ওাঁহাকে আদিশ্র বলে। আদিশ্র রাজা হইয়া দেখিলেন যে বৌদ্ধদিগের অধিকারকালে লোকে হিল্পধর্মের অনেক ক্রিয়াকলাপ ভুলিয়া গিয়াছে। এ নিমিত্ত তিনি কান্য-কুজ হইতে সদ্বিদ্যাশালী ব্ৰাহ্মণ আনাইতে দূত প্ৰেৱন করিলেন। "কানাকুজাধিপতি পাঁচ জন ব্রাহ্মণ পাঠাইয়া , मिलन। डाँशिंगित नाम और्य, इंग्रेनातायन, मक, ্বেদগভ ও ছান্দড়। ই হারা সকলেই প্রসিদ্ধ পণ্ডিত; ্জীহর্ষ "নৈষধচরিত" এবং "খণ্ডনখণ্ডখাদ্য" রচনঃ নকরেন। ভটনারায়ণ " বেনীসংহার " প্রণেতা। অপর ্তিন জনের লিখিত কোন গ্রন্থ পাওয়া যায় নাই। ত্রীহর্ষ ভারদ্বাজ গোত্রজ; ভট্টনারায়ণ শাণ্ডিলা; দক্ষ কাশ্যপ ; বেদগভ সাবর্ণ ; ছান্দড় বাংস। এই পাঁচ জন হইতেই বাঙ্গালার শ্রেষ্ঠ, ব্রাহ্মণদিগের জন্ম; এবং ইঁহাদিগের সঙ্গে যে পাঁচ জন সহচর আসিয়াছিল. তাহাদিগের সন্তানেরাই বাদ্বালার প্রধান কায়স্থ। আদিশ্র বা বীরসেনের রাজ্যারন্ত খৃঞ্চীয় দশম শতাব্দীর শেষ ভাগে ঘটে।

বীরসেনের পুত্র সামস্তদেন এবং পৌত্র ছেমন্তদেনের

রাজত্বসময়ে উল্লেখযোগ্য কোন ঘটনা দেখা যায় না; কিন্তু লিখিত আছে যে তাঁহার প্রপৌল্র বিজয়দেন কামরূপ, গৌড় ও কলিঞ্চ জয় করেন।

বিল্লাল সেন।]—সেনবংশীয় রাজাদিগের মধে। বল্লালমেনই সর্ব্বাপেক্ষা বিখ্যাত। তিনি "দানসাগ্র ''* নামক সংস্কৃত গ্রন্থ রচনা করেন; ঐ গ্রন্থে তিনি আপ-নাকে বিজয়সেনের পুত্র ও হেমন্তসেনের পৌত্র বলিয়া পরিচয় দিয়াছেন। আইন আকবরীর মতে তিনি ১০৬৬ খন্টাব্দে রাজসিংস্থাসনে আরোস্থা করেন। তিনি এতদেশীয় ব্রাহ্মণ ও কায়স্থদিগের কৌলীন্সমধ্যাদ্য সংস্থাপন করেন, এবং বাঙ্গালা দেশ নিমলিখিত পাঁচ প্রদেশে কিভক্ত করেন; ১ রাচ, ২ বরেন্দ্র, এ বাগড়ি, ৪বন্দ, ৫ মিথিলা। বান্দালার যে ভাগ ভাগীরগীর পশ্চিম ও গলার দক্ষিণ তাহার নাম রাচ। যে ভাগ পদার উত্তর এবং করতোয়া ও মহানন্দার মধ্যবর্তী, তাহার নাম বরেন্দ্র। যে ভূভাগ পদ্মা এবং ভাগীরখীর মধ্যস্থিত, তাহার নাম বাগড়ি। করতোয়া এবং পদ্মার পূর্ব্বপার্যন্ত প্রদেশের নাম বন্ধ ; এবং মহানন্দার পশ্চিমে মিথিলা। কিঞ্চিৎ বিবেচনা করিয়া দেখিলেই বোধ হইবে যে প্রধানতঃ রাচ্ প্রদেশ লইয়া বর্ত্তমান বর্দ্ধমান বিভাগ; বরেন্দ্র লইয়া রাজসাহী এবং কুচবেহার

^{* &#}x27;'সময় প্রকাশ' নামক সৎস্কৃত গুদ্ধ পাঠ করিয়া জানা যায় যে, বল্লালসেন দেব কর্তৃক ১০১৯ শকানে (অর্থাৎ ১০৯৭ পৃষ্টান্দে) দানসাগর রুচিত।

বিভাগ; বন্ধ লইরাই ঢাকা ও চট্টগ্রাম বিভাগ; বাগড়ি লইরা প্রেসিডেন্সি বিভাগ; এবং মিথিলা বেহারের অন্তর্গত। বল্লালের দেশবিভাগ অন্সারে ভিন্ন ভিন্ন শ্রেণীর ব্রাহ্মণ এবং কারস্থ হইরাছে। তিনি নানা কার্য্যে ব্যাপৃত থাকিরা প্রায় ৩৫ বংসর রাজত্ব করেন। তিনি স্থবর্ণগ্রাম, গৌড় ও নবদ্বীপ এই তিন্টী রাজধানী করিয়াছিলেন, এবং যখন যেখানে থাকিতে ইচ্ছা হইত সেই খানেই থাকিতেন।

বল্লালদেনের পুল লক্ষণদেনও এক জন প্রসিদ্ধ রাজা। লিখিত আছে যে তিনি বারাণমী, প্রয়াগ এবং ্ঞীক্ষেত্রে বিজয়স্তম্ভ সংস্থাপন করেন। মিথিলায় অদ্যাপি মহারাজ লক্ষানেরে অব্দ প্রচলিত আছে। উহার চিহ্ল " লসং "। মাঘ মানে উহার বৎসবারত্ত হয়। ১৮৭৫ খফীব্দে ৭৬৭ লক্ষ্মণ সংবৎ চলিতেছিল। স্বতরাং জানা .'বা≷তেছে যে ১১০৮ খৃষ্ঠানে লক্ষণসেন রাজত্ব করিতে-ছিলেন। তাহার মন্ত্রী হলায়ুধ "বাক্ষান্সর্বস্থা" নামক শ্রতি গ্রন্থ রচনা করেন; এবং ওঁহোর সভায় থাকিয়া জ্বাদেৰ " গীতগোবিন্দ " প্রনায়ন করেন। " গীতগোবি-ন্দের " কায় অ্মগুর গীতকাব্য সংক্ষত ভাষায় আর নাই। জন্মদেব অজন্মনদতীরবর্তী কেন্দবিল বা কেন্দ্রলি থামে জন্ম গ্রাহণ করেন। সে গ্রামে অদ্যাপি জয়দেবের মেলা হয়। লক্ষণ দেনের সভায় জগদেব ব্যতীত আরও তিন জ্ঞন প্রসিদ্ধ কবি ছিলেন। তাঁহাদিগের নাম উমাপতি ধর, শরণ ও গোলর্জ নআচার্য্য।

বোধ হয় লক্ষণ সেনের রাজস্কালই সেন বংশের রাজ্যবিস্তৃতির চরম সীমা। কিন্তু যদিও সেনবংশীরেরা বিলক্ষণ পরাক্রমশালী হইয়াছিলেন, তথাপি পালবংশের ক্ষমতা একেবারে বিলুপ্ত হয় নাই। বুদ্ধগরার ক্ষোদিত লেখ্যসকল দেখিয়া জানা যায় যে পালবংশীর ভূপতিরা হীনপ্রভ হইয়া মগধে রাজস্ব করিতেছিলেন।

িবাঙ্গালা বিজয়।] – লক্ষণসেনের পরে তদীয় ত্রই পুত্র মাধবদেন ও কেশবদেন যথাক্রিমে রাজসিংহাসনে অধিরোহণ করেন ; এবং তদনন্তর ১১২৩ খৃন্টাব্দে ভূমিষ্ঠ হইয়াই লাক্ষানেয় বান্ধালার রাজা হন। ওঁহোর বয়স যখন অশীতি বৎসর এবং তিনি গদাতীর ৭তী নবদীপে অবস্থিতি করিতেছিলেন, তখন মগধ রাজ্য ধংস করিয়া বশ্তিয়ার খিলিজী নামক মুসলমান সেনাপতি বঙ্গদেশে আসিতেছেন এই সংবাদ পৌছিল।* পণ্ডিতেরা বলিলেন যে শাস্ত্রে লেখা আছে, মুসলমানদিগের জয় হইবে। স্বতরাং অনেক প্রধান প্রধান অমাত্য আপনা-দিগের সম্পত্তি লইয়া পূর্বে বাঙ্গালায় প্রস্থান করিলেন। পর বংমর বখ্তিয়ার একদল দেন। সজ্জীকৃত করিয়া বেহীর হইতে অগ্রসর হইলেন এবং সহসা এরপ বেগে নবদ্বীপের নিকটে উপন্থিত হইলেন যে কেবল ১৮ জন অশারোহী মাত্র তাঁহার সদী হইতে পারিল, তদনন্তর

^{*} ১২ - ২ খৃফীজে বশ্ভিয়ার দুই শত দৈন্য লইয়া নির্বি-বাদে বেহার অধিকার করেন। রাজা মুসলমানদিগের ভয়ে রাজধানী পরিভাগে করিয়াছিলেন।

অন্ত সৈক্সচয় পৌছিল। সমুদ্য সেনা উপস্থিত হইলে নবদীপ অধিকৃত হইল; এবং রদ্ধ ভূপতি নৌকাপথে প্রায়ন করিলেন (১২০৩ খৃঃ অব্দ)।

[দেশের অবস্থা।]—নবদ্বীপের সদ্ধে সদ্ধে বাদ্ধালার উত্তর পশ্চিম ভাগ মুসলমানদিগের হস্তগত হইন।
লাক্ষানেয় "বন্ধ " প্রদেশে আত্রয় গ্রহণ করিলেন, কিন্তু
অপ্পদিন মধ্যেই মৃত্যুমুখে পতিত হইলেন। ঠাঁহার
সন্তান সন্ততিগণ দক্ষিণ এবং পূর্বে বাদ্ধালায় সপ্তগ্রাম
ও স্থবর্ণগ্রাম রাজধানী লইয়া রাজত্ব করিতে লাগিল।
এইরপে রাতৃ ও বাগড়ি এই ছুই বিভাগের দক্ষিণাংশ
এবং "বন্ধ " প্রদেশ প্রায় আর এক শত বংসর স্বাধীন
ছিল, অনস্তর মুসলমান রাজ্যভুক্ত হয়।

প্রাচীনকালে বেহারের বিলক্ষণ গৌরব ছিল।
এখানে রাজর্ধি জনকের নিকটে যাজ্ঞবল্ক্য প্রভৃতি মুনিগণ আত্মতত্ত্ব শিক্ষা করিতে আদিতেন; এখানে স্থায়,
সাংখ্যা, ও বৌদ্ধ মতের প্রথম প্রাত্মভূতি বং এখানে প্রাচীন
জ্যোতির্বিদ্ আর্থ্যভট্টের জন্ম; এবং এখানকার ভূপতিগণ অনেক সময়ে ভারতবর্ষের রাজচক্রবর্তী ছিলেন।

সেনবংশের রাজহকালে বদ্দীয় সমাজবন্ধনের স্থাত্র পাভ হয়। সমাজপতি ব্রাহ্মণ ও কায়স্থাণ আনীত হইলেন।কৌলীয়প্রথা সংস্থাপিত হইল, এবং তৎসদ্ধে বহুর্বিবাহ ও ক্যাবিক্রয়ের বীজ রোপিত হইল; কার্ম এক দিকে যেমন কুলীনেরা স্বঞ্জেণীস্থ ও নিম্নশ্রেণীস্থ কন্তা পাইয়া অনেক বিবাহ করিবার স্থবিধা দেখিলেন, তেমনই অপর দিকে নিম্নশ্রেনীস্থ পুরুষগণ স্বর্ণা কুমারীবর্গের সংখ্যা হ্রাস হেডু বিবাহের পাত্রী পাওয়া হন্ধর দেখিয়া অর্থ দ্বারা স্ত্রীক্রয় করিতেও প্রস্তুত হইলেন।

কুলীনের লক্ষণ দেখিয়া লোগ হয় যে, সমাজে জ্ঞানী এবং সচ্চরিত্র ব্যক্তিবর্গের মান বাড়াইবার নিমিত্তই কোলীন্ত মর্য্যাদার হৃঠি হইয়াছিল। কুলীনের যে নয়টী ওগ * চাই, সেগুলি সামান্ত লোকের থাকে না। কিন্তু কালে কৌলীন্ত গুণসাপেক্ষ না থাকিয়া কেবল বংশগত হওয়াতে অনেক বিষময় ফলোৎপত্তির হেতু হইল।

এ দিকে আবার জ্রীহর্ষ ও ভট্টনারায়নের প্রস্থানিচয়ে
দর্শন ও কাব্য চর্চার পথ খুলিল; এবং জয়দেবের
গীতগোবিন্দে বন্দার বৈষ্ণবধর্মের প্রথম তান বাজিল।
আদিশ্রের আনীত পঞ্চ পণ্ডিত এবং তাঁহাদিগাের সন্তানসন্ততিগণের প্রভাবে লােকের ভাষাও কিয়ৎ পরিমাণে
সংস্কৃতামুযায়ী হইতে লাগিল।

সেনরাজারা কেবল বিল্যোৎসাহী ছিলেন, এমন নছে; হাঁহারা স্বয়ং বিদ্যাচচ্চা করিতেন। বল্লালসেন, লক্ষণ-সেন, মাধবসেন, ও কেশবসেনের রচিত কবিতা অদ্যাপি পাওয়া যায়।

সেনবংশীয় রাজাদিগের যে করেক থানি অভ্নাসন পত্ত দেখা গিয়াছে, তৎপাঠে জানা যায় যে ওঁছোরা

 ^{*} আচারোবিনীয়োবিদ্যা প্রতিষ্ঠা তীর্থনর্শনং।
নিষ্ঠাবৃত্তি স্তপোদানং নবধা কুললক্ষণয়॥

জনেকেই শৈব ছিলেন। * বোধ হয় তৎকালে শৈব ধর্মই এদেশে প্রবল ছিল। কেবল বাঙ্গালায় নহে, ভারতবর্ধের জন্যান্ত প্রদেশেও এইরপ দৃষ্ট হয়। বৌদ্ধর্ম পরিত্যাগকালে সর্বত্তই শৈব ধর্মের উন্নতি হইয়াছিল। কেহ কেহ অনুমান করেন যে শিব ও শক্তির উপাসনা অনার্যাজাতিদিগের পুরাতন ধর্ম, এবং উহার সহারতা অবন্ধন করিয়াই বান্ধণেরা বৌদ্ধর্মের বিনাশ সাধন করেন।

দ্বিতীয় অধ্যায়।

পাঠান শাসনকাল (পরতন্ত্র)।

[মহমদ।]—মহমদ মুসলমান ধর্মের সংস্থাপক।
তিনি ৫৭০ শৃষ্টাব্দে আরব দেশে মকানগরে জন্মগ্রহণ
করেন এবং একমাত্র ঈশ্বরের উপাদনা বলদারাও প্রচার
করা বিধেয়, এইরপ উপদেশ দিয়া স্থাদেশীয় লোকদিগকে ধর্মযুদ্ধে প্রব্রুত্ত করান। ঠাহার মৃত্যুর (৬৩২
খঃ আঃ) অপ্পকাল পরেই মুসলমান ধর্ম সিজুনদের
পশ্চিমতীর পর্যন্ত বিস্তৃত হইরাছিল।

মুসলমানেরা অর্থলোভে বা ধর্মপ্রচারীর্থে মধ্যে মধ্যে ভারতবর্ধ আক্রমণ করিত। উহাদিগের মধ্যে সর্ব্বাপেক্ষা প্রসিদ্ধ গজনী নগরীর স্থলতান মামুদ্ধ। তিনি দ্বাদশ বার ভারতভূমি লুঠন ও অনেক দেবমূর্ত্তি ধংস করেন; কিন্তু তিনিও বৃদ্ধদেশ পর্যান্ত আদিতে পারেন নাই।

রাজালক্ষণদেন বৈফাব ছিলেন।

অনন্তর, আফ্গানস্থানের অন্তর্গত খোরপ্রদেশস্থ সাহেব উদ্দিন মহম্মদ (১১৯৩ খ্যুটান্দে) দিল্লীশ্বর পৃথীরার ও অন্তান্ত হিন্দ্রাজাদিগকে থানেশরের যুদ্ধে পরাজিত করিয়া দিল্লী নগরী অধিকার করিলেন এবং তথায় কুত্রুদ্দিন নামক এক জন সেনাপতিকে আপনার প্রতি-নিধি রাখিয়া গোলেন। কুত্রব রাজ্যকৃদ্ধি করিতে লাগি-লেন। ক্রমে রাজপুতানার কিয়দংশ এবং অযোধা। ভাঁহার হস্তগত হইল।

বিশ্তিয়ার খিলিজী। — অযোধন প্রদেশে যে সকল
মুসলমান সৈন্তাধ্যক্ষণণ প্রেরিত হইয়াহিলেন, তম্বধ্য
মহম্মদ বশতিয়ার নামক খিলিজাবি•শার•একজন মুবক
বিশেষ খাতিলাভ করেন। তিনি পরে মগধরাজ্য
অধিকার করিয়া রাজালা আক্রমণ করিবার অহ্মতি
প্রাপ্ত হন। হিলপে বাজালা বিজয় কার্য সমাধা ছয়,
পূর্ব্বে বর্লিত হইয়াতে।

বখতিয়ার অধিকত প্রদেশ ছুই ভাগে বিভক্ত করেন।
বাগড়ির কিয়দংশ এবং বরে দচ্মি লইয়া এক ভাগ;
দিনাজপুর সমিহিত দেবলোট ইহার রাজধানী। রাচ্
এবং মিথিলার কিয়দংশ লইয়া অপর ভাগ; রাজধানী
গোড় বা লক্ষনাবতী। উত্তরপ্রদেশক হিন্থরাজাদিগের
অক্তিমন নিবারনার্থ বখতিয়ার রম্পুরের ছুর্গ নির্মান
করেন; এবং কুচবেহারের রাজার সহিত বন্ধুত্ব করিয়া
কৃমরপ এবং তিবতে অধিকার করিতে অথসর হন।
কিন্তু কামরপের রাজার সহিত যুদ্ধে তাঁহার অধিকাংশ

দৈন্য বিনষ্ট হয়; এবং কতিপয় সহচর সদ্দে দেবকোটে প্রত্যাবর্ত্তন করিয়া তিনি অপ্পদিন মধ্যে মৃত্যুমুখে পতিত হন।

ি গায়দ উদ্দিন।]—বংতিয়ারের মৃত্যুর পরে থিলিজী-বংশীয় কয়েক জন সেনাপতি ক্রমে ক্রমে এ দেশের শাসনকর্তা হইয়াছিলেন; তন্মধ্যে স্থলতান গারদ্ উদ্দিনই দর্কাপেক। বিখ্যাত। তিনি বীরভ্যাত লফ্লুর হইতে গৌড় দিয়া দেবকোট পর্যান্ত রাস্তা প্রস্তুত করান এবং অট্টালিকা নির্মাণ দ্বারা গোড় নগর স্থাে-ভিত করিয়া তথায় বাদ করেন; কামরূপ, মিথিলা এবং উভিয়ার রাজাদিগকে তিনি কর দিতে বাধ্য করিয়াছিলেন; এবং হিন্দু মুসলমান ভেদে বিচারের ভারতম্য করিতেন না। ভিনি পরিশেষে দিল্লীশ্বর স্থল তান আন্তমাসের অধীনতা অস্বীকার করেন, এজন্ম স্বতান তদ্বিৰূদ্ধে আপনায় দ্বিতীয় পুত্ৰ নাসিক্দিনকে প্রের। করেন। গায়দ্উদিন দমরে পরাজিত এবং নিষ্ঠ হন (১২২৭)।

তুগন্থা। । -- নাসিকদ্দিন কি কুকাল গোড়ে শাসন কর্ত্ব করিয়াই পঞ্চঃ প্রাপ্ত হন। তদনতর দিল্লী ছইতে ক্রমে ক্রমে তিন জন শাসনকর্তা নিয়ুক্ত হইন। ছিলেন। তৃতীরের নাম তুগন্থা, তাঁহার সময়ে উড়ি-যার রাজা বাদালা আক্রম। করিয়া গৌড়নগর অবরোধ করেন। তুগন্থার প্রার্থনাত্সারে দিল্লীধরের আদেশে অযোগ্য হইতে সাহায্য আসায় উড়িয়ারা স্বদেশে প্রত্যাবর্ত্তন করে।

কুগন খাঁর পরবর্ত্তী তুগ্রল খাঁ নামক একজন শাসন-কর্ত্তা প্রতিশোধ লইবার ইচ্ছার উড়িবা। আক্রমণ করেন। ফুইবার যুদ্ধে জরলাভ হইলেও, তৃতীর যুদ্ধে তিনি পরা-জিত হইয়া পলায়ন করেন; পরে কামরূপ আক্রমণ করিয়া বন্দীকৃত ও নিহত হন (১২৫৮)।

মুগিদ্উদ্দিন। - ইহার কিহুকাল পরে আমিন নামে এক ব্যক্তি গৌড়ের শাসনকর্ত্ত্ব পদে নিযুক্ত হন, তুপ্রন্দামক ঠাঁহার একজন নামেব ছিলেন। সম্রাট বেলিন অত্যন্ত গীড়িত এই সংবাদ শুনিয়া তুপ্রল বিদ্রোহী হইয়া শাসনকর্ত্তাকে বন্দী করেন এবং স্থলতান মুগিস্থাদ্দিন নাম ধারন পূর্ব্বক স্বাধীনতা অবলম্বন করেন (১২৭৯)। দিল্লীপ্র ঠাঁহাব বিক্দ্বে ক্রমে ক্রমে ছই দল সৈক্ত পাচান; কিন্তু তাহার। পরাজ্যিত হয়। এ নিমিত্ত বেলিন স্বয়ং বালাল। আক্রমন করেন। তুপ্রল ত্রিপুরাভিমুপ্রে পলায়ন করেন, কিন্তু পথিমধ্যে আক্রান্ত ও বিনফ্ট হন (১২৮২ খ্রঃ অ)। অনন্তর বেলিন্ স্বায় দিতীয় প্রভক্তে নাসিক্টিদ্দিন উপাধি দিয়া বালালার শাসনকর্ত্তা করেন। বেলিন্ তুপ্রলের অন্সর্গ-সম্ব্রে স্বর্গগ্রাদ্বির স্থানের স্বাধীন হিন্দ্রাজাদিগের সাহায্য পাইয়াছিলেন।

নিসিক্দিন IJ—কিছু দিনান্তর নাসিক্দিনের জ্যেষ্ঠ ভাতার মৃত্যু হওয়ায়, তিনি দিল্লী সামাজ্যের উত্তরাধি-কারী হন; কিন্তু তিনি উক্ত গুৰুভার বহন করিতে

অনিচ্ছা প্রকাশ করেন। পরে তদীয় পুদ্র কৈরুবাদ সমাট হছলেন এবং তিনি স্বয়ং গৌড়ে রাজ্য করিতে লাগিলেন। কৈকৃবাদ ক্রমে অত্যন্ত চ্ক্রিয়াসক্ত হইয়া গড়িলেন; নাসিকদিন ঠাঁহাকে উপদেশ দিয়া পত্ৰ লিখিলেন; ইহাতে যে মন্ত্ৰী তাঁহাকে মন্দ পথে লইয়া যাইতেছিল, তাহার মন্ত্র।ায় তিনি পিতার বিৰুদ্ধে যুদ্ধ-যাত্রা করিলেন। উভয়ের সৈত্র নিকটবর্ত্তী হইল। কিন্তু इमिन किंदुई इहेल ना। जुजीय मिनरम नामिकिमिन সম্রাটের সহিত সাক্ষাৎ করিবার প্রার্থনা করিয়া পত্র निश्चितन। मञ्जो रेककूर्याम्हक श्राम्त मधामा दका করিতে শিক্ষা দিল। পুল সিংহাসনে আসীন হইলেন, পিতা ছুবার কুর্নিস করিলেন, তিনবার করিতে যাইতে-ছেন এমন সময়ে কৈকুবাদ সিংহাসন হইতে নামিয়া পিতাকে আলিন্ধন করিলেন এবং তাঁহার নিকটে ক্ষমা প্রার্থনা করিলেন; অনন্তর পিতাকে সিংহাসনে বসাইয়া আপনি নীচে বসিলেন। পিতাপুত্রে মিলন হইল। নাসির পুলকে সত্নপদেশ দিয়। বাদ্বালায় প্রত্যাবর্ত্তন পূর্বক কিয়ৎকাল রাজ্যশাসন করিয়া মানবলীলা সম্বরণ করিলেন (১১৯১ খঃ অ); কৈকুবাদ জিলালুদিন খিলি-জীর হস্তে রাজ্য ও প্রান হারাইলেন (১২৯০)।

কৈকায়ুস্ এবং ফিরোজ সা নামক নাসিকদ্দিনের প্রুম্বর যথাক্রমে গৌড়ে রাজহ করেন। ফিরোজ সার সময়ে তৎপুত্র বাহাহ্র সা পূর্ব্ব বাজালা অধিকার করে,ন। ১৩১৭ বা ১৩১৮ সালে ফিরোজ সার মৃত্যু হয়; এবং তাঁহার জ্যেষ্ঠ পুত্র সিহারুদ্দিন লক্ষ্মণাবতীর সিংহাসনে আরোহণ করেন। কিন্তু অপ্পকাল পরেই বাহাত্তর সিহারুদ্দিনকে গোড় হইতে তাড়াইরা দেন। সিহারুদ্দিন দিল্লীশ্বর গায়স্থাদিন তোগলকেব শর।পিন্ন হন; কিন্তু ইহার পরে তাঁহার কি হইল, জানা যায় না। সম্রাট বাজালায় আসিয়া সিহারুদ্দিনের তাতা নাসিক্দ্দিনকে শাসনকর্ত্ব প্রদান করেন এবং বাহাত্তরকে বন্দী করিয়া দিল্লী লইয়া যান।

কিছু দিন পরে মহমদ তোগলক দিল্লীশ্বর হইয়া (১৩২৫) বাহাছর সা ও বহরম থাঁর প্রতি পূর্ব্ব বাদালার শাসনভার প্রদান করেন; এবং প্রার তৎকালেই কদর থাঁ লক্ষনগবতীর ও আজম উলমূলক সপ্তগ্রামের শাসনকর্ত্বর পদে নিযুক্ত হন। কিন্তু বাহাছর অত্যপ্প কাল মধ্যেই স্বাধীন রাজাদিগের হ্যায় মন্তকে শ্বেতছত্র ধারণ এবং স্বনামে মুদ্র। প্রচার করিতে আরম্ভ করিলেন; এ নিমিত্ত সম্রাট তদ্বিক্দের সসৈন্তে যাত্রা করিয়া তাঁহাকে পরাজিত ও নিহত করিলেন (১৩৩১); এবং বহরম থাঁকেই স্বর্গ্রামের শাসনকর্তা রাধিয়া গোলেন। তোগলকের প্রস্থানের পর অনেক গোলযোগ উপস্থিত হইল; এবং অপ্পকাল মধ্যেই বাদালার স্বতন্ত্র মুসলমান রাজ্য সংস্থাপিত হইল।

[মন্তব্য।]—এ পর্যান্ত যে সকল পাঠান শাসনকর্তা-দিগের উল্লেখ হইল, তাঁছাদিগেব মধ্যে অনেকেই মুখে দিল্লীর প্রভূত্ব স্বীকার করিতেন, কিন্তু কার্য্যে প্রায় স্বাধীন ছিলেন। কেহ কেহ প্রকাশ্যরপে স্মাটের অধী নতা অস্বীকার করিতে গিয়া বিলক্ষণ প্রতিফল পাইয়া ছিলেন। তাঁহাদিগের শাসনকালে কথন কথন অরাজকতা উপস্থিত হইত, সন্দেহ নাই; কিন্তু রাস্তা নির্মাণ প্রভৃতি শুভকর কার্যান্ত মধ্যে মধ্যে অন্তর্কিত হইত। বাঙ্গালার পূর্ব এবং দক্ষিণাংশ তাঁহাদিগের হস্তগত হইলে, তাঁহারা সমস্ত প্রদেশটির নাম বাঙ্গালা রাখেন। লগ্মনাবতী, স্বর্ণগ্রাম এবং সপ্তগ্রাম যথাক্রমে পন্তিল, পূর্বে এবং দক্ষিণ বিভাগেব রাজধানী ছিল। বর্খতিয়াম বিলিজীর সমা হইতে ১৩৩০ খৃষ্টান্দ প্রত্য অমুদ্র দক্ষিণ বেহার ও কান কথন সারণ প্রত্য উত্তর ব্রহার প্রদেশ বাঙ্গালার শাসনকর্নাদিগের অধিকারে হিন।

ু ভূতীয় অধ্যার।

পাঠান শাসনকাল (স্বতন্ত্র)।

[সামস্থদিন।]—স্বর্ণগ্রামের শাসন-কর্ত্তা বহরম খার মৃত্যু হইলে পর তদন্তর ফকিফদ্দিন পূর্বে বাঙ্গালায় শ্বাধীনতা পতাকা উড্ডীন করেন (১৩৬৮); এবং তিনি দশ বুংসর রাজত্ব করিয়া গতাস্থ হইলে, তংপুত্র মুজ্ঞা-ফর গাজিসা সিংহাসনে আরোহণ করেন। এ দিকে পশ্চিম বাঙ্গালায় আলি উদ্দিন আলি সা স্বতহ্বতা অব- লম্বন করিয়া গৌড়সনিহিত পাণ্ডু যায় স্বাজধানী করেন; এবং সামস্থাদিন ইলিয়াস সা তাঁহার প্রতিদ্বনী হন (১৩৩৯)। উভয়ে অনেক যুদ্ধ হয়। পরিশেষে আলিসা পরাস্ত ও নিহত হন, এবং পাঞ্যা ইলিয়াদের হস্তগত হয় (১৩৪৫)। কয়েক বংসর পরে সামস্থাদন পূর্ব-বাঙ্গালা আক্রমণ করিয়া অধিকার করেন (১৩৫২)। অনন্তর তিনি পশ্চিমে বারাণদী পর্যান্ত রাজ্য বিস্তার করিতে চেষ্টা করেন ; এ নিমিত্ত সমাট্ তৃতীয কিলোজ সাহ তদিৰুদ্ধে যাত্ৰা করিয়া পাণ্ডুয়া অধিকার করেন। সামস্থদিন পাণ্ডুয়া হইতে ১১ ক্রোশ দূরে একদলা নামক হুর্নে আত্রয় গ্রহণ করেন, এবং সমাট্ উক্ত হুর্ন অব-বোধ করিয়া যথন দেখিলেন যে সহজে উহা হস্তগত হইবে না, তখন সন্ধি করিয়া প্রস্থান করিলেন (১৩৫৩)। অস্পকাল পরে বাদদাহ বান্ধালার স্বাধীনতা স্বীকার করেন (১৩৫৭)। এই সময়ে বাঙ্গালা রাজ্যের সীমা গণ্ডক নদ পৰ্য্যন্ত বিস্তৃত হইয়াছিল।

[সেকন্দর সা।]—সামস্থানিনের মৃত্যুর পরে (১৩৫৮) তাঁহার জ্যেষ্ঠপুত্র "সেকন্দর সা" উপাধি গ্রহণ পূর্বক রাজা হন। ফিরোজ সাহ পুনর্বার বাদ্যালা আক্রম। করেন। কিন্তু সেকন্দর পিতার অত্বর্তী হইরা একদলা দুর্গে আগ্রয় লন এবং এরপ যুদ্ধকৌশল দেখান যে সম্রাট করেকটী হস্তী ও কিঞ্জিৎ উপটোকন লইরাই নিরত্ত হন (১৩৫৯)। সেকন্দর বিখ্যাত আদিনা মসজিদ নির্মাণ করেন; পাণ্ডুয়ার উহার ভ্রমাবশেষ অদ্যাপি

দুষ্ট হয়। সেকন্দরের তুই মহিষী ছিল। একের গত্তে গায়স্থদিন, অপরের গর্ভে ১৬টা সন্তান জন্মে। গায়-স্থাদিন বিমাতার চক্রে প্রাণ যাইবার সম্ভাবনা দেখিয়া রাজবিদ্রোহী হন এবং কিয়ৎকাল পূর্ব্ব-বাঙ্গালায় স্বাধীন ভাবে রাজত্ব করেন; অনন্তর জাঁহার সহিত যুদ্ধে দেকন্দর হত হন (১৩৮৯)।

[গায়স্থদিন I]—গায়স্থদিন রাজা হইয়া আত্ৰ-রক্ষার্থে বৈমাত্রেয় ভাতাদিগকে অন্ধ করিলেন। এত-ষ্যতিরিক্ত ভাঁহার আর কোন নিষ্ঠুরাচরণের উল্লেখ নাই। তিনি সদিচার দ্বারা সকল লোককে সন্তট করিয়াছিলেন। পূর্ব্ব বাঙ্গালায় রাজ্যকালে তিনি পার-সিক কবি হাফেজকে আহ্বান করিয়াছিলেন; কিন্তু কবি আগমন করেন নাই। কেহ কেহ বলেন যে তিনি দিনাজপুরের রাজা গণেশকর্ত্তক নিহত হন। এ কথা সতা হউক বা মিথা হউক, তাঁহার পুত্র ও পৌত্রের রাজ্বকালে রাজা গণেশ যে অত্যন্ত পরাক্রান্ত হইয়া-ছিলেন এবং পরিশেষে উক্ত পোলকে বিনাশ করিয়া রাজসিংহাসনে আরোহণ করিয়াছিলেন, তদ্বিষয়ে সন্দেহ নাই।

[রাজা গণেশ।]—১৪০৫ খৃষ্টাব্দে রাজা গণেশ বাঙ্গালার অধিপতি হন, এবং ৮।৯ বংসর রাজত্ব করেন। তিনি অপক্ষপাতে রাজ্য শাসন করিয়া হিন্দু মুসলমান উভয়েরই প্রিয় হইয়াছিলেন। **তাঁখার পু**ভ যত্ন জেলা-লুদিন মহম্মদ সা নাম গ্রহণ পূর্ম্মক মুসলমান হন, এবং

গৌড় নগর পুনর্ব্বার রাজধানী করেন। জেলাল গৌড়ে ও পাণ্ডুয়ায় অনেক স্থরমা হর্মা নির্মাণ করান। তাঁহার মৃত্যুর পরে তদীয় তনয় আহম্মদ সা রাজসিংহাসনে আরোহণ করেন। তিনি প্রজাপীড়ন করিতেন, এবং অবশেষে ছুইজন ক্রীতদাসের হস্তে নিহত হন (১৪৪৫)। রাজা গণেশ এবং তাঁহার পুল্ল ও পৌল্ল চল্লিশ বংসর রাজত্ব করেন। কিন্তু এ সময়ে বাজালার পরাক্রম অনেক কমিয়াছিল। উত্তর-পূর্ব্বে কামরূপ রাজ্য করনতোয়া পর্যান্ত বিস্তৃত হইয়াছিল। পশ্চিমে জোয়ানপুরের স্থল্তান সমুদায় বেহার প্রদেশ অধিকায় করিয়াছিলেন। ত্রিপুরার রাজাও মধ্যে মধ্যে আক্রমণ করিয়াছিলেন।

হাবসিগন। আহমদের মৃত্যর পর মুসলমানের।
সামস্থদিনের বংশীর ন'সিঞ্দিন নামক এক জনকে
রাজা করে; এবং ৪২ বংসর এই বংশের হস্তেই রাজসিংহাসন থাকে। নাসিঞ্চিনের পুত্র বর্ষক সা রাজ্য
ও রাজপ্রাসাদ রক্ষার্থে অনেকগুলি হাবসি (আবিসিনীয়) ক্রীতদাস ও খোজা নিযুক্ত করেন। ইহারা ক্রমে
এমন পরাক্রান্ত হইয়া উঠে যে ১৪৮। খৃফীকে প্রভুবধ
করিয়া ইহাদের মধ্যে একজন বাজালার অধিপতি হয়;
অপ্পকালের মধ্যে অনেক মারামারি, কাটাকাটি ও
ভূপতি-পরিবর্ত্তন ঘটে। পরিশেষে মন্ত্রী সৈয়দ আলাউদ্দিন হোসেন হাবসিদিগ্রে পরাজিত করিয়া রাজ্যভার গ্রহণ করেন (১৪৯৪)।

[হোমেন সা।]—বাদ্যালার স্বাধীন মুসলমান ভূপাল-বর্ণের মধ্যে হোমেন সার বিশেষ খ্যাতি আছে। তিনি সিংহাসনে আরুত হইয়া দেখিলেন যে এদেশের গোল-যোগের প্রধান কারণ হাবিটি সৈত্য ও দেশীয় পাইকগণ। এ নিমিত্ত তিনি হাবসিদিগকে কর্মচ্যুত করিলেন এবং পাইকদিগকে বাদ্যালার পশ্চিম-দক্ষিণ সীমায় অপ্প অপ্প নিষ্কার ভূমি দিয়া বিপক্ষের আক্রমণ হইতে দেশ রক্ষা শিরতে নিয়োজিত করিলেন।

হোদেন সা আসাম আক্রমণ করিয়া বিশেষ কিছু
করিতে পারেন নাই। কিন্তু কামাতপুরের (কুচবেহারের)
রাজাকে পরাজ্য করিয়া বন্দী করেন এবং তাঁহার
রাজ্যানী বিনফ্ট করেন। অধিকৃত প্রদেশে হোদেন
আপনার পুত্রকে রাখিয়া আসিয়াছিলেন; কিন্তু পারিশেষে কুচদিগের আক্রমণে উহণ পরিত্যাগ করিতে বাংয়
হন, এবং বর্তুমান কুচবেহাররাজের পূর্ব্বপুক্ষদিগের
রাজ্য সংস্থাপিত হয়।

হোসেন সা বেহারের কিয়দংশ হস্তগত করিয়াছিলেন; এবং দিল্লীশ্বর সেকন্দর লোদি জোয়ানপুর
অধিকার করিলে, রাজাচ্যত স্থলতানকে আশুয় দিয়াছিলেন। এ নিমিত্তে সমাট্ বেহার অধিকার করিয়া
বাঙ্গালা আক্রমণের ভয় দেখাইলেন। বাঙ্গালার সীমানায় আসিতে আসিতেই সন্ধি হইল; এতঙ্গারা বিজিত
বেহারপ্রদেশ দিল্লীশ্বরের থাকিল; বাঙ্গালা আক্রমণ
নিবারিত হইল, এবং উভয় পক্ষের বয়ুত্ব সংস্থাপিত

হইল। ১৫২১ বা ১৫২৩ সালে হোদেন সা মানবলীলা সম্বরণ করেন। তিনি যেমন প্রজাদিগের প্রিয়,তেমনই অপ্রলোকের অদ্ধাম্পদ হিলেন।

[নসরৎ সা।]−হোসেন সার মৃত্যুর পর তৎপুভ নসরৎ মা বাঙ্গালার রাজসিংহাসনে আরোহণ করিলেন। প্রথমে তিনি অনেক সকাণের পরিচ্ব দিয়াছিলেন। আত্মীর কুটুম্বর্গানের প্রতি মেহ দেখাইতেন, এবং মিথিলা, হ'জিপুর, মুঙ্গের প্রভৃতি আপনাব রাজ্যভুক্ত কবিয়া হিলেন। এই সময়ে মোগল সাম্রাজ্য সংস্থাপক বাবর সাহ পানিপথের যুদ্ধে (১৫২৬ খৃঃ অন্দে) ইত্রাহিম लामिक भनास कतिया मिलीश्वय इरेलम । देवाहिम শঙ্গালার আত্রর গ্রহণ করিলেন; এবং বাবর বাঙ্গাল। স্থাক্রমণের উদ্যোগ করিলেন। নসরৎ সা বন্ধুদ্রা উপ টোকন দিয়া ছ্বার পরিত্রাণ পাইলেন; এবং ১৫২৯ সালে বাবরের সহিত বন্ধুরস্থচক সন্ধি করিলেন; কিন্তু বাবরের মৃত্যু হইলেই তদীয় উত্তরাধিকারী তুমায়ুনের পরম শক্র দ্রাহিম লোদিকে যথাসাধ্য সাহায্য করিতে আরম্ভ করিলেন। ক্রমে নসরৎ সার নিষ্ঠুরাচরণে প্রজাগণ ও কর্মদীরী সকল অসন্তন্ত হইতে লাগিল, এবং পরিশেধে একজন খোজার হত্তে তিনি নিহত হইলেন (১৫৩১)। গৌতের সোনা মৃদ্জিদ তাঁহারই নির্মিত।

নসবতের ভাতা মামুদ সা নস্রতের পুত্র এবং উতুরাধিকারী ফিরোজ সাকে মারিয়া রাজাসন অধিকার করেন ; কিন্তু কিছুকাল রাজত্ব করিয়াই তিনি দের স' কর্তৃক সিংহাসনচ্যুত হন (১৫৩৬)।

[সের সা I]—সের সা একজন স্থারংশীর পাঠান I পশ্চিম বেহারে তাঁহার পৈতৃক জায়গির ছিল। তাঁহ,ব একত নাম ফরিদ। স্বছন্তে একটা বৃহদাকাব ব্যাস্ত্রবন্ধ করিয়া তিনি সের আখ্যা পাইয়াছিলেন। ১৫২৮ সালে তিনি সম্রাট বাবরের অধীনতা স্বীকার কবেন; পরে জনৈক পাঠান বিধবাকে বিবাহ করিয়া চুনার হুর্গ হন্ত-গত করেন। ১৫২৬ শৃষ্টাব্দে বাবর সাহ দিল্লী অধিকার করিনা মোগল সামাজ্য স্থাপন করিলে, মামুদসাহ লোহানি নামক পাঠান সেনাপতি বেহার ও জোয়ানপুর দখল করিয়া তথাকার আধিপতি হন। সের মামুদের নিকটে বিলক্ষ্য প্রতিপন্ন হইয়াছিলেন; এবং মামুদের মৃত্যু হইলে, যুবরাজ জেলাল অপ্রাপ্তব্যক্ষ বলিয়া সের বেহারের রাজপ্রতিনিধি হন। কিহু দিন পরে লোহানি मक्तारत्रत्रा (मृत्तत्र विनागार्थ अक्ती स्मा क्रान्त क्रान्त, अवः ইহা প্রকাশ হইয়া পড়িলে জেলাল স্বপক্ষ ওমরাগ। সহ বাঙ্গালার পলাইয়া যান ও মামুদ সার সাহায্য প্রার্থনা করেন। এইরপে সের বেহারের সর্বময় কর্তা হইয়। উঠেন। অনন্তর তিনি মামুদ সাকে গোড় হইতে তাড়া-ইয়। দেন, এবং বিশ্বাসঘাতকত। পূর্ব্বক হুর্ভেদ্য রোহিতস ভূর্গ অধিকার করিয়া সেখানে স্বীর পরিবার ও ধনরাশি নিরাপদে রাখিবার উপায় করেন।

র,জাহ্যত মামুদ সা দিল্লীধর ত্মায়ুনের শ্রণাপন

হ*ই*লেন, এবং ভ্যায়ুন বান্ধালা আক্রমণ করিয়া গৌড়-নগর অধিকার করিলেন। সের পশ্চিমাভিমুখে যাইয়া ব্রাসি ইস্তগত করিলেন এবং বাঙ্গালা ইইতে লুমা-ং, নের প্রত্যাগমনের পথ ৰুদ্ধ করিলেন। যখন ভ্যা-য়ুন দিল্লীতে ফিরিয়া যাইবার চেন্টা করিলেন, গঙ্গা ও ক্রমনাশার সঙ্গমস্থলের নিকটে সেরের সৈত্যের সহিত সাক্ষাৎ হইল। উত্তর দলই শিবির সন্নিবেশ কবিয়া তিন মাস অবস্থিতি করিলেন। অবশেষে কোবান স্পর্ণ করিয়া সের অঙ্গীকার করিলেন যে যদি ভূমায়ুন <u>ই,হাকে বাঙ্গালা এবং বিহারের অধীশ্বর বলিয়া স্বীকার</u> করেন, তাহা হইলে তিনি সম্রাটের প্রতিম্বমনের কোন প্রতিবন্ধকতা করিবেন না। এই সংবাদ শুনিয়া মোগ-লেরা কিঞ্চিৎ অসাবধান হইয়া আমোদ প্রমোদ করিতে লাগিল; এবং রাত্রিকালে সের তাহাদিগকে বিশ্বাস-যাতকত পূর্ব্বক সহসা আক্রমন করিয়া পরাজিত করি-লেন। তুমায়ুন অতিকটে গলা সন্তরণ করিয়া প্রাণ একা করিলেন; এবং অত্যাপা মহচর সঙ্গে আগায় উপস্থিত হইলেন। সের সা বাদ্যালার শাসনকার্য্যের ২ন্দেৰন্ত করিয়া ৫০ হাজার পাঠান সৈত্য লইয়া হুমায়ু-নের বিৰুদ্ধে পুনরায় যাত্রা করিলেন। কনোজের নিকটে ১ৃদ্ধ হইল (১৫৪০) ; ত্মায়ুন পরাস্ত হইয়া পারস্থে প্রস্থান করিলেন, এবং সের দিল্লীশ্বর হইলেন। ইহার পবে বিদ্রোহ নিবার।ার্থে•তিনি একবার মাত্র বাঙ্গালায় ্রাসিয়াছিলেন; আসিয়া এদেশকে কয়েক খণ্ডে বিভক্ত করির। প্রত্যেক খণ্ডের এক এক জন শাসনকর্তা নিযুক্ত করেন। ১৫৪৫ খৃঃ অব্দে সেরের মৃষ্যু হয়। বিশাস- ঘাতকতা তাঁহার চরিত্রের প্রধান দোষ। তিনি একজন সমরকুশল সেনাপতি ছিলেন, এবং লোকহিতকর কার্যেও তাঁহার মতি ছিল। তিনি উৎপন্নের এক চতুর্থাংশ রাজকর ধরিয়া বাদ্দালায় ভূমির বন্দোবস্ত করেন, এই বন্দোবস্ত অবলম্বন করিয়াই আকবর সাহের সমতে এতদেশের রাজন্ব নির্দারিত হয়। সের সম্বর্ণগাম হইতে সিদ্ধুন্দ প্যান্ত একটা রাস্তা প্রস্তুত্ত করাইয়া তাহার ছ্ধারে রক্ষ বসান এবং প্রয়োজনাত্তরপ্রপাম নির্বাদ নির্মাণ ও কুপ খনন করান। তিনিই প্রথমে ভারতবর্ষে ঘোড়ার ডাকের স্থি করেন।

সের সার মৃত্যু হইলে তিংপুত্র ইন্লাম সা মহমদ খাঁ
স্থারকে বাঙ্গাল,র শাসনকর্তা নিযুক্ত করিলেন। ইন্লাম
মান-লীলা সম্বরণ করিলে, তাঁহার তনমকে হত্যা করিয়া
তদীয় শালক আদিল্সা দিলীশ্বর হইলেন; এই সংবাদ
পাইয়া মহমদ খাঁ স্বাধীনতা অবলম্বন করিলেন এবং
জোংনপুর অধিকার করিলেন। পর বংসর আদিল
সাহের প্রেরিত হিল্প সেনাপতি হিমু কর্তৃক তিনিপারাজিত ও নিহত হইলেন (১৫৫৫)। মহমদ খাঁর পুত্র
বাহাত্র সা মুন্ধেরের যুদ্ধে আদিল সাকে সংহার করিয়া
পিতার মৃত্যুর প্রাতশোধ লইলেন (১৫৫৬)। পরে কিছু
কাল মধ্যে অনেক রাজপরিবর্ত্তন্ত অরাজকতা ঘটিল,
জবশেষে পাচানজাতীয় কররাণী বংশীয় স্থলেমান বান্ধা-

লার অধিপতি হইলেন (১৫৬৩)। স্থলেমান ইন্লাম সা কর্তৃক বেহারের শাসনকর্তৃত্ব পদে নিযুক্ত হন; এবং স্বীর ভ্রাতা তাজ খাঁকে পাঠাইয়া বাঙ্গালা অধিকার করেন। ১৫৬৪ সালে তাজ খাঁন মৃত্যু হয়, এবং স্থলেমান আসিয়া গৌড়ের অপরপারবকী তাওা নামক স্থানে রাজধানী সংস্থাপন করেন।

তৎকালে হুমায়ুন সাহের পুল্র মোগলকুলব হ আবের দিল্লীর সিংহাসনে আরোহণ করিয়া চতুর্দিকে আপনার ক্ষমতা বিস্তার করিতেছিলেন। স্থলেমান তাঁহার নিকটে উপহার প্রেরণ করিয়া তৎণতি আপনার অফ্রাগ ও গ্রদ্ধা জানাইলেন; ইহাতে স্থ্রীটের সহিত্র তাঁহার সন্তাব রহিল।

স্থলেদানের রাজত সমরের প্রধান ঘটনা উড়িয়াবিজয়। মহারাজ অশোকের সময়ে উড়িয়া মগধ
সামাজ্যের অন্তর্গত ছিল; এবং তথার বহুকাল পর্যন্ত
বৌদ্ধর্মাবলম্বী ভূপালগণ রাজত করেন। ৪৭৩ খুফান্দে
বৌদ্ধর্মাবলম্বী ভূপালগণ রাজত করেন। ৪৭৩ খুফান্দে
বৌদ্ধর্মাবলম্বী ভূপালগণ রাজত করেন। ৪৭৩ খুফান্দে
বৌদ্ধর্মাবলম্বী ভূপালগণ রাজত করেন। এবং ১১৩১ খফান্দ পর্যন্ত তদীর উত্তরাধিকারীদিগের হস্তে রাজাসন খাকে। কেশরী বংশের রাজতকালে উৎকলে শৈবধর্মই প্রবন হয়। এই সময়েই ভূবনেশ্বরের প্রসিদ্ধ মন্দির সকল নির্মিত। এই সকল মন্দির দেখিয়া জানিতে পারা যায় যে তৎকালে উড়িষ্যায় শিস্পবিদ্যার বিলক্ষণ উন্নতি হইয়াছিল। ১১৩১ খুফান্দে গলাবংশীয় রাজাদিগের রাজ্যারস্ক। ইহারা গালারাট়ী অর্থাৎ তমলুক প্র
মেদিনীপুর প্রদেশ হইতে যাইরা উড়িয়া জয় করেন।
গালাবংশীয় আনন্ধভীমদেবের সময়ে জগন্নাথ দেবের
মন্দির নির্মিত হয়; এবং প্রতাপক্তম দেবের রাজত্বালে (১৫০৪-১৫৩২) চৈতক্সদেব উৎকলে বৈষ্ণব ধর্ম
প্রচাব কবেন। ১৫৬৭ খৃঃ অবদে বল্লাধিপতি স্থলেমান
কয়রাণীর প্রেরিত বিখ্যাত সেনাপতি কালাপাহাড়
উল্পান প্রেরিত বিখ্যাত সেনাপতি কালাপাহাড়
উল্পান প্রধান রাজা মুকুন্দদেবকে পরাস্ত করিয়
উড়িষ্যা অধিকার করেন এবং অনেক দেবমূর্তি ভালিয়া
কেলেন। কালাপাহাড় প্রথমে ব্রাহ্মণ ছিলেন; পরে
বল্লীর মুদর্শমান-রাজবংশীয়া কোন মনোমোহিনীর
প্রণয়ে পড়িয়া মুদলমান ধর্ম গ্রহণ করেন এবং হিল্প
দেবদেবীর প্রবল শক্ত হইয়া উচেন।

দায়ুদ সা।]—১৫৭২ সালে স্থলেমানের স্তুর্ হয়, এবং তদীয় জ্যেষ্ঠ পুত্র বয়াজিদ রাজা হন। পর বংসর বয়াজিদকে বিনষ্ট করিয়া পাচান সর্দারের। তাঁহার ত্রাতা দায়ুদকে রাজসিংহাসন প্রদান করে। দায়ুদ রাজ্যশাসনভার গ্রহণ করিয়াই দেখিলেন যে ঠাহার ১,৪০,০০০ পদাতিক, ৪০,০০০ অশ্বারেরীহী, ২০,০০০ কামান, এবং ৩,৬০০ হস্তী আহে। দেখিয়া রাজ্যবিস্তারের ইচ্ছা জ্বিল; বাঙ্গালা ও বেছারে সর্বত্র স্থনামে থতবা পড়িতে হুকুম দিলেন; এবং জ্বমানিয়া নামক গাজিপুর-সনিহিত একটা মোগল-ছুর্গ বলপুর্ব্বক হস্তগত করিলেন। আক্রবর দায়ুদের বিক্ত্রের প্রধান

সেনাপতি মুনেম খাঁ এবং রাজা তোড়লমলকে পাচাই-লেন। পাটনা অধিকৃত হইল; এবং বালালায় মোগলসৈত্য প্রবেশ করিল। দায়ুদ উড়িব্যায় পলায়ন করিলেন।
পরে মেদিনীপুর এবং জলেখরে মধ্যবর্ত্তী মোগলমারি
নামক স্থানে মোগল ও পাচান সৈত্যের যুদ্ধ হয় (১৫৭৫)।
প্রথমে পাচানদিগের জয়ের সম্ভাবনা হইয়া উচে; কেবল
রাজা তোড়লমলের গুনে শেষে মোগলদিগেয় দিন
ফিরে। দায়ুদ সমরক্ষেত্র হইতে পলায়ন করেন, কন্ত
মোগল-সেনাপতিরা কটক পর্যন্ত তাঁহার অভ্নসরন
করিলে, তিনি তাঁহাদিগের হস্তে আত্মসমর্পন করিলেন
এবং তাঁহাদিগের অভ্নগ্রেহ সম্রাটের প্রভ্রাধীন কটকবাজ্য পাইলেন।

মুনেম খাঁ তাণ্ডা নগরে প্রত্যাগমন করিয়া গোড়ে পুনরায় রাজধানী করিলেন। তথন বর্ধাকাল। সহসা মারীভয় উপস্থিত হইল। সহস্র সহস্র লোক মরিতে লাগিল। মুনেম খাঁ কালগ্রাসে পতিত হইলেন; কত সৈনিক ও কর্মচারীও প্রানত্যাগ করিল। এইরূপে যে বংসর বাঙ্গালা মোগলসায়াজ্যভুক্ত হইল প্রাচীন রাজধানী গৌড় বিজন প্রদেশে পরিণত হইল।

মুনেম খার মৃত্যুসংবাদ শুনিয়া দায়ুদ অস্ত্রধার । পূর্ব্বক বান্ধালা আক্রমণ করিলেন। আকবর হোসেন কুলি খাঁ নামক একজন বিখ্যাত সেনাপতিকে মুনেমের পদে প্রতিষ্ঠিত করিয়া তাহাকে এবং রাজা তোড়লমলকে পাঠানদিগের বিহুদ্ধে প্রেরণ করিলেন। আগমহল অর্থাৎ বর্ত্তমান রাজমহলের নিকটে ঘোরতর যুদ্ধ হইল, এবং মোগলদিগের সম্পূর্ণ জয়লাভ হইল (১৫৭৬)। অন-স্তর দায়ুদের ছিন্ন মস্তক সমাটের সমীপে প্রেরিত হয়।

[দেশের অবস্থা] ১৩৬৮ খৃষ্টাব্দ হইতে ১৫৭৫ অব্দ পর্যান্ত এ দেশে স্বাধীন পাঠান রাজ্য ছিল এক প্রকার বলা থাইতে পারে। যদিও এই সময়ের মধ্যে রাজা গণেশ এবং বাঁহার পুত্র ও পৌত্র সর্বসমেত ৪০ বংসর রাজত্ব ক'' . যদিও হাবসিরা প্রায় সাত বৎসর সিংহাসন অধিকার করিযাছিল, তথাপি এতদ্দেশীয় অপর ভূপতি গা পাচান ছিলেন। সের বাঙ্গালা ও বেহারের অধি-পতি হইয়া দিল্লীশ্বর হন। স্বতরাং সের ও তৎপুত্র ইস্লামের দিল্লীতে রাজ্যকালে বাঙ্গালা বেহার স্বাধীন পাঠান রাজ্য ছিল, ইহা বলা নিতার অকায় নহে। হুলেমান কররাণী যদিও আকবর সাহের সহিত সংগ করিয়াছিলেন, তথাপি তিনি স্বাধীনভাকে বিদেশবিজয় প্রভৃতি কার্য্যে প্রবৃত্ত হইয়াছিলেন এবং তাঁহার রাজ্য-শাসনের উপর মোগল সমাট্কখনও হস্তার্পন করেন নাই। দায়ুদ প্রকাশ্যরূপে স্বাধীন রাজাদিগের স্থায় আচরণ করিয়াছিলেন।

পাঠানেরাই এতদেশে মুসলমান জয়পতাকা উড্টীন করেন। ৩৭২ বংসর পরে তাঁহাদিগের রাজতশেষ-সময়ে এ দেশের কতদূর তাঁহাদিগের অধিকৃত ছিল, একবার বিবেচনা করিয়া দেখা মন্দ নছে। পিন্দিমে বিষ্ণপুর ও পঞ্চোটে তাঁহাদিগের ক্ষমতা প্রবিষ্ট হয় নাই; দক্ষিণে স্থন্দরবন-সন্নিহিত প্রদেশে স্বাধীন হিন্দুন রাজা ছিল; পূর্বের চট্টগ্রাম, নোরাধালী, এবং ত্রিপুরা, আরাকানরাজ ও ত্রিপুরাধিপতির হতে ছিল; এবং উত্তরে কুচবেহার স্বতন্ত্রতা রক্ষা করিতেছিল।/ স্বতরাং যে সময়ে পাচানের। উড়িঘ্যা জয় করিতে সক্ষম হইয়া-ছিলেন, যে সময়ে তাঁহারা ১,৪০,০০০ পদাতিক, ৪০,০০০ অশ্বারোহী এবং ২০,০০০ কামান দেখাইতে পালিকেন, দে সময়েও এ দেশের অনেকাংশ তাঁহাদিগের ২ শত হয় নাই।

পাঠানদিগের রাজত্কালে সাধারণ লোকের অবস্থা কিরপ ছিল, ভাল করিয়া জানা যায় না। ° কিন্তু সমদ্ধি-শালীলোক অনেক ছিল এবং তাহারা স্থাপে সঙ্গদে বাস করিত, এমন বোধ হয়। লিখিত আছে যে হোসেন সার রাজ্যারন্ত সময়ে এতদ্দেশীয় ধনিগণ স্বর্ণপাত্র ব্যব-হার করিতেই, এবং যিনি নিমন্ত্রিত সভায় যত স্বর্ণপাত্র দেখাইতে পারিতেন তিনি তত মর্যাদা পাইতেন। গৌড় ও পাণ্ডুয়া প্রভৃতি স্থানে যে সকল সম্পূর্ণ বা ভগ্ন জট্টা-লিকা লক্ষিত হয়, তদ্মারাও তাৎকালিক বান্ধানার ঐশ্বর্য ও শিম্পনৈপুনোর বিলক্ষণ পরিচর পাওয়া যায়। বাস্তবিক তখন এ দেশে স্থাপত্যবিদ্যার আশ্চর্যারপ উন্নতি হইয়াছিল ; এবং গৌড়ে যেখানে দেখানে মৃত্তিকা খনন করিলে যেরপ রাশি রাশি ইষ্টক দৃষ্ট হয়, তাহাতে অনুমান হয় যে নগরবাসী বহুসংখ্যক ব্যক্তি ইফুক-নির্মিত গৃহে বাদ করিত। দেশে অনেক হিল্প ভূম্যধি-

কারী ছিলেন এবং তাঁহাদিগের বিশুর ক্ষমতা ছিল।
পাচান রাজ্য ধ্বংসের কিয়ৎকাল পরে সঙ্কলিত আইন
আকবরিতে লিখিত আছে যে বাঙ্গালার জমিদারের।
প্রোয়ই কায়ন্থ এবং তাহারা সম্রাটের সাহায্যার্থে
২৩,৩৩০ অখারোহী, ৮,০১,১৫৮ পদাতি, ১,১৭০ গজ
৪,২৬০ কামান এবং ৪,৪০০ নৌকা যোগাইয়া থাকে।
এরপ যুদ্ধের উপকরন যাহাদিগের ছিল, তাহাদিগের
পরাক্রন নিতান্ত কম ছিল না। বেহার হইতে ১১,৪১৫
অখারোহী, ৪,৪৯,৩৫০ পদাতি এবং ১০০ নৌকা পাওয়া
যাইত।

এ দেশীর পাচান মৃপতিগণ উত্তর বাদালা বীরভূম প্রভৃতি রাজ্যের প্রান্তভাগে মুসলমান সেনাপতিদিগকে জারগির স্বরূপ নিচ্চর ভূমি দিয়াছিলেন। তাঁহাদিগকে জারগিরদার বলিত। তাঁহারা বহিঃশক্তর আক্রমণ হইতে দেশরক্ষা করিতেন; এবং যুদ্ধকালে নির্দিষ্ট-সংখ্যক সৈত্ত দিতে বাধ্য ছিলেন। রাজসরকারে তাঁহা-দিগের বিশেষ প্রতিপত্তি ছিল।

শ্বতন্ত্রপাঠান রাজস্বকালে এতদেশে অনেক সামাজিক পরিবর্তন সংঘটিত হয়। দেবীবর ঘটক রাড়ীয়
ব্রাহ্মণদিগের মেলবন্ধন কার্য্যে প্রবৃত্ত হন। তাহার
কিছুকাল পূর্ব্বে তাহীরপুরের রাজা কংশ নারায়ণের
সময়ে কুলশান্ত্রবিশারদ উদয়নাচার্য্য ভাহুতী বারেন্দ্র
কুলীনগণকে আট শাখায় বা পটাতে বিভক্ত করেন।
এ দিকে দেবীবরের সমকালবর্তী পুরশার বস্থ দক্ষিণ

রাতীয় কারস্থদিগের মধ্যে সমান পর্যায়ে বিবাহ দিবার নিরম প্রচলিত করেন, এবং চন্দ্রদীপের রাজা প্রমানন্দ রায় বঙ্গজ কারস্থগণের সম্বন্ধে কতকগুলি নিরম অব-ধারণ করেন।

শাধীন পাঠান ভূপতিদিগের সময়ে বান্ধালার দাহিত্য, দর্শন ও ধর্মশান্তের যেরপ উন্নতি হইয়াছিল, তাহাতে বােধ হয় যে তৎকালে হিন্দ্রগা হথে সক্ষলে থাকিয়া চিন্তা করিবার অবসর পাইয়াছিলেন টুই সময়েই বান্ধালার আদি কবি চণ্ডীদাস ও বিদ্যাপতির আবির্ভাব *; এই সময়েই রপ্সনাতন অনেক সংক্ষত গ্রন্থ রচনা করেন; এই সময়েই আর্ত্র রফুনন্দন বন্ধের আ্রার বাবহার বিধান করেন; এই সময়েই চৈত্র জাতিভেদ-বিলোপী ভক্তিপ্রধান বৈষ্ণবধর্ম প্রচার করেন দা; এবং এই সময়েই রঘুনাথ শিরোমণি অ-

* খৃকীর পঞ্চদশ শতাদীর প্রারত্তে চণ্ডাদাস ও বিদ্যাপতি প্রাদুর্ত হন। তাঁহারা উভয়ই ব্লাহ্মণ। চণ্ডাদাসের বাসন্থান দারভূমের অন্তর্গত "নামুর" নামক থামে ছিল। তাঁহার রৈতি কবিতা সকলের ভাষা প্রায় বিশ্বদ্ধ বাঙ্গালা। বিদ্যাপতির লেখা হিন্দিভাবাপন। তাঁহার জন্মন্থান মিথিলা, এবং তিনি তথাকার রাজা শিবসিংহ ও রাজ্ঞা লথিমা দেবীর আগ্রিত ছিলেন্। "পদাবলা" ব্যতীত তাঁহার লিখিত অনেক সংস্কৃত গ্রন্থ আছে; যথা, দুর্গাভক্তিত্বঙ্গিনী, পুরুষ পরীক্ষা ইত্যাদি।

† ১৪৮৫ খুফালে ক্রেন্সের জন্ম, ১৫৩৩ খুফাকে তাঁহার

অন্তর্ধান। তাঁহার পিতার নাম জগলাথ মিশ্র, মাতার নাম

ł

উদ্দেশ্য সাধনের স্থবিধা পান (১৬৩৯)। এই সময় হইতে ইংরেজেরা স্থজার প্রিয়পাত্র হইয়া উঠিলেন, হুগলি ও বালেশ্বরে কুঠা নির্মাণ করিবার অভ্নমতি পাই-লেন, এবং বিনা করে বাণিজ্যদ্রব্যজাত আমদানী রপ্তানী কণিতে লাগিলেন।

রাজপের দিতীয় হিসাব।]— স্থজার রাজ্যশাসন-কালে করেক বৎসর প্রজাগন স্থাপ সন্ধান ছিল। ১৬৫৭ সালে তিনি বাঙ্গালার রাজ্যের নৃতন হিসাব প্রস্থত করেন; ইহাতে বজভূমি ৩৪ সরকারে ও ১,৩৫০ মহলে বিভক্ত হয়, এবং রাজ্যে ১,৩১,১৫,৯০৭ টাকা নির্দ্ধারিত হয়। আকবর সাহের পরে এদেশে মোগলদিগের অধিকারইদ্ধিই এ প্রকার রাজ্যার্দ্ধির প্রধান হেতু। প্রায় এই সময়েই উড়িয়া ১২টী সরকার ও ২৭৬ মহলে বিভক্ত হয়; এবং উহার রাজ্যে ৪৯,৬১,৪৯৭ টাকা নির্দ্ধারিত হয়। ১৬৮৫ সালে বেহারের বন্দোবস্ত হয়। এতদার। বেহার প্রদেশ ৮টী সরকার ও ২৪৬ পরগণাম্ম বিভক্ত হয়; এবং উহার রাজ্যে ৮৫,১৫,৬৮৩ টাকা নির্দ্ধারিত হয়।

স্কোর শেষ দশা।]—সমাট্ সাহজাহামের চারি গ্রু, দারা, স্কা, আওরজজেব ও মুরাদ। বাদসাহৈর পীড়া হইলে স্কা সামাজ্যলোতে যাত্রা করেন. কিন্দ্রবানসীর নিকটে দারার তনর স্থলেমানের সহিত যুকে পরাজিত হইরা বাজালায় প্রত্যাধনন করেন (১৬৫৮)। অনন্তর আওরজজেব দারাকে পরাস্ত করিয়া এবং সাহি

জাহান ও মুরাদকে বন্দী করিয়া মোগল সিংহাসনে আরোহণ করেন। পরে প্রয়াগের (এলাহাবাদের) সমীপে স্থজা আওরঙ্গজেব কর্তৃক পরাজিত হন (১৬৫৯) এবংপ্রথমে রাজমহলে ও তদনন্তর তাওাব আশ্রয় গ্রহণ করেন। আওরজ্জেবের সেনাপতি মীরজ্মা তাঁহার পশ্চাদ্বর্তী হইয়া রাজমহল অধিকার কবিমা তথাব বর্ষাকাল যাপন করেন; পরে স্থজাকে বাজালা হইতে তাড়াইয়া আরাকাণরাজের শরণ লইতে বাধ্য করেন। নৃশংস আরাকাণপতি স্থজাকে বন্দী করিয়া জলমগ্র করেন; স্থজার প্রী ও তুইটী কয়া আরহত্যা করিয়া মুক্তিলাভ করেন; তৃতীয় কলাটাকে আবাকাণপতি বলপ্র্বাক বিবাহ করেন (১৬৬১)।

মিরজুয়া।]—সেনাপতি মীরজুয়া অনন্তর স্থবাদার ছইয়া ঢাকা নগরী রাজধানী করিলেন। ১৬৬১ অবেদ তিনি কুচবেহার জয় করেন; এবং পর বৎসর আসাম আক্রমন করিয়া তাহার রাজধানী হস্তগত করেন। কিন্তু,বর্ধাকাল উপস্থিত হইলে জাঁহার সৈত্যগণের একপ পীড়া হইতে লাগিল, যে তিনি প্রত্যাগমন করিতে বাধ্য ছুইলেন। ঢাকায় পোঁছিয়া অপ্পকাল পরেই উাহাব মৃত্যু হুইল (১৬৬৪)।

সোরেস্তা খাঁ।]—মীরজুমার পরে স্বজাহানেব ভাতুপুত্র সায়েস্তা খাঁ বাঙ্গালার স্থাদার হন এবং সমাট্ প্রস্কানের ভৃতীয় পুত্র স্বতান মহম্মদ আজিন বেহারের শাসনকর্ত্ব পদে নিযুক্ত হন। সায়েস্তা থ তিন বৎসর ব্যতীত ১৬৬৪ হইতে ১৬৮৯ খৃফীক পর্যান্ত বাদ্দালা শাসন করেন। তাঁহার সময়ে ফরাসিরা চন্দন নগরে, ওলন্দাজেরা চুঁচুড়ায় ও দিনেমারেরা জ্রীরামপুরে কৃঠী স্থাপন করেন। আরাকালরাজ স্থজার প্রতি অসদাচরণ করিয়া কোনরপ শাস্তি না পাওয়ার সাহসী হইয়া মধ্যে মধ্যে বাদ্দালার দক্ষিন-পূর্ব্ব প্রদেশ লুগন করিতেছিলেন; সায়েস্তা খাঁ আরাকান আক্রমণ করিয়া রাজাকে ব্যতিব্যস্ত করিলেন এবং চট্টগ্রাম সম্পূর্ণরশে বাদ্দালাভুক্ত করিলেন।

[ইফ ইভিয়া কোম্পানি।]—ইফ ইভিয়া কোম্পানি ১৬৭৭ অবে লাদসাহ আওরঙ্গজেবের নিকটে এই মর্মে একটা সনন্দ প্রাপ্ত হন যে কার্ষিক ৩০০০ টাকা শুলক দিয়া তাঁহার। স্থবা বাঙ্গালায় বাণিজ্য করিতে পারিবেন। চারি বংসর পরে তাঁহারা হেজেস সাহেবকে এপ্রদেশের কঠা গুলির শাসনকর্তা করিয়া পাঠান। তখন ভগলি. পাটনা, টাকা এবং কালিমবাজারে তাঁহাদিবোর কুঠী ছিল। শাসনকর্তা ভগলি নগরে অবস্থান করিতে लागित्नन। ১৬৮২ অবে বেহারে একটা বিজেপ शहे । বিদ্যোহীরা পাটনাস্থ ইংরেজ কুঠীর কোনরূপ অলকার করে নাই দেখিয়া স্থবাদার সন্দেহ করেন যে ইংরেজের বিজোহে লিপ্ত ছিল; এজয় তিনি সে বৎসর তাহা-দিগের বাণিজ্য বন্ধ করেন। ১৬৮৫ অন্দে ইংরেজের। ভাগীরথীর মোহানায় একটী হুর্ম নির্মাণ করিবার অহু-মতি প্রার্থনা করে; তাহাতে সায়েস্তার্থা আরও অসুক্রট

হন, এবং সনন্দনির্দিষ্ট বার্ষিক ৩১০০ টাকা অপেকা অনেক অধিক মাশুল চাহেন। এজন্ম ইংরেজেরা ইংল-লভের অধীশ্বর দ্বিতীয় জেম্সের আদেশ লইয়া স্থাদ্বে সায়েস্তা খাঁ ও সম্রাট্ অত্বরন্ধকেবের সহিত যুদ্ধ করিতে প্রস্তুত হন। করেক জন মুসলমান সিপাহী এবং ইংরেজ সৈনিকের বিবাদ লইয়া ইংরেজেরা হুগলি নগরের উপর शालावर्षन करत्रन । स्वतानात अहे मर्तान छनिता भाषेना. মালদহ, ঢাকা ও কাশিমবাজারের ইংরেজদিনের কুঠী-গুলি হস্তগত করিলেন এবং ভুগলির বিৰুদ্ধে এবল সেনাদল প্রের। করিলেন। তথন চার্ণক সাহেব ইংরেজ-দিগের শাসনকর্তা ছিলেন; তিনি হুগলিতে থাকা নিরাপদ নছে বিবেচনা করিয়া স্তানটী নামক স্থানে ইংরেজদিগকে লইয়া প্রস্থান করিলেন (১৬৮৬)। স্থতা-নটা কলিকাতা সহরের একটা ভাগ; স্থতরাং এই ঘট্ট-নাকে কলিকাতার প্রথম স্থ্রপাত বলা যাইতে পারে 🖟 পর বৎসর ইংরেজেরা হিজিলীতে গমন করিলেন; খনন্তর (১৬৮৮) কাপ্তেন হিথ সাহেব বিলাত হইতে শাসিয়া তাঁহাদিগকে জাহাজে তুলিয়া মাল্রাজে লইয়া ्गालंग, এবং বাलেশ্বর নগর লুগ্র করিলেন। এই দম্যে সারেস্তা থাঁ কর্ম পরিত্যাগ করেন; তাঁহার শাসনক!লে এদেশে টাকায় ৮ মণ চাউল হইয়াছিল।

ইব্রাহিম থাঁ।]—১৬৮৯ সালে নবাব ইব্রাহিম থাঁ বাঙ্গালার শাসনকর্তৃত্ব পদে নিযুক্ত হন; পর বংসর সমট আওরঙ্গজেব ইংরেজদিগকে এদেশে প্রত্যাগ্যন কবিবার উন্থমতি দেন। ইহার কাব। এই যে ইংরেজেব।

- দোগলদিগৈর করেকথান জাহাজ হস্তগত করেন. এবং

- মুদলমানদিগকে জলপথে ভারতবর্ষ হইতে মকার ঘাইতে

দেন নাই। ইত্রাহিম খা আব্বান করিলে, চার্ণক প্রথমে

জনেক স্থবিধা না হইলে ফিরিতে চাহেন না, পরিশেষে

বিবেচনা কবিরা অদলবলে প্রত্যাগমন করেন (১৬৯০)।

জনন্তর সমাটের ত্রুম অব্টল যে বানজ্যার্থে ইংবেজ

দিগেব বার্ষিক ৩০০০ টাকার অধিক শুল্ক দিতে হইবেল

না (১৬৯১)। ইহাব পরে বাদসাহ ত্রার ইংরেজিনিগের

বানজ্যি বন্ধ করিতে আদেশ দেন; কিন্ত ইত্রাহিম গাঁব

জন্তরহে তাঁহা নিগেব কোন বিপাদ ঘটে নাই।

িশাভাসিংহ।] — ১৬৯৬ অন্দে শোভাসিংহন নামে
বর্দ্ধমানের এক জন জমিদাব বর্ধানাধিপতি রাজ)
কঞ্চরামের বিৰুদ্ধে অস্ত্র ধারন করে এবং রহিম খা নামক
এক জন পাঠান দলপতির সঙ্গে যোগ দিয়া রাজাকে
নিহত করে ও চতুঃপার্মবতী দেশ লুঠন করে। ভগরি
তাহাদিগের হস্তগত হয়; চুঁচুড়ার ওলন্দাজেরা, চন্দননগরের ফরাসিরা এবং কলিকাতার ইংরেজেরা, আফ
কলা করিতে নবাবের অভ্নমতি পান। এই ইযোগে
ইংরেজেরা "ফোট উইলিয়ম" হুর্গ নির্মাণ ক্রিতে
তাবস্থ করেন।

্ আজিম ওদান।]—ওলনাজনিগের সাহ যে। ইত্রহিম থা হুগলি পুনর্ধিক'র করেন। শোভাসিংহ ব্রুমান রাজকুমাবীব ধ্বানাশ করিতে গিঃ। তাঁহাব

অস্থাতে প্রতিগ্রাগ করে। স্বাদারের পুরু জঘরদন্ত খা রাজমহলের নিকট যুদ্ধে রহিম খাঁকে পরাজয় করেন (১৬৯৭)। এমন সময়ে সম্রাট্ আওরঙ্গজেবের পৌল আজিম ওমান বালালা, বেহার, ও উড়িয়ার শাসনকর্তা। হইয়া আগমন করেন। পর বংসর বর্দ্ধমানের নিকটে সংগ্রামে রহিম থার পঞ্চরপ্রাপ্তি ঘটে; এবং তদীর অভ্রচরগণের মধ্যে কিয়দংশ নিহত এবং কিয়দংশ মোগলদলভুক্ত হয়। আজিম ওসানের নিকটে ইংরে-জেরা স্থতানটা, গোবিন্দপুর এবং কলিকাতা এই করে-কটী মৌজা ক্রয় করিবার অনুমতি প্রাপ্ত হন (১৬৯৮)। এই সময়ে ভারতবর্ধের সহিত বাণিজ্ঞা করিবার নিমিত্ত আর একটা ইংরেজ-কোম্পানি স্থাপিত হাঁয়। প্রাতন এবং নূতন এই ত্বই কোম্পানির পরম্পর বিবাদে উভয়েত্ব স্বাৰ্থহানি হয় দেখিয়া কোম্পানিদ্বয় মিলিত হইল (১৭०७); जनः উভরের বোগে ফোর্ট উইলিয়ম ছুর্গে. ১৩১ জন ইউরে!পীয় সৈনিক সমবেত হইল। 🛫

মুরশিদকুলি খাঁ। — আজিম ওসানের শাসনকালে মুর্শিদকুলি খাঁ বাঙ্গালার দেওয়ান হইয়া আসেন
(১৭০১)। তিনি দরিত্র আন্দেশর সন্তান; হাজি
স্ক্রিয়া নামক এক জন পারভাদেশীয় বনিক ঠাঁহাকে
কর করিয়া মুসলমান ধর্মে দীন্দিত করে। তিনি কার্যাদক্ষতা গুনে ক্রমে ক্রমে হায়দরাবাদের দেওয়ান হইয়াছিলেন; অনন্তর সভাট্ আওরঙ্গজেব ঠাহাকে এতন
দেশে প্রেরা করেন। আকবর সাহের সময় হইতে

বাঙ্গালায় দেওয়ান ও নাজিমের পদে ভিন্ন ভিন্ন বাজি নিযুক হইরা আসিতেছিল। দেওয়ান রাজস্ব আদার করিতেন এবং আয়ব্যয়ের প্রতি দৃষ্টি রাখিতেন। নাজি-মের প্রতি দেশরকা এবং শান্তিরকার ভার ছিল; এবং তাঁহার অধীনে সৈত্ত ও শান্তিরক্ষকগণ থাকিত। তিনি সরকারী কার্যোর জন্ম পত্র দারা যখন যে টাকা চাহিতেন, দেওয়ান তাহা দিতে বাধ্য ছিলেন; কিন্তু টাকার ব্যয়ের দায়ী নাজিম থাকিতেন। বড় বড় কার্য্যে উভয়ে একমত হইয়া চলিবেন, বাদসাহের আদেশ ছিল। নাজিমের অধীনে ভিন্ন ভিন্ন স্থানে প্রদেশীয় শাসনকর। শরপ এক এক জন ফৌজদার ছিলেন।

মুরশিদকুলি থা দেওয়ান হইলে তদীয় পরামশান্ত-সারে স্থাট বাদালার জায়ণিরদারদিণের ভূমি খাস করিয়া লইয়া তত্ত্ল্য জায়গির উড়িষ্যা প্রভৃতি বেবন্দ-বস্তী প্রদেশে তাহাদিগকে প্রদান করিলেন। এইরপে এবং অন্তান্ত উপায়ে এ দেশের রাজস্ব রূদ্ধি করিয়া মুরশিদ বাদসাহের প্রিয় হইয়া উঠিলেন; কিন্তু ব্যয় বিষয়ে অত্যন্ত সতর্ক হওয়াতে এবং যুদ্ধবল জায়গ্রিরদার-দিগকে অসম্ভট করাতে, তিনি নাজিমের বিষ্ঠৃষ্টিতে পড়িলেন। আজিম ওসান, একবার ঠাঁছাকে মারিয়। ফেলিবার চেট। করিলেন; কিন্তু তাহাতে কৃত্রকার্যা হইতে পারিলেন না। অনন্তর মুরশিদকুলি খাঁ রাজধানী ঢাকায় থাকা স্থবিধা নহে বুঝিয়া মুক্সদাবাদে স্বীয় বাসস্থান করিলেন এবং আপনার নামাস্সারে উক্ত

নগরের নাম মুরশিদাবাদ রাখিলেন। এই সক্ল সংবাদ সমাটের নিকটে পৌছিলে, তিনি আজিম ওসানকে ভৎ সনা করিয়া পত্ত লিখিলেন এবং বাঙ্গালা পরিত্যাগ করিয়া বেহারে যাইবার আদেশ দিলেন। পর বৎসর মুরশিদ দক্ষিণাপথে যাইয়া সমাটের সহিত সাক্ষাৎ করিলেন এবং আয়ব্যয়ের হিসাব প্রদান করিলেন। তাঁহার কার্যদক্ষতা দেখিয়া বাদসাহ এমন সন্তন্ত ইই লেন যে তাঁহাকে বাঙ্গালা ও উড়িয়ার দেওয়ানা পদে প্রংপ্রতিষ্ঠিত করিয়াই ক্ষান্ত হইলেন না; তাঁহাকে এতদতিরিক্ত সহকারী নাজিম পদে নিযুক্ত করিলেন।

১৭০৬ অব্দে স্থীয় পুল ফেরকসেরক্নে প্রতিনিধি রাখিরা আজিমওসান দিল্লীতে প্রত্যাগমন করেন; এবং তাঁহার সর্থ ও সৈম্ববলে পর বংসর তাঁহার পিতা বাহা ত্রর সাহ মোগল সিংহাসনে আরোহণ করেন। ফেরকসের যদিও মুরশিদাবাদ রাজপ্রাসাদে থাকিতেন, তিনি মুরশিদকুলি খাঁর কোন কার্যাের প্রতিবন্ধকতা করিতেন না। স্থতবাং ১৭০৬ অব্দ হইতে মুরশিদ এতদেশের দেওয়ান ও নাজিম উভয় পদের সমুদ্র কার্যাই কবিতে আরম্ভ করেন। প্রায় এই সময়েই সৈয়দ আবহুলা খাঁ বেহারের শাসনকর্তা হন।

১৭১২ সালে বাহাত্র সাহের মৃত্যু হয়; আজিম ওসান বাদসাহ হইবার চেক্টা করিয়া নিহত হন; এবং ফেরকসের বাদালা,পরিত্যাগ করিয়া যাইয়া সমাট্ হন। যখন ধিনি বাদসাহ, তখন তাঁহার কাছে মুরশিদ কর পাঠাইতেন; এইরপে ১৫ বংসর ৯ সাসে ১৬ই কোটি টাকা প্রেরণ করেন। ফেরকসের বাদসাহ হইরা মুর-শিদকুলি থাকে বাঙ্গালা ও উড়িয়ার নাজিমী পদ প্রদান করেন (১৭১৩)। ১৭১৮ অব্দে মুরশিদ বেহার প্রদেশেরও নাজিম ও দেওয়ান হন।

[ইফ ইতিয়া কোম্পানি।]—মুরশিদ দেওয়ান ও নাজিম হইয়া অন্ত লোকের কাছে যেরপ বাণিজ্যের মাশুল পাইতেন, ইংরেজদিগের নিকটেও তজপ মাশুল চাহিলেন। ইংরেজেরা সমাট্সমীপে দৃত পাচাইলেন। সমাট্ ফেরকসের তথন পীড়িত ্রছিলেন; দূতদলের <u>তাকার হ্যামিল্টন সাহেবের চিকিৎসার তিনি স্থন্থ</u> হইলে, সন্তুক্ত হইয়া তাহাদিগের প্রার্থনার্যারী সনন্দ দিলেন। এই সনন্দ ধারা স্থিরীকৃত হইল যে ১ ইংরেজ কোম্পানি বিনা মাশুলে বাঙ্গালায় বাণিজ্ঞা করিতে পারিবেন; ২০ জাঁহারা কলিকাতার নিকটবর্ত্তী ৩৮ মৌজা ক্রর করিতে পারিবেন; ৬ মুরশিদাবাদের টাকুণালে সপ্তাহে তিন দিন তাঁহাদিগের ক্লক্স টাকা মুদ্রিত হইবে; ৪ যাহার। ইংরেজদিগের কাছে ঋনী, নবাবের কর্মচারী: গ্রণ তাহাদিগকে ইংরেজদিগের হত্তে সমর্পন করিবেন। ইংরেজেরা এই সনন্দ লইয়া আইলে, সুবাদারু সুন্ধ इहेरलन, जर कलिकाजात मगीशव क्रिमातिमगरक ইংরেজদিগের নিকটে জমি বিক্রয় করিতে নিষেধ করি-লেন ; কিন্তু অপর তিনটী দর্ত্ত দয়ক্ষে তিন কোন বার্ধ দেন নাই। এই সনন্দ দারা ইংরেজদিগের বাণিজোর

অনেক স্থবিধা হইল, এবং কলিকাতার সমৃদ্ধি দিন দিন ইদ্ধি পাইতে লাগিল।

[রাজক্ষের তৃতীয় হিসাব।]—মুরশিদকুলি **থা** বাঙ্গালার রাজস্বের একটা নৃতন হিসাব প্রস্তুত করেন (১৭২২)! তদ্বারা বার্ষিক রাজন্ম ১,৪২,৮৮,১৮৬ টাকা নির্দ্ধারিত হয়, এবং বঙ্গভূমি ১৩ চাকলা, ৩৪ সরকার ও ১৬৬০ পরগণায় বিভক্ত হয়। স্থবাদার জমিদারদিগের নিকটে টাকা আদায় করিতেন; জমিদারেরা প্রজাদিগের নিকটে লইত। রাজস্ব সংগ্রহ জন্ম মুরশিদ জমিদার-দিগকে অনেক কষ্ট দিতেন। বাজস্ব-বিভাগের কর্মচারী-াণ প্রায় সকলেই হিন্দু ছিলেন। মুরশিদরুলি খাঁ এমন প্রতাপান্বিত হইয়াছিলেন যে ত্রিপুরা, আসাম, কুচবেহার ও বিষ্ণুপুরের স্বাধীন রাজারাও তাঁহার নিকটে উপ-টোকন পাঠাইতেন। কিন্তু তিনি কেবল ২০০০ অখা-রোহী সৈক্ত এবং ৪০০০ পদাতিক রাখিয়াছিলেন। প্রয়োজনীয় ব্যয় বাদে তিনি বংসর বংসর সম্রাটের নিকটে ১ কোটি টাকারও অধিক প্রেরণ করিতেন। তিনিঃসপ্তাহে ছুই দিন বিচারাসনে বসিতেন; এবং ্র **হুর্ভিক্ষের** আশঙ্কার থাদ্য দ্রব্যের রপ্তানী হইতে দিতেন না। ব্রিনি নিজে লেখাপড়া জানিতেন ও বিদ্বান লোকের মান রাখিতেন। ১৭২৫ অবেদ তাঁহার মৃত্যু হয়; এবং তদীয় দৌহিত্র সরফরাজ থাঁকে তিনি উত্তরাধিকারী বলিয়া যান।

ঁ[স্বজাউদিন।] – সরফরাজ থাঁর পিতা স্বজাউদিন

মুরশিদ কুলিথার অধীনে উড়িষ্যার শাসনকার্থ্য নিযুক্ত ছিলেন; তিনি সম্রাট্ মহম্মদ সাহের নিকট হইতে গুপ্তভাবে বাঙ্গালা ও উড়িষ্যার শাসনভার-প্রাপ্তির যোগাড় করিয়াছিলেন। মুরশিদকুলি থার মৃত্যু হইলে, তিনি তৎপদ অধিকার করিলেন এবং সরফরাজ থাকে বাঙ্গালার দেওয়ান করিয়া ঠাহার জোধ শান্তি করিলেন। এই সময়ে পাতসাহ নসরৎয়ার থাকে বেহারের শাসনভার দেন ও অনন্তর তৎপদে ফকির উন্দোলা নামক এক ব্যক্তিকে নিযুক্ত করেন।

[মন্ত্রীসভা।]—রাজস্ব না দিবার দোষে যে সকল জমিদারগা। কারাক্তম ছিল, তাহাদিগকে মুক্ত করির। এবং আলমটা নামক একজন হিল্পকে সহকারী দেও-রাদ করিরা, ও তাহার জন্ম দিল্লী হইতে রায় রাইয়া উপাধি আনাইয়া, স্বজা প্রথমেই হিল্পদিগের ভক্তিভাজন হন। আলম চাঁদ, জগং শেঠ, এবং হাজি আহম্মদ ও আলিবর্দ্দি থা নামক ছইজন আত্মীয়, এই চারিজন লইয়া স্বজা একটি মন্ত্রী সভা করেন; এবং এই সভার পরামর্শ গ্রহণ পূর্বক রাজকার্য্য নির্ব্বাহ করিতেন।

স্তজা বাঙ্গালার সৈত্যসংখ্যা রদ্ধি করিয়া ২৫,০০০
করেন; তাঁহার অত্যরূপ জাঁকজমকও ছিল, এবং তিনি
মুরশিদকুলি থাঁর তায় নিয়মিত রূপে দিল্লীতে রাজস্বও
পাঠাইতেন। এইরূপে তাঁহার বায় বাড়িয়া যায়।
এ নিমিত তিনি নির্দ্দিট রাজস্বের অতিরিক্ত আবওরাব
নামক কর সংগ্রহ করিতে আরম্ভ করেন। আবওয়াব

ভাঁষার সময়ে প্রায় ২২ লক্ষ হইয়া উঠে; আলিবর্দি ও মীরকাশিমের শাসনকালে উহার এত রদ্ধি হয় যে যথন কোম্পানির হাতে দেওয়ানী যায় (১৭৬৫) তথন বাঙ্গালার মোট রাজস্ব আড়াই কোটিরও অধিক।

১৭২৯ অব্দে বেহারের শাসনকর্ত্তা ফকির উদ্দৌলা পদচ্যত হন, এবং স্কুজা তথাকার স্থবাদার হন। অনন্তর প্রজা আলিবর্দ্দি খাঁকে বেছারের শাসনভার দেন। আলি-বর্দ্দি বেতিয়া ও ভোজপুরের জমিদারদিগকে পরাজিত করিয়া বেহারে শান্তি স্থাপন করেন। ১৭৩২ অন্দে ঢাকার দেওয়ান মীরহবিব ত্রিপুরা জয় করেন। অনন্তর সরফরাজ থাঁ ঢাকার শাসনকর্ত্বপদে নিয়োজিত হন। তিনি মুরশিদাবাদেই থাকেন; কিন্তু দে য়ান যশোকন্ত বায় স্থচাৰুরূপে রাজকার্যা নির্ব্বাহ করিয়া সকলের প্রীতিভাজন হন, এবং তাঁহার আমলে পুনর্বার টাকার ৮মা চাউল বিক্রেয় হয় (১৭৩৫)। ইহার ত্রবৎসর পরে রঙ্গপুরের ফৌজদার হাজি আহমদের মধ্যম পুত্র সৈয়দ আহমদ দিনাজপুর ও কুচবেহার আক্রমণ -ক্রিয়া ব্লাজাদিগের বহুকাল সঞ্চিত ধনরাশি হস্তগত করেম ।

্ [সরফরাজ থাঁ।]—১৭৩৯ অব্দে স্থজাউদ্দিন মানব-লীলা সম্বরণ করেন; হৃত্যুকালে তিনি সরফরাজকে হাজি আহম্মদ্, জ্বগৎশেষ্ঠ ও আলমটাদ এই কয়েক জ্বের পরামশ লইয় চলিতে বলেন। কিন্তু সরফরাজ্প সিংহাসনে আরোহণ করিয়াই হাজি আহম্মদ ও জ্বাৎ- শেঠকে অপুমানিত করিলেন, এবং তাঁহারা দিল্লী হইতে আলিবর্দি থার বাঙ্গালা, বেহার ও উড়িষ্যার স্থবাদারী শদে নিয়োগপত্র জোগাড় করিলেন। অনন্তর আলিক্রিনিয়ো যাত্রা করিলেন। মুরশিদাবাদ সল্লিহিত
টিয়ো নামক স্থানে সরকরাজ পরাজিত ও নিহত
হইলেন (১৭৪০)। আলিবর্দ্দি শাসনকর্তা হইলেন।

আলিবৰ্দ্দি স্থবাদার হইয়া দিল্লীতে অনেক উপঢ়োকন প্ররণ করেন, এবং রাজ্যশাসনের নৃতন বন্দোবস্ত করেন। তাঁহার তিন কন্সার সহিত তাঁহার ভ্রাতা হাজি মাহমদের তিন পুলের বিবাহ হইয়াছিল। আলিবর্দি ঙ্গামাতৃত্রয় মধ্যে জ্যেষ্ঠ নিবাইস মহন্মদকে ঢাকার, এবং কনিষ্ঠ জৈনউল্নকে বেহারের, শাসনভার প্রদান করিয়। জৈনউদ্দিনের পুত্র সিরাজউদ্দোলাকে দত্তক পুত্র স্বরূপ গ্রহণ করেন; আর সরফরাজ গাঁর ভগ্নীপতি উড়িষাক ণাসনকর্ত্তা মুরশিদকুলিকে পরাজয় করিয়া মধ্যম জামাতা সৈয়দ আহম্মদকে সে প্রদেশের শাসনকর্ত্তব পদে নিয়ো-ক্তত করেন। কিন্তু আহমদের অসদচিরণে উৎকলে गौबरे विटाम र रहा ; जरः मूत्र निक्कृ नित पन अवन रहें है। আহমদকে কারাকদ্ধ করে। এই সংবাদ পাইয়া অপিল-বৰ্দ্দি উডিষ্যায় গমন করেন এবং বিপক্ষবর্গকে পরাজ্ত করিয়া জামাতার উদ্ধার সাধন করেন।

্বির্নির হাঙ্গামা।]—উড়িষ্যাবিজর করিয়া আলি-বর্দ্দি ফ্লামোদ প্রমোদ করিতেছেন, এমন সময়ে শুনিত্রে, পাইলেন যে মারহাটারা তাঁহার রাজ্য আক্রমণ করি-

গাছে। মারহাটার। হিল্প এবং তাহাদিপের বাসস্থান পশ্চিম এবং মধ্য ভারতবর্ষে। তাহারা তংকালে ভারতবর্ষ মধ্যে সর্বাপেকা ক্ষমতাশালী হইয়া উঠিয়া-ছিল; ১৭২০ অবে সমাট মহমদ সাহ তাহাদিগের অত্যাচার নিবারণার্থ তাহাদিগকে দক্ষিণাপথের চৌথ অর্থাৎ রাজকের এক ১৬র্থাংশ দিতে চাহিয়াছিলেন। তাহাব এই চৌথের দানি সর্বব্রই করিত। ১৭৪১ অব্দে তাহাবা বাঞ্চালা আক্রমণ করিয়া ভাগীরথীব পশ্চিম-তীরবর্ত্তী প্রদেশ অধিকার করে ও লুচপাচ করিয়া প্রজা-দিগকে যৎপরোনান্তি কট প্রদান করে। ইংরেজেরা তাহাদিগের ভরে কলিকাতা রক্ষার্থে মারহাটাখাত কাটিতে আরম্ভ করেন। পর বৎসর দ লিবর্দি তাহা-দিগকে কাটোয়াৰ নিকটে পরাজিত করিয়া দেশবহিষ্কৃত করেন (১৭৪২)। অনন্তর তাহারা বার্যার এতদেশ আক্রমণ করিয়া স্থবাদারকে ব্যতিব্যস্ত করে; পরিশেষে আলিবর্দ্দি তাহাদিগকে কটকপ্রদেশ প্রদান করিয়া এবং বালালার চৌথ স্বরূপ-বংসর বংসর বার লক্ষ টাকা র্দিতে স্কীকার করিয়া সন্ধি করেন (১৭৫১)। মারহাটা-দিগেঁর আক্রমণকে বাঙ্গালার লোকে "বর্গির হাঙ্গামা" বলে ।

"বর্গির হাঙ্গামাব" সময়ে এদেশে তিন বার বিদ্রোহ হয়। প্রথমতঃ সেনাপতি মুস্তাফ। খাঁ বিদ্রোহী হইয়া কেহারের শাসনকর্তা জৈনউদ্দিনকর্তৃক নিহত ছন। অনপ্তর সামসের খাঁ বিশ্বাস্থাতকতা পূর্ব্বক জৈনউদ্দিন ও তদীয় পিতা হাজি আহমদকে বিনষ্ট করে, কিন্তু
আলিবর্দ্দির সহিত যুদ্ধে পাটনা-সন্নিহিত বাঢ় নামক
স্থানে পরাজিত ও হত হয় (১৭৪৯)। তৃতীয় বিদ্রোহের
মূল সিরাজউদ্দোলা। মাতামহকে সিংহাসনচ্যত করিবার আশায় পাটনা আক্রমন করিতে গিয়া তিনি তথাকার শাসনকর্তা রাজা জানকীরাম কর্তৃক কারাক্রদ্ধ হন
(১৭৫০)। এরপ আচরনেও ইহার প্রতি আলিবর্দ্দির
বিরাগ জন্মে নাই; বরং তিনি কিসে সন্তুষ্ট থাকেন
তৎপ্রতিই স্থবাদারের দৃষ্টি হইয়াছিল। এই কারনে
সিরাজউদ্দোলার অত্যাচারের র্দ্ধি হইয়াছিল। এই কারনে
কি তিনি নিবাইস মহম্মদের প্রিয়পাত্র ঢাকার সহকারী
শাসনকর্তা হোসেনকুলি খাঁকে বিনা অপরাধে বধ
করেন।

১৭৫০ সালে আলিবর্দ্দি বেহারের রাজস্বের নৃতন বন্দোবস্ত করেন। এতদ্ধারা বেহার প্রদেশ ৮টা সরকার ও ৩২০ মহলে বিভক্ত হয়; এবং ইহার রাজস্ব ৯৫,৫৬,০৯৮ টাকা নির্দারিত হয়।

১৭৫৬ অব্দে আলিবর্দি মানবলীলা সম্বর্ করেন।
ইহার পূর্বেই সিরাজউদ্দোলার পিতৃব্যদ্বরের মৃত্যু মটে।
ই হাদিবের মধ্যে সৈরদ আহম্মদ পূর্ণিরার শাসমকর্ত্যা
ছিলেন, এবং সকতজঙ্গ নামক একটা পুত্র রাধিয়া যান।

আলিবর্দ্দি ইংরেজদিণের ক্ষমতা রুঝিয়াছিলেন, এজকু বাণিজ্ঞা লইয়া তাহাদিণের সহিত কোনরপ বিরোধ করিতেন না; তাহাদিণকে এদেশ হইতে তাড়াইয়া দিবার পরামর্শ এক জন উচ্চপদস্থ কর্মচারী তাঁহাকে প্রদান করিলে তিনি বলেন যে "স্থলের অগ্নি নির্বাণ করাই কঠিন; জলে আগুণ লাগিলে কে নিবাইবে??' ফরাসী এবং ওলন্দাজেরাও তাঁহার সময়ে স্থথে ছিল। তাঁহার বিশ্বাস হইয়াছিল যে অস্পকাল মধ্যে ভারতবর্ষে ''টুপিভয়ালা'' দিগের প্রাধান্ত স্থাপিত হইবে।

ি সিরাজউন্দোলা। !—সিরাজউন্দোলা সিংহাসনে আরোহন করিয়া ত্লুক্তিত ল ও নিষ্ঠুরতা নিবন্ধন শীস্তই লোকের অপ্রির হইয়া উঠিলেন এবং পূর্ণিরার শাসনকর্তা সকতজন্দকে অবাদার করিবার উদ্দেশে একটা বড়যন্ত্র হইল। মিরাজ ইহার সন্ধান প্রাইয়া সমৈত্যে পূর্ণিরাভিমুখে যাত্রা করিলেন। পথিমধ্যে তাঁহার ক্রোধ ইংরেজদিশের বিক্দ্ধে ধাবিত হইল।

[অন্ধকূপ হতা।]—সিরাজটদৌলা ঢাকার সহকারী
শাসনকর্তা রাজা রাজবল্লভের সম্পত্তি হস্তগত করিবার
চেষ্টা করেন; এ নিমিত্ত রাজার পুত্র ক্ষদাস সপরিবারে সঞ্চিত ধনরাশি লইয়া কলিকাতায় ইংরেজদিগের
আক্রয় গ্রহণ করেন। এই সংবাদ শুনিয়া নবাব আদেশ
করেন যে অবিলয়ে ক্ষদাসকে প্রত্যর্পণ করিবে এবং
কলিকাতার হুর্গ ভান্দিয়া ফেলিবে। পূর্ণিয়াভিমুখে
যাত্রা করিয়া স্থবাদার শুনিলেন যে ইংরেজেরা আদেশ
প্রতিপালনে অসমত। অমনি রাজধানীতে প্রত্যাগমন পূর্বক মুরনিদাবাদ-সন্নিহিত কালিমবাজারস্থ
কোম্পানির কুঠী হস্তগত করিলেন; অনন্তর কলিকাতা

পাক্রমন করিয়া ইংরেজ হুর্গ অধিকার করিলেন।
সমুদায় স্ত্রীলোক ও বালক বালিকা লইয়া শাসনকর্তা
ড্রেক সাহেব ও প্রধান কর্মচারীগা জলপথে প্রস্থান
করিয়াছিলেন; কেবল ১৪৬ জন বন্দী হইল। অস্করুপ
নামক ইংরেজদিগের একটী ক্ষুদ্র কারাগৃহ ছিল;
তাহাতে বন্দিগণকে রাত্রিকালে বন্ধ করিয়া রাখা হইল।
নিখাস প্রখাসে তথাকার বায়ু দ্যিত হইয়া ১২৬ জনের
মৃত্যু হইল; এবং প্রাতঃকালে যে ২৬ জনকে জীবিত
দেখা গেল, তাহাদিগকে চিনা ভার। নবাব যত কেন
দোষী হউন না, এ ভয়য়র হত্যাকাণ্ডের অপরাধ তাঁহার
ক্ষরে চাপান্ যায় না; কারন সন্ধীর্ণ স্থানে অনেক
লোক রাথিলে যে বিপত্তি ঘটে, ইহা তাঁহার জানিবার
কোন সম্ভাবনা ছিল না।

সিকতজঙ্গ। — কলিকাতা অধিকার করিয়া নবাব ভর প্রদর্শন পূর্বক চুচ্ডার গুলনাজদিণের নিকট ছইতে ৪ই লক্ষ এবং চন্দানগরের ফরাসীদিণের নিকট ছইতে ৩ই লক্ষ টাকা আদায় করিলেন। অনন্তর সকত-জন্মের বিরুদ্ধে যাত্রা করিলেন। সকতজঙ্গ প্রায় সিরাজউদ্দোলার সমবরসী, এবং তদপেক্ষাও নির্বের্জাণ ও অহম্বারী ছিলেন। তিনি যদিও যুদ্ধবিষয়ে সম্পূর্ণ অনভিজ্ঞ ছিলেন, তথাপি শ্বয়ং সৈন্যাধ্যক্ষতা গ্রহণ করিলেন। সিরাজউদ্দোলা নিজে না যাইয়া রাজা মোহনলালকে সংগ্রামে পাচাইলেন। পূর্ণিয়ার নিকট্ছ নবাবগঞ্জে যুদ্ধ হইল; সকতজঙ্গ পরাজিত ও নিহত ছইলেন (১৭৫৬); নবাব মহাসমারোছে মুর্শিদারাদে প্রত্যাবর্ত্তন করিলেন।

িকর্ণেল ক্লাইব।] —কলিকাতার হত্যাকাণ্ডের সমা-চার মান্দ্রাজে পৌছিলে, তত্রত্য ইংরেজদিগের ক্রোধানল প্রজ্বলিত হইয়া উঠিল ; এবং অম্প দিন মধ্যেই কর্ণেল ক্লাইব ও আডমিরাল ওয়াটমন সাহেব ৯০১ ইংরেজ দৈন্য এবং ১৫০০ দিপাহি দইয়া জাহাজে আৱোহণ পূৰ্বক বাঙ্গালার অভিমুশ্বে যাত্র। বিলেন। ১৭৫৬সালের ডিসেম্বর মাসে তাঁহারা ভাগীরথীর মোহানায় প্রবেশ করিলেন; অনস্তর আক্রমণ করিয়া যথাক্রমে বজ্রবজ্ঞিয়া, কলিকাতা এবং হুগলী হস্তগত করিলেন। নবাব কলিকাত। পর্যন্ত সমৈক্তে আসিয়াছিলেন; কিন্তু সহসা আক্রান্ত হইয়া এরপ ভীত হইলেন যে ১৭৫৭ সালের ৯ ফেব্রুয়ারি তারিখে ইংরেজদিগের সহিত সন্ধি করিলেন। এই সন্ধিদারা নির্দারিত হইল যে ইংরেজেরা এ দেশে পূর্বের মত বিনা করে বাণিজ্য করিতে এবং কলিকাতায় তুর্গ ও টাকশাল রাখিতে পারিবেন; আর তাঁহাদিগের ধ্য ক্লুতি হইয়াছিল, শ্বাদার তাহার পূরণ করিয়া দিতে জ্বদীকার করিলেন।

. কিছু দিন পরে বিলাত হইতে সংবাদ আসিল যে ফ্রাসীদিগের সহিত ইংরেজদিগের যুদ্ধারম্ভ হইয়াছে। অমনি ক্লাইব ও ওয়াটসন নবাবের অনিচ্ছাসত্তেও চন্দ্রনগর আক্রমণ করিয়া অধিকার করিলেন (মে মাসু, ১৭৫৭)।

ইতিমধ্যে সিরাজউদ্দোলাকে সিংহাসনচাত করিবার নিমিত্ত একটা বড়বন্ত্র হইল। সেনাপতি মীরজাফর, কোষাধ্যক্ষ রাজা রায় হল্লভ, এবং ধনীত্রেষ্ঠ জগৎ শেঠ. ॰ইহাতে প্রধানতঃ লিপ্ত ছিলেন। ক্লাইব সাহেবের অভি-মতাহসারে মুরশিদাবাদের রেসিডেণ্ট ওয়াট্স সাহেবও তাহাদিগের সহিত যোগ দিলেন। অনন্তৰ স্থিরীকৃত **ছ**ইল যে ইংরেজের। সাহায্য দিয়া মীরজাফরকে নবাব করিবেন ; এবং মীরজাফর ইংরেজদিগকে পুরস্কার স্বরূপ অনেক টাকা দিবেন। উমার্চাদ নামক একজন সম্পত্তি-শালী ব্যক্তির সাহায্যে ইংরেজেরা মীরজাফরের সহিত 'কথাবার্ত্তা স্থির করেন। নবাব কলিকাতা লুঠ করিলে, তাঁহার অনেক ক্ষতি হইয়াছিল'; তিনি বলিলেন যে মীরজাকরের সহিত যে সন্ধিপত্র হইবে, তাহাতে ত্রিশ লক্ষ টাকা তাঁহার অংশ মির্দিষ্ট না হইলে, তিনি নবাবের নিকটে সমুদার প্রকাশ করিরা দিবেন। স্থচভুর ক্লাইব অমনি ছুইখানি সন্ধ্রিপত্ত প্রস্তুত করিলেন; একখানি প্রকৃত, অপরখানি মিথা। কেবল শেষোক্ত পত্তে উমা-চাঁদের ত্রিশলক্ষ টাকার উল্লেখ থাকিল, এবং তাহা मिथारे जिनि मस्के रहेलन। **এই मिथा मिक्कि** नि ওয়াট্সন সাহেব স্বাক্ষর করিতে চাহিলেন না দেখিয়া ক্লাইব তাঁহার নাম জাল করিলেন। এই ব্যাপারটী ক্লাইৰের চরিত্রের কলঙ্ক স্বরূপ রহিয়াছে।

[পলাশার যুদ্ধ।]—অতঃপর্ ইংরেজদিগের প্রতি নবাবের অত্যাচার বর্ণনা করিয়া ক্লাইব সিরাজউদ্দৌল্যকৈ এক পত্র লিখিলেন; এবং প্রায় এক হাজার গোরা এবং ২১০০ দিপাহী লইয়া মুরশিদাবাদের অভিমুখে যাত্রা করিলেন। নবাব ৩৫,০০০ পদাতিক এবং ১৫ হাজার অশ্বারোহী সমভিব্যাহারে অগ্রসর হইলেন। পলাশী নামক স্থানে যুদ্ধ হইল। মীরজাফরের বিশ্বাসঘাতকতার ইংরেজদিনের জয় হইল (২৩ জুন, ১৭৫৭)। যুদ্ধান্তে ক্রাইব মীরজাফরেক বালা, বেহার, উড়িষ্যার নবাব বলিয়া অভিবাদন করিলেন। সিরাজউদ্দোলা ছদ্মবেশে মুরশিদাবাদ হইতে পলায়ন করিলেন; কিন্তু ধরা পড়িয়া মীরজাফরের পুল্ল মীরণ কর্তৃক হত হইলেন। ইংরেজরা পুরস্কার ও ক্ষতিপূরণ স্বরূপ অনেক অর্থ পাইলেন। উমার্টাদ অনেক আশা করিয়াছিলেন; কিন্তু প্রকৃত সন্ধ্রিপত্র দেখিয়া একবারে হতবৃদ্ধি হইলেন।

[দেশের অবস্থা।]—পলাশীর যুদ্ধের পরে ইংরেজরাই বাস্তবিক এ দেশের অধিপতি হইলেন। অনস্তর যে কেহ নবাব হইয়াছেন, সে কেবল তাঁহাদিগেরই অল্পুত্রে। স্থতরাং মোগলাধীন স্থবাদারদিগের শাসনকাল সমৃদ্ধে এন্থলে ক্য়েকটী কথা বলা আবশ্যক হইতেইছে।

ত্তি কিনিদার।]—দায়ুদ খাঁর মৃত্যুর পরেও পাচানদিগকৈ বশীভূত করিতে ৩৬ বংসর লাগিয়াছিল। এই
সময়ে পূর্ব্বদক্ষিন প্রদেশে পর্ভুগিজেরা বিলক্ষণ উৎপাত আরম্ভ করিয়াছিল; এবং জমিদারদিগের মধ্যেও
অনেকৈ নিয়মিত রাজস্ব প্রদান করিতে পরামুখ হইয়া-

ছিলেন। আকরর সাহের রাজত্বকালে পূর্ব্বদেশে "বার ভূঁইয়া" নামক পরাক্রমশালী জমিদারদিগের কথা শুনিতে পাওরা যার; তন্মধ্যে যশোহরের রাজা প্রতাপাদিতা, ভুষণার মুকুন্দরায়, চক্রদ্বীপের কন্দর্প-নারায়ণ রায়, ভুলুয়ার লক্ষণ মাণিক, বিক্রমপুরের কেদার রার, ভুয়ালের ফজন গাজি, থিজিরপুরের কশা থাঁ, সাতৈলের রাজা রাম্বক্ষ, প্রগণা চাঁদ প্রতা-পের চাঁদ গাজি, এই নয় জনের নামের উল্লেখ দৃষ্ট হয় *। জমিদারদিগের দেওয়ানী ফৌজদারী ত্রই প্রকার ক্ষমতাই ছিল। তাঁহাদিগের সৈতা ছিল, গড় ছিল, বিচারালয় ছিল। তাঁহারা প্রজাদিণের নিকটে খাজনা আদায় করিতেন; এবং স্থাদার পরাক্রান্ত হইলে তাঁহার সমীপে দেয় রাজস্ব প্রের। করিতেন। অনেক সময়ে বল প্রয়োগ না করিলে, তাঁহাদিগের কাছে রাজস্বসংগ্রহ হইত না। কথন কখন জাঁহার। এরপ বিদ্যোহভাব প্রদর্শন করিতেন, যে স্থবাদার তাঁহাদিগকে রণে পরাভূত ও পদ হইতে বিচ্যুত করিতে বাধ্য হই-তেন। কিন্তু সাধারণতঃ তাঁহাদিগের বিষয়ের উত্তরীধি-কার সম্বন্ধে কোন মুসলমান শাসনকর্তা কোন প্রকার বাধা দিতেন না। মুরশিদকুলি খাঁ তাঁহাদিগকে রাজস্ব জন্ম অনেক যন্ত্রণা দিয়াছিলেন; কিন্তু স্থজাউদ্দিন ও

* কেহ কেহ বলেন পুটিয়ার রাজা, ভাহীরপুরের রাজা ও দিনাজপুরের রাজা "বার ভূঁইরা" দলের অপর ডিন জন ৷

আলিবদ্দি সদ্যবহার দ্বারা তাঁহাদিগের নিক্ষটে অধিকতর কর পাইয়াছিলেন।

হ্বাদার। — সরফরাজ থাঁ ও সিরাজউদ্দৌলা ব্যতিরিক্ত বাঙ্গালার সমুদয় স্থাদার দিল্লীর বাদসাহদিগের
নিযুক্ত। সরফরাজ থাঁও মুরশিদাবাদের সিংহাসন
অধিকার করিয়া দিল্লীর অনুমতি প্রার্থনা করিয়াছিলেন,
কিন্তু ঘাদসাহের মনোনী আলিবর্দি কর্তৃক নিহত হন।
নাদির সাহের আক্রমণে দিল্লীপ্রের ক্ষমতা এতদ্র
ক্রমিয়াছিল, এবং বর্গির হাজামায় ও কর্মচারীদিগের
বিস্নোহে আলিবর্দ্দি থাঁর এত স্থাদিক অর্থনায় হইয়াহিল,
যে প্র্যুমে কিঞ্জিৎ উপটোকন ব্যতীত টিনি দিল্লীতে
নিয়্মিত রাজস্ব প্রের্গ করেন নাই। 'গ্রাজউদ্দৌলা
বৎসরেক মাত্র রাজয় করিয়াছিলেন এবং এ প্রকার নানা
কাষ্যে ব্যাগত ছিলেন যে মোগল সম্রাটের সহিত ক্রাহার্ন
কোন সহন্ধ ঘটে নাই।

ইউরোপীয়গন।]—গৃন্ধীয় বোড়শ শতাকীর শেষে এবং সপ্তদশ শতাকীর প্রারম্ভে এতদেশে পর্ত্তুগিজ দিগার প্রান্ত্রাব ছিল। ১৬৩২ অব্দ হইতেই তাঁহাদিগেব প্রতাশী ব্রাস হয়। তদনন্তর (১৬১৪) নিষ্কারে বাণিজ্য করিবার অনুমতি পাইয়া ইংরেজদিগের প্রভাব বানিতে থাকে; এবং ক্রমে তাঁহাদিগের অর্থ ও ক্ষমতা রদ্ধি পাইয়া তাঁহারা দেশীয় লোকের যোগে এতদেশের সর্ম্মর কর্ত্বা হইয়া উঠেন।

[হিন্দুদিগের রাজকর্ম প্রাপ্তি।]—মোগলদিগেব

শাসনকালে ছুই.জন হিন্দু বাদালার স্থবাদার হইয়াছিলেন, রাজা তোড়লমল ও রাজা মানসিংহ। অস্তাস্থ বড় কর্মেও হিন্দুরা নিযুক্ত হইতেন। যশোবন্ত রায় ঢাকার দেওয়ান ছিলেন; আলমটাদ বাদালার সহকারী দেওয়ান এবং মন্ত্রীসভার সভ্য ছিলেন; জগৎ শেষ্ঠ মন্ত্রীসভার সভ্য ছিলেন। যথন সিরাজউদ্দোলা সিংহা-সনচ্যুত হন, তখন রাজা মোহনলাল সেনাপতি ও পূর্লি-য়ার শাসনকর্তা, রাজা রায়হুল্ল ভ কোযাধ্যক্ষ, রাজা রাম-নারায়ন পাঠনার শাসনকর্তা।

[গ্রন্থকার।]—স্বাধীন পাঠানদিগের সময়ে বন্ধদেশে যে প্রকার প্রতিভাশালী বাক্তিবর্গ জয়গ্রহণ করিয়া-ছিলেন, মোগলাধীন স্থবাদারদিগের শাসনকালে সেপ্রকার কাহারও আবির্ভাব লক্ষিত হয় না। যদিও কবিকঙ্গণের চণ্ডা, কাশীদাসের মহাভারত, রামপ্রসাদের পদাবলী এবং ভারতচন্দ্রের অন্ধদামলল, শেষোক্ত সময়ে লিখিত, তথাপি এ সকল প্রস্থকারদিগকে শিরোমনি, স্মার্ত ভট্টাচার্য্য বা চৈতন্মের তুলা বলা যায় না। কিন্তু কবিকঙ্গণাদি কর্তৃক বাদ্যালা ভাষা ক্রমশঃ মার্ক্সিত ছইরা পদারচনা সহত্বে ভারতচন্দ্রের হস্তে বিলক্ষণ উন্নতি লাভ করিয়াছিল, স্বীকার করিতে ছইবে। *

* এছলে কৃত্তিবাদের রামায়ণের উল্লেখ করা গেল না , কারণ কৃত্তিবাদ পাঠানদিগের কি মোগলাধীন সুবাদারদিগের সময়ে প্রাদুর্ভূত হইরাছিলেন, দ্বির করা যায় না। কৃত্তিবাদ ও

[মুসলমান ধর্মের বিস্তার।] — পূর্বেরাজালায় মুসল-মানধর্ম সমুদ্রকূল পর্যান্ত বিস্তৃত হইয়াছিল, জাহালীর কাশীরাম দাস কথকতা শুনিয়া রামায়ণ ও মহাভারত রচনা করেন, তাঁহাদিগের কৃত অস্থ পাঠ করিয়া জানিতে পারা যায়। সুতরাৎ কথকদিনের দারা বাঙ্গালা দাহিত্যের অনেক উপ-কার সাধিত হইয়াছে বলিতে হইবে। কৃত্তিবাস ব্রাহ্মণ, এবৎ প্রসিদ্ধ ফুলিয়া প্রাম নিবাদী! তাঁহার রচনাপ্রণালী দেখিয়া ভাঁহাকে কবিকক্ষণের পূর্ম্ববন্তী বলিয়া বোধ হয়। কাশীরাম माम " (मत " উপাধিধারী কায়ৰ, এব< কাটোয়ার সল্লিহিত সিপ্নিপুর্যে তাঁহার বাসস্থান ছিল। তিনি কিঞ্ছিদ্ধিক দুই শত বংসর পুর্বে প্রাদৃর্ভূত হইয়াছিলেন। বর্দ্ধমান জলার অঞ্গত मामूनााधारम कविकद्मन मुकुन्नताम ठक्कवर्शी क्यानुहन करत्न। তিনি মুসলমানদিগের অত্যাচারে বাসস্থল পরিত্যাগ করিয়া মেদিনীপুরের অর্ব্বর্ত্তা আড্রা প্রামবাদী রাজা বাঁকুড়াদেতের আশ্রেরে অবস্থিতি করেন এবং তংপুত্র রঘুনাথ রায়ের আদেশে চণ্ডীকাব্য য়চনা করেন। প্রায় তিন শৃত বংসর हरेल ह्डीकारा वृहित हरेगाल्ड। कति वामध्यमान तमन रेटमान ভাষীয় ; হালিদহরের মধানতী কুমারহট্ট নামক স্থান তাঁহাত্ত জন্মভূমি। রাজা কৃষ্ণচন্দ্র তাঁহাকে ১০০ বিঘা নিষ্কর ভূমি ্রবং "কেবির এন" উপাধি দেন। বর্দ্ধমান জেলার অভঃপাতী ভ্রশুট পর্গণার অন্তর্গত পেঁড়োগ্রামে ভারতচন্দ্র রায়ের নিবাদ ছিল। তিনি মুখুদী কুল-সম্ভূত। তিনি এক সময়ে रर्क्षभारमत् ताका कर्वक का मात्रक स्टेशि हिलन ; পরে তিনি নংদ্বীপাধিপতি রাজা কৃষ্ণচন্দ্েইয়া অর্দামসল ব্রচনা করেন (১৬৭৪ শক অর্থাৎ ১৭৫২ খৃঃ অঃ)।

বাদসাহের সমরে লিখিত একখানি বিদেশীয় প্রস্থে দৃষ্ট হয়। একণে অদিমস্থমারিতে দেখা যাইতেছে যে স্থবা বান্ধালার প্রায় এক তৃতীয়াংশ লোক মুসলমান। মুসল-ুঁমান-ধর্ম কিরূপে এদেশে এত বহুদূরব্যাপী হইয়াছে, জানা যায় না। মুসলমান জমিদার ও জায়গিরদারদিগের প্রভাবে যে তাহাদিগের ধর্মের অনেক দূর বিস্তার ঘটিয়াছে, তাহার সন্দেহ নাই। কিন্তু গৌড় মুরশিদা-বাদ প্রভৃতি মুসলমান রাজধানী সমিহিত প্রদেশ অপেক্ষা রাজসাহী, বগুড়া, চট্টগ্রাম প্রভৃতি স্থানে অধি-বাসীদিগের মধ্যে অধিকসংখ্যক মুসলমান, ইহাতে বুঝা যাইতেছে যে বাত্বল অপেক্ষা অহা কারণে মুসল-মান ধর্মের সহায়ত। করিয়াছে। যে সকল জেলায় মুসলমান অধিক, সেখানে মুসলমানেরা প্রায় চাষী, এবং জমিদার, ব্যবসায়ী ও বিদ্বান ব্যক্তিগণ প্রায় হিন্তু। এই সমুদায় দেখিয়া শুনিয়া অনেকে অভুমান করেন ্ষে অনাৰ্য্য জাতিগণ পশ্চিম হইতে তাড়িত হইয়া পুর্ববাদ্যালায় আত্রয় গ্রাহণ করিয়াছিল; এবং তরিমিত্ত তৎপ্রদেশস্থ অধিবাসীরা বহুলপরিমাণে অনাধ্যবংশ-সম্ভূত বলিয়া হিন্দু সমাজে অতি নীচ শ্রেণীতে স্থান পাইয়াছিল। এরপ হীনাবস্থা পরিত্যাগ করিয়া মুসল-মানদিগের সময়ে দেশের রাজার সহিত সমধ্যা হইতে তাহারা উৎসাহসহকারে ইচ্ছাপ্তর্বক যাইবে, ইহা আশ্চর্য্য নহে।

[রাইয়তদিগের অবস্থা।]—মুসলমান শাসনকালে

এদেশে সাধারণ লোকদিগের মধ্যে ক্রমে মুসলমান এবং বৈষ্ণব ধর্মের বিস্তার হইয়াছিল, ইহার অতিরিক্ত তাহা-দিগের অবস্থা সহদ্ধে কোন কথাই স্থির করিয়া বল। যায় না। কিন্তু অভ্নমান হয় যে তাহাদিগের অনাহার কট ছিল না। নবাব সায়েন্তা থাঁ এবং নবাব ছুজা-উদ্দিনের সময়ে টাকায় আট মণ করিয়া চাউল বিক্রয় হইয়াছিল; মুরশিদকুলি খাঁর আমলে টাকায় ৪মন চাউল ছিল; এবং সাধান্তৰতঃ বলিতে গেলে তৎকালে খাদ্য দ্রব্য মাত্রই এখন অপেক্ষা অনেক পরিমাণে সস্তা ছিল। অধিকন্ত একাল অপেক্ষা সেকালে দরিন্তদিগকে অর দিতে সম্পন্ন ব্যক্তিবর্গের প্রবৃত্তি দ্বিল। " আইন আক্ৰৱী " পাঠ ক্ৰিয়া বোধ হয় যে এতদেশীয় প্ৰজা-দিণের অর্থনন্ধতিও কম ছিল না; উক্ত প্রাস্থে লিখিত আছে, "বাদালার রাইয়তেরা অবাধ্য বা কর দিতে পরাগ্র্থ নহে। বৎসরের আট মাস দেয় অর্থ তাহার। কিন্তী বকিন্তী দিয়া থাকে। তাহারা আপনারাই নির্দিষ্ট शास्त दोशा वरः सर्ग्या नहेशा जाता। गण थनान রীতি নাই। শস্ত সর্ববদাই শস্তা।" বেছারেও শস্ত-- কিভাগের রীতি ছিল না। রাইয়তেরা খাজনা স্বরূপ मूजारे निज, এবং প্রথম কিন্তীর খাজনা দিবার সময়ে পরিছন্ন-বস্ত্র পরিয়া আসিত।

[বাণিজ্য।]—দিল্লীর অধীন স্থবাদারদিগের সময়ে
এদেশে বাণিজ্যের কিছু উন্নতি হইয়াছিল। প্রসিদ্ধ
ফরাসী পর্যাটক বার্নিয়ার স্বচক্ষে বাঙ্গালার অবস্থা ছুইবার

প্রত্যক্ষ করিয়া তৎসম্বন্ধে ১৬৬৫ খৃষ্টাকে স্বদেশে যে পাত্র লিখেন, তাহা পাঠ করিয়া জ্ঞানা যায় যে তৎকালে বাঙ্গালা হইতে বহুল পরিমাণে চাউল ও চিনি বিদেশে যাইত, এবং বাঙ্গালা কার্পাস ও পট বস্ত্র সম্বন্ধে কেবল ভারতবর্ষ ও তৎপার্থবর্ত্তা রাজ্য সমূহের নহে, ইউরোপ-শ্রুরও সাধারণ ভাগুর স্বরূপ ছিল; এতদ্বাতীত সোরা, লাক্ষা, আফিং, মোম, লঙ্কা মরিচ প্রভৃতিও অনেক রপ্তানি হইত। সম্রাট্ বা স্থবাদার নিজে ব্যবসায় করিতেন না। স্থলতান আজিমওসান একবার ক্ষেক্টা দ্রব্য একচেটিয়া করিতে গিয়া বাদসাহ আও-রঙ্গুকে কর্ত্বক তিরক্ষত হন।

রাস্তা। যদিও অনেক নদনদী থাকায় এদেশের বানিজ্য প্রধানতঃ জলপথে চলে, তথাপি বানিজ্যকার্য্য ও গমনাগমনের স্থবিধার জন্ম মুসলমানদিগের সময়ে এদেশে বড় বড় রাজবন্ধ ছিল। ১৬৬০ খ্রুটাব্দের এক-খানি-মানচিত্রে * এই কয়েকটা প্রধান রাস্তা লক্ষিত হয়। (১) যে হলে ভাগীরথী ও পদ্মা পৃথক্ ইইয়াছে, পাটনা, মুদ্দের ও রাজমহল দিয়া সেই হল পর্যন্ত একটা রাস্তা আসিয়া হুইটা শাখার বিভক্ত ইইয়াছে; একটা মুক্সদাবাদ, পলাশী, অগ্রদ্বীপ, বর্দ্ধমান ও মেদিনীপুর্য দিয়া কটকাভিমুখে গিয়াছে; অপরটা পদ্মার দক্ষিণ ধার দিয়া ফতাবাদ [ফরিদপুর] পর্যন্ত যাইয়া ঢাকার অভিমুখে গিরাছে। (২) আর একটা রাস্তা বর্দ্ধমান

Van den Broucke's map.

ইইতে বীরভূমের মধ্যদিয়া কাশিমবাজার হইয়া পদ্মার তীর পর্যান্ত গিয়াছে এবং নদী পার হইয়া রামপুর বোলালিয়ার অনতিদূরবর্তী হাজারাহাটি দিয়া করতোয়াকলন্ত ঘোড়াঘাট হইয়া বন্ধপুলের অভিমুখে ধাবিত ইইয়াছে। (৩) অপর একটা রাস্তা বর্জমান ইইতে হুগলী, যশোহর, ভূহণা ও কতাবাদ দিয়া পদ্মা পার ইইয়াধলেশ্বরী ওলখিয়ার সহ মন্তল পর্যান্ত গিয়াছে। (৪) আর একটা রাস্তা ঢাকা ইইতে বাহির ইইয়া ধলেশ্বরী পার ইইয়া পীয়পুর দিয়া পাবনা জেলার অন্তর্বতী সাহাজাদক্রের অভিমুখে গিয়াছে।

জ্ঞানচর্চা।]—যদিও বিদ্যালোচন। সইক্রে মুসলমান শাসনকর্ত্তাদিগের বিশেষ যত্ন ছিল না, তাৎকালিক জমিদারদিগের এ বিষয়ে অনেক উৎসাহ দেখা যায়। তাঁহারা আক্ষাপণিগুতগনের অর্থ-চিন্তা দূর করিবার নিমিক্ত তাহাদিগকে জক্ষত্র নামে কত নিহ্নর ভূমি দিরাছিলেন। তাঁহারা সংক্ষত্ত শিক্ষার্থী ছাত্রদিগের নিমিক্ত টোল চোঁপাও তাঁহারা সংক্ষত শিক্ষার্থী ছাত্রদিগের নিমিক্ত টোল চোঁপাও তাঁহারা সংক্ষত শিক্ষার্থী ছাত্রদিগের নিমিক্ত টোল চোঁপাও তাঁহারে আগ্রয় দিতেন। তাঁহারা গুণীলোক দেখিলে আহাকে আগ্রয় দিতেন। কবি রামপ্রসাদ সেন এবং ভার উচক্র রায় নদিয়ার জমিদার রাজা রুষ্ণচল্লের আগ্রয় পাইরাছিলেন। কবিকস্কর মুকুন্দরাম চক্রবর্ত্তা মেদিনীপ্রের জমিদার বাঁকুড়া রায় ও তৎপুক্র রয়্নাথ রায়ের সাঞ্জিত ছিলেন।

[সন।]—এম্বলে আর একটা কথা বলা নিতান্ত স্প্রাসন্থিক হইবে না। এ প্রদেশে বাছালা, ফস্লী

ও বিলায়তী দন নামে যে কয়েকটা অৰু প্রচলিত আছে: তাহাদিগের উৎপত্তি মোগলশাসন-সময়ে। আকবর সাহ সৌর বংসরের পক্ষপাতী ছিলেন ; এজন্য যে বংসর তিনি সিংহামনে আরোহণ করেন, সেই বংসর হইতে হিজিরার চান্দ্র বৎসরের পরিবর্ত্তে সৌরমানাত্রসারে গণনা করিতে হইবে, সমুদায় মোগল সামাজ্যে তিনি এই আদেশ প্রচার করেন। সাহজাহান বাদসাহ সর-কারী কাগজ পত্রে সৌরগণনা রহিত করেন; কিন্তু আকবর সাহের অব্দ স্থানে স্থানে এরপ প্রচলিত হইয়া-ছিল, যে উহার উচ্ছে হইল না। উহাই বাঙ্গালা, ফস্লী ও বিলায়তী সন নামে এ দেশে চলিতেছে। আকবর সাহ ১৫৫৬ খু জাবে সম্রাট্ছন। তৎকালে ৯৩৩ হিজিরা চলিতেছিল। ১৫৫৬ খ্নঃ অ হইতে ১৮৭৪ খ্নঃ অ পর্যান্ত ৩১৮ সৌর বৎসর গত হইয়াছে। ৯৬৩ হিজিরায় ৩১৮ (याग कत, तकांक ১২৮) इहेट्य। दिनांथ मार्म तका-ব্রের গণনারম্ভ হয়; পরবর্তী ভারদানে ফস্লী ও বিলায়তী সনের আরম্ভ ।

পঞ্চন অধ্যায়।

ইংরেজ শাসনকাল।

্রিক্রাইব।]—পলাশীর যুদ্ধের শরে ক্লাইব কলিকাতার অধ্যক্ষতা পদে নিযুক্ত হইয়া এদেশে তিন বংসর ছিলেন।

নবাব হইয়াই অপাদিন মধ্যে মীরজাকর অভায়ি আচরণ দ্বাবা কোষাধ্যক্ষ রাজা রায়ত্বল ভ, পাটনার শাসনকর্ত্তা রাজা রামনারায়ণ, এবং মেদিনীপুরের শাসনকর্তা রাজা রামরাম সিংহের সঙ্গে বিলক্ষণ গোলযোগ বাধাইয়া তলেন; কিন্তু ক্লাইব মাঝে পড়িয়া সমুদায় মিটাইয়। দেন। এই সময়ে সম্ট দ্বিতীয় সাহ আলম পাটনা আক্রমণ করিয়া তত্ত্তা শাসনকর্তা বামনারায়ণকে পরাস্ত করেন: কিন্দ ক্লাইবের প্রেরিত কর্ণেল কালিয়ড সমৈক্তে উপস্থিত হইলে বাদসাহ পরাজিত হইয়া প্রস্থান করেন। ইহাতে মীরজাফর মহট হইয়া ক্রাইবকে কোম্পানির জমিদারি জায়গির স্বরূপ প্রদান করেন। কি হু দিন পরে ক্লাইব জানিতে পারিলেন, যে কুচক্রী মীরজাফর ওলনাজদিগের সহিত ষড়যন্ত্র করিতেছেন; অমনি চুঁচুড়া আক্রমণ করিয়া তাহাদিগের গর্ব্ব থর্ব্ব করিলেন। অনন্তর (১৭৬০) তিনি ইংল্ডে প্রত্যা-গমন করিয়া রাজার নিকটে সমান ও "লর্ড " উপাধি পাইলেন।

[বান্দিটার্ট।]—ক্লাইবের পরে বান্দিটার্ট সাহেব বান্দীলার কোম্পানির কুঠীর গবর্ণর বা অধ্যক্ষ হন। মীরজাফর ইংরেজদিগকে যত টাকা দিতে প্রতিশ্রুত ছিলেন, সমুদায় পরিশোধ করিয়া উঠিতে পারেন নাই; বিশেষতঃ পাটনার যুদ্ধের সময়ে তদীয় পুত্র মীরনের বুজাঘাতে মৃত্যু হঙ্মায়, শোকে তিনি একপ্রকাষ অকর্মনা ইইয়া পড়িয়াছিলেন। তাঁহার জামাতা মীর- কাশিম বান্দিটাই সাহেব এবং কলিকাতা কোন্সিলের সহিত গোলমাল চুকাইতে যান। মীরকাশিমের কার্যা-দক্ষতা দেখিয়া তাঁহাকে নবাব করিতে ইংরেজদিগের ইচ্ছা হয়। ইচ্ছান্তরপ কার্যাও শীস্ত্রই অন্তর্গিত হইল। মীরজাফর অপস্থত হইলেন এবং কাশিম নবাবীপদে অধিরত হইলেন। স্বীয় মনস্কাম পূর্ণ হওয়াতে কাশিম কোম্পানিকে "বর্দ্ধমান, চট্টগ্রাম ও মেদিনীপুর" এই তিনটা জেলার অধিকার প্রদান করিলেন, এবং সাহায্যা-কারী ইংরেজ কর্মচারীদিগকে কয়েক লক্ষ টাকা উপহার দিলেন (১৭৬০)।

মীরকাণিম। — কর বাড়াইয়া এবং ব্যয় কমাইয়া
কাশিম অপ্পদিনেই ইংরেজদিগের দাবির টাকা পরিশোধ করিলেন। অনন্তর মুঙ্গেরে রাজধানী করিয়।
গার্গিন থাঁ নামক একজন আর্মানীর সাহাম্যে একদল
স্থানিক্ষিত সেনা প্রস্তুত করিলেন। এই সময়ে বাদসাহ
দ্বিতীয় সাহ আলম মুদ্ধে পরাজিত হইয়া কর্ণেল কার্ণাকের সহিত পাটনার উপস্থিত হইলে, মীরকাশিম সমাটের সহিত সাক্ষাৎ করিয়া বাঙ্গালা, বেহার, উড়িয়্য়ার
স্থাদারী পদে প্রতিষ্ঠিত থাকিবার অন্তমতি পাইলেন্।

কাশিমের সহিত বিবাদ।]—কিয়ৎকাল পরে অন্ত-বানিজ্যের শুল্ক লইয়া নবাবের সহিত ইংরেজদিগের বিবাদারস্থ হইল। বাদসাহী সনন্দবলে কোম্পানি এদেশে বিনা শুল্কে বানিজ্য করিতে পারিতেন। ইংরেজ কর্মচারীরা এই সময়ে আপন আপন নৌকায় কোম্পান

নির নিশান তুলিয়া মাশুল হইতে পরিত্রাণ পাইবার উপায় অবলঘন করিয়াছিলেন। তাঁহাদিগের নিকটে ছাড কিনিয়া অনেক দেশীয় বণিকও কোম্পানির নিশান তুলিয়া করের দায়ে নিষ্কৃতি পাইতেছিল। এইরূপে রাজম্বের বিস্তর ক্ষতি হওয়ায়, মীরকাশিম ও বান্সিটাই উভরে পরামর্শ করিয়া এই স্থির করিলেন যে কোম্পা-িনির কর্মচারীরা স্বাস্থাপাণা দ্রব্যের উপর শতকরা ১ টাকা করিয়া শুলক দিবেনশ কিন্তু কলিকাতার কৌশি-লের সদস্যান কেবল লবনের ব্যবসায়ে শতকরা ২॥০ টাকা দিতে স্বীকার ক্রিলেন। ইহাতে নবাব ক্রোধ করিয়া অন্তর্বাণিজ্যের শুল্ক একবারে উঠাইয় দিলেন। এতদারা সাধারণের উপকার হইল বটে; কিন্তু ইংরে-জের। অসস্তম্ভ হইলেন। পাটনায় ইংরেজদিগের কয়েক-খান নৌকা নবাবের কর্মচারীগণ খানাতল্লাদী করাতে; তত্রত্য কোম্পানির কুঠীর অধ্যক্ষ ইলিসসাহেব অস্ত্রধারী হইয়া পাটনা অধিকার করিলেন। কিন্তু জয়োগত গোরানৈত্য মদ খাইয়া জ্ঞানশূন্য হইলে স্থাদারের দেনাপতি উক্ত নগরী আক্রমণ করিয়া ইলিস্ সাহেব ७ अनामा इश्त्रक्रिंगित तनी कतिन। मीतका भिम এই সংবাদ শুনিয়া আপনার রাজ্য মধ্যে সমুদায় ইংরেজদিগকে কয়েদ করিতে হুকুম দিলেন।

এদিকে ইংরেজের। মীরজাফরকে পুনরায় নবাবী পদে অধিষ্ঠিত করিয়া সীমরসজ্জা করিলেন। কয়েকটী হুদ্ধ হইল; কিন্তু মীরকাশিম সর্বব্রই পরাজিত হইলেন। গড়িয়। নামক স্থানে তাঁহার সৈন্যগণ বিলক্ষণ সাহস ও রণপাণ্ডিত্য প্রদর্শন পূর্বেক ৪ ঘণ্টা সংগ্রাম করিয়াও ইংরেজদিগের পরাক্রমে পরাভূত হইল (১৭৬৩)। অন-ন্তর কাশিম রাজা রামনারায়ণ, জগণশেট, রাজা রাজ-বল্লভ প্রভৃতি কতকগুলি এতদেশীয় ভদ্রলোক এবং ইলিস্ সাহেব ও অন্যান্য বন্দীকৃত ইংরেজদিগকে বধ করিয়া পাটনা হইতে পলাইলেন। কাশিমের চরিত্রের এই একটী ত্ববপনেয় কলক্ষ।

[বক্সারের যুদ্ধ।]—ইংরেজের। অগ্রসর হইরা পাটনা অধিকার করিলেন। মীরকাশিম অযোধার নবাবের আত্রয় লইলেন। পর বংসর উভরের মিলিত সৈন্যের সহিত বক্সারের যুদ্ধেও ইংরেজেরা জয় লাভ করিলেন (১৭৬৪)। এতদ্বারা ইংরেজদিগের বীরত্বশঃ আর্ধ্যানর্ত্ত-পরিবাপ্ত হইল। বাদসাহ স্বয়ং আসিয়া তাঁহাদিগের শিবিরে উপস্থিত হইলেন, এবং তাঁহাদিগের সাহাযো দিল্লীর সিংহাসন পুনঃপ্রাপ্তির উপায় দেখিতে লাগিলেন।

রাজ্য শাসনের বন্দোবস্ত। — মীরকাশিমের সহিত
যুদ্ধ সংবাদ পাইয়া কোম্পানির ভাইরেইরেরা ঐতদেশে
ক্লাইবকে পুনঃ প্রেরণ করেন। ১৭৬৫ অব্দের মে মাসে
তিনি কলিকাতায় উপস্থিত হন। তাঁহার আগমনের
পূর্বে মীরজাফরের মৃত্যু হয়; এবং তৎপুঞ্জু নাজিম উদ্দোলা ইংরেজদিগের কর্তৃক নবাবী পদে প্রতিষ্ঠিত
হন। ক্লাইব মুরশিদাবাদে গিয়া নূতন নবাবের সহিত্ সাক্ষাৎ করিয়া এই বন্দোবস্ত করিলেন যে সৈন্যসংক্রান্ত ও রাজ্যরক্ষাসম্বন্ধীয় ভার ইংরেজকর্মচারীদিগের হস্তে থাকিবে; করসংগ্রহ, বিচার, দগুবিধান প্রভৃতি অন্যান্য কার্য্য যেমন নবাবের নামে দেশীয় কর্মচারীদিগের দার। সম্পন্ন হইতেছিল তেমনই চলিবে; এবং সাংসারিক ও বিচারালয়াদি-সংক্রান্ত ব্যয়নির্কাহার্থ নবাব ব্যবিক তিপান্ন লক্ষ্ণ টাকা পাইবেন।

[দেওয়ানী প্রাপ্তি।]—অনন্তর পশ্চিমে গিয়া ক্লাইব ইংরেজ শিবিরে অযোধ্যার নবাব স্থজাউন্দোলা ও বাদ-সাহ সাহ আলমকে দেখিতে পাইলেন। কড়া এবং এলাহাবাদ এই ছুইটা প্রদেশ পরিত্যাগ করিয়া এবং ইংরেজদিগের সহিত মিত্রতা রাখিবার অঙ্গীকার করিয়া স্থজা-অযোধ্যার নবানী পদে পুনরধিষ্ঠিত হইলেন। পরে স্থজার পরিত্যক্ত প্রদেশন্বয় বাদসাহকে প্রদান করিয়া এবং তাঁহাকে বার্ষিক ২৬ লক্ষ টাকা কর দিতে স্বীকার করিয়া ক্লাইব তাঁহার নিকট হইতে কোম্পানির নামে বাঙ্গালা, বেহার ও উড়িয়ার "দেওয়ানী" গ্রহণ করি-লেন। ১৭৬৫ খুফান্ডের ১২ আগফ্ট তারিখে দেওয়ানী সনন্দ প্রদত্ত হয়। ইহাই এতদেশের ইংরেজ রাজত্বর প্রধান দলিল।

দেওয়ানী-প্রাপ্তির পরে রাজস্বস্থারীর বন্দোবস্ত করিবার ক্ষমতা কোম্পানির হইল। কিন্তু দেওয়ানী লাভের অব্যবহিত পূর্বে নবাবের সহিত রাজকার্য্য নির্বাহার্থে যে সকল নিয়ম সংস্থাপন করা হইয়াছিল, ক্লাইব দেখিলেন যে সে সকলের অন্তর্থা করায় কোন ফল নাই; স্ত্রাং তদমুসারেই কার্য্য চলিতে লাগিল। মহম্মদ রেজ। থা বাঙ্গালার এবং রাজা সিতাব রায় বেছারের নায়েব দেওয়ানী পদে নিযুক্ত হইলেন; এবং তাঁহাদিগের হত্তে সমুদায় কার্যোর ভার অর্পিত হইল।

[গৃহ সংস্কার।]`ইংরেজ কর্মচারীদিগের বেতন . অপ্প ছিল। স্থতরাং অর্থাগমচেষ্টায় তাঁহারা এত-দেশীয় লোকের নিকটে উপহার গ্রহণ করিতেন এবং বাণিজ্যকার্যো প্রবৃত্ত হইতেন। ক্লাইব ১৭৬৫ সালে কলিকাতায় আসিয়াই তাঁহাদিগের নিকটে এই মর্মের একথানি বিয়মপত্র স্বাক্ষরিত করিয়া লইয়াছিলেন যে উঁহোরা এতদেশবাসীদিগের নিকটে উপটোকন লইবেন না। দেওয়ানীপ্রাপ্তির পরে তিনি তাঁহাদিগকে বানিজ্য করিতে নিষেধ করিলেন ; কিন্তু লবণের একচেটিয়া ব্যবসায় আরম্ভ করিয়া তাহার লাভের কিয়দংশ কর্ম চারীদিগের মধ্যে পদম্য্যাদাত্মারে বিভাগ করিয়। मियात वरमावछ कतिरास । এই नियम द्वरे वरमत छिल । ইহার পর ঠাহারা রাজ্যের উপর শতকরা কিছু ক্রিয়া কমিসন কিয়ৎকাল পান। লর্ড কর্ণওয়ালিসের সময়ে হাঁহাদিগকে উপযুক্ত বেতন প্রদানের পদ্ধতি প্রবর্ত্তিত হয়।

এই সকল গুৰুত্ব কাৰ্য্য সাধন করিয়া ক্লাইব ইংরেজ সৈনিকদিগের "ভবল ভাতা" ওঠাইয়া দেন। যুদ্ধ-কালে থাঁহারা কিঞ্চিৎ অতিরিক্ত টাকা পাইতেন।

দীবজাফরের সময়ে এই প্রাপ্য দিগুণিত হয়, এবং কি
শ'ল্ডি, কি সংগ্রাম, সকল কালেই উহা তাঁহারা, পাইতে
খাকেন। উহা উঠাইয়া দিলে তাঁহারা বিদ্রোহভাব প্রদশন করেন; কিন্তু ক্লাইবের সাহস ও বিবেচনায় শীদ্রই
সমুদার গোল্যোগ চুকিয়া যায়।

১৭৬৭ অব্দে ক্লাইব স্বদেশে প্রত্যাবর্ত্তন করেন; কিন্তু সেখানে স্থাব দিন শেষ করিতে পাবেন নাই। যাহা-দিগের জন্ম একটা বিস্তীর্ণ রাজ্য সংস্থাপন করিতে গিরা তিনি পাপ করিতেও সঙ্গটিত হন নাই, সেই স্বদেশীর জনগানের অক্লতজ্ঞতার তিনি পাতকসন্তপ্ত জীবনভাঙ্গ বহন করিতে অসমর্থ হইয়া ১৭৭৪ অব্দে আত্মহত্যা করেন।

[ছিয়াত্তরের ময়ন্তব ।]—ক্লাইব অবদেশ যাত্রা করিলে বেরেল্ফ সাহেব ১৭৬৯ অন্ধ পর্যন্ত এবং তদনন্তর কার্টিয়ার সাহেব ১৭৭২ অন্ধ পর্যন্ত বাদ্ধালার গবর্ণর ছিলেন। তাঁহাদিগের সময়ে যদিও রাজকার্য্য নবাবের কর্মচারীদিগের হস্তে ছিল, তথাপি ইংরেজেরা সকল বিষয়েই হাত দিতেন। এইরপে শাসন সম্বন্ধে অনেক বিশুঙ্খলা ঘটিয়াছিল। বিশেষতঃ ক্লাইব চলিক্লা যাও্তনাতে কোম্পানির কর্মচারীদিগের অর্থলালসার বেগ ক্ষম করে এমন লোক ছিল না, ইহাতে বিলক্ষণ অত্যাচার রিদ্ধি হইরাছিল। দেবতাও তৎকালে প্রতিকৃল হইয়াছিলেন। খুফীর ১৭৬৯—৭০ অন্দে এ দেশে একটী ভয়য়য় য়্রিক্তিক ঘটে। বাদ্ধালা ১১৭৬ সালে ঘটিয়াছিল

বলিয়া ইহাকে "ছিয়াত্তরের মন্বস্তর" বলে। ইহাতে এ দেশের প্রায় এক তৃতীয়াংশ লোক মৃত্যুমুখে পতিত হয়।

[ওয়ারেণ হেঞ্চিংসু।]—১৭৭২ অব্দে প্রকাশ্যরপে এতদ্দেশের শাসনভার আপনাদিগের হস্তে লইবার উদ্দেশে ইফ ইণ্ডিয়া কোম্পানির ডাইবেক্টারেরা ওয়ারেন হৈষ্টিংস্কে বাঙ্গালার গবর্ণরী পদে নিযুক্ত করিলেন। হেটিংস্ কলিকাতায় আসিয়াই জেলায় জেলায় রাজস্ব সংগ্ৰহ নিমিত্ত 'কালেক্টর" নামধারী ইংরেজ কর্ম-চারী নিযুক্ত করিলেন; এবং কলিকাতা কৌন্দিলের চারিজন সদস্থকে জমিদারদিগের সহিত পাঁচ বৎসরের জন্ম খাজানার বন্দোবস্ত করিতে পাচাইলেন। মহম্মদ রেজা থাঁও রাজা সিতাব রায় নিকাসীদায়ে কারারুদ্ধ হইলেন; এবং যদিও তাঁহারা পরে বিচারে অব্যাহতি পাইলেন, তথাপি অপমানজনিত মনোত্রঃখে অম্পদিন মধো রাজা সিতাব রায়ের মৃত্যু হইল। অনন্তর রাজ-কোষ ও অন্তান্ত সরকারী কার্যালয় মুরশিদাবাদ স্কৃতে কলিকাতায় উঠাইয়া আনা হইল। বিচারকার্যোর স্থবি-ধার জন্ম প্রতি জেলায় এক একটা "দেওগানী "এবং " ফৌজদারী " বিচারালয় প্রতিষ্ঠিত হইল। কালেই-রেরাই দেওয়ানী বিচারালয়ের বিচারপতি হইলেন, ফৌজদারী বিচারালয়ের পিচারভার মুসলমান কাজী ও মুফ্ তির হত্তে রহিল। আপীল শুনিবার জন্ম কলি-কাতায় হুইটা প্রধানতম বিচারালয় সংস্থাপিত হুইল;

একটা "সদর দেওয়ানী আদানত," অপারটা "সদর
নিজামত আদানত "। শান্তিরক্ষার নিমিত জেলায়
জেলায় এক এক জন "ফৌজদার" নিযুক্ত হইল।
"সদর নিজামত আদালত "১৭৭৫ অদে আবার মুরনিদাবাদে উঠিয়া যায়, এবং "নায়েব নাজিম" উপাধি
গ্রহণ পূর্বক মহম্মদ রেজা থাঁ উহার প্রধান বিচারপতি
হন। লর্ড কর্ণওয়ালিসের সময়ে (১৭৯০) উহা পুনরায়
কলিকাতায় আনীত হয়।

প্রথম নিয়মপত্র।]—উত্রোত্তর শোলপানির রাজ্যালর দিখিয়া ১৭৭৩ অবেল ইংলত্তের পালি রামেণ্ট তাঁহালি দিগের বিয়য়ব্যাপারে হস্তক্ষেপ করেন এবং এদেশের শাসন্সহদ্ধে প্রথম নিয়মপত্র প্রচার করেন। এতদ্বারী বাঙ্গালার গবর্গর "গবর্গর জেনেরল" আখ্যা প্রাপ্ত হইলেন, এবং সকোন্সিল গবর্গর জেনেরলের কর্তৃত্ব কোম্পানির সমস্ত ভারতবর্ষীয় অধিকারে পরিয়াপ্ত হইল। এতদ্বাতিরিক্ত ইংরেজদিগের অপারাধের এবং রাজধানীর মোকদ্দমার বিচার নিমিত্ত কলিকাতার ইংলুঙের ব্যবস্থায়্যায়ী "স্থাপ্রমকোর্ট" নামক একটা নৃত্ন বিচারালর সংস্থাপিত হইল।

[নন্দকুমারের ফাঁদী।]—১৭৭৪ অব্দের অক্টোবর মাসে হেকিংস্ " গবর্ণর জেনেরল " উপাধি পান, এবং বিলাত হইতে নিযুক্ত চারিজন কৌন্দিলের সদশ্য সহিত একত্রে কার্যারম্ভ করেন। প্রথম হইতেই তিন জনের সহিত তাঁহার মনান্তর ঘটে; এবং সংখ্যাধিক্য বশানঃ উঁহোরা প্রায় তুই বৎসর কাল গবর্ণর জেনেরলকে প্রে পদে অপদস্ত করিতে চেষ্টা করেন। এই সময়ে হেষ্টিং-দের অন্যারাচরণ সম্ব**ন্ধে অনে**ক অভিযোগ কৌনিলে উপস্থিত হয়; অভিযোক্তাদিগের মধ্যে প্রধান রাজ। নৰুকুমার। তেন্টিংস্প্রথমে নৰুকুমারকে চক্রান্তকারী বলিয়া নালিস করেন; তাহাতে কিছুই হয় নাই। অনন্তর হেকিংসের অহুগত এতদেশীয় এক ব্যক্তি জাল-করা দোষ দিয়া নন্দকুমারের নামে অভিযোগ করে। স্থামকোর্টে নিচার হয়। তথায় হেটিংসের পরম বরু ইম্পে কর্ত্ত। ছিলেন, স্থতরাং হেটিংসের, মনোভীষ্ট সিদ্ধ কইল। নন্দকুমারের অপরাধ স্থিরীকৃত হইয়। গাঁহার প্রান্তের আদেশ হইল; এবং তদন্সাবে है। हात कामी इहल (১११६)। नन्मकूमात रेगाधी है है लि उ তাঁহাকে ফাঁদী দেওয়া একটা অন্তায় কার্য। এদেশে জ্বাল করা অপরাধে প্রাণদণ্ডের বিধি কস্মিনকালে ছিল না; ইংরেজেরাও তক্রপ কোন আইন এদেশে প্রচলিত করেন নাই; এবং নন্দকুমার যে সময়ে জাল করিয়া-ছিলেন বলিয়া সাব্যস্ত হয়, সে সময়ে এদেশে স্থপ্রিম-কোটত সংস্থাপিত হয় নাই।

বিদ্যালা মুদ্রাযন্ত্র।]—হেফিংসের শাসনকালে ডাইরেক্টরদিগের ইচ্ছাত্সারে এই আদেশ প্রচারিত হয় যে বিবাহ, উত্তরাধিকার, চুক্তিপ্রভৃতি সম্বন্ধে হিল্পাণের ক্রিকার এবং মুসলমানদিগৈর মুসলমান ব্যবস্তাত্রসারে বিচাব হইবে। এই নিশিত্ত হাালহেড্ সাহেব

হিল্প ও মুসলমানদিগের ব্যবস্থা সংগ্রহ করেন। তিনি বাজালা ভাষার প্রথম ব্যাকর ।ও রচনা করিয়া মুদ্রিত কবেন (১৭৭৮)। যে সকল অক্ষরের সাহাযো এই প্রস্থ মুদ্রিত হর, চাল স্ উইল্**কিন্দ** সাহেব সে সকল কোদিও করেন। এই বাজালা ছাপার অক্ষরেব স্কি।

১৭৭২ সালে ৫ বৎসরের জন্য যেকপ বদ্ধিত হারে বাজস্বের বন্দোবস্ত হয়, তাহাতে অনেক জনিদারে খাজানা দিযা উঠিতে পারেন নাই; এজন্য গবর্গমেণ্টের সনেক টাকা ছাত্যি। দিতে হইয়া।খল। ১৭৭৭ সালে বৎসবেব অবস্থা বুঝিয়া বার্ষিক বন্দোবস্তের নিয়ম হয়।

নবর্গর জেনেরল হেকিংসের সম্থে ভারতব্যেব সনেক স্থলে ইংরেজদিগের মুদ্ধ ও রাজ্যবিস্তার ্ঘটে; কিন্তু "বাঙ্গালার ইতিহাসে" সে সকলেব উল্লেখ করিবার প্রয়োজন নাই। " স্থামিকোর্টের" জজেবা এদেশের্ সর্বাত্র আপনাদিগের ক্ষমতা চালাইতে যান; তাহাতে হেকিংসের সহিত বিবাদ বাখে। কিন্তু পালি রামেন্টের বিচারে গ্রণ্র জেনেরল জ্য়ী হন।

[বোর্ড অব কণ্ট্রোল।]—১৭৮০ অব্দের ২৯ জান্থরারী তারিখে কলিকা তার প্রথম "সংবাদ পত্র" মুক্তিত হয়। ১৭৮৪ অবদ এতদেশীর রাজ্যশাসন সহন্ধে পালিরামেন্ট কর্তৃক নতন বন্দোবস্ত হয়। ইংলণ্ডীর প্রিলি কৌন্সি-লেব ছব জন সদস্থ লইয়। "বোর্ড অব কণ্ট্রোল" নামক সন্তা হইল। গবণব জেনেরল-নিরোগ এবং অস্থান্য গুৰু-

তর কার্যো তাঁহারাই সর্ব্বেসর্বা হইলেন। ডাইরেন্টরেরা সম্পূর্ণব্রশে তাঁহাদিগের অধীন হইলেন।

, [এসিয়াটিক সোসাইটী ।]—হেটিংস কলিকাতাব মাদ্রাসা সংস্থাপন করেন; এবং তাঁহার শাসনকালে সার উইলিয়ম্ জোন্দ স্থাপ্রিমকোর্টের জজ হইয়া আসিয়া (১৭৮৩) "এসিয়াটিক সোসাইটী অব্বেচ্ছল" নামক স্থাসিদ্ধ সভা প্রতিতিত করেন (১৭৮৪)।

১৭৮৫ অব্দেব প্রারম্ভে হেন্ডিং দ্ স্বদেশ যাত্র। করেন; ইংলত্তের পালি রামেন্ট মহাসভার তাঁহার অত্যাচারের বিচার বহুকাল ধরিম। হয়। পরিশেষে তিনি নিচ্চি পান; কিন্তু তাঁহার এত অর্থবার হইয়াছিল যে তিনি একপ্রকার নিধন হইয়া পড়েন।

হেন্টিংসের স্বদেশখাত্রার পরে কোন্সিলের মেঘর
মাাক্ফারসন সাহেব প্রায় কুড়ি মাস এদেশের গবর্গর
জেনেরলের কার্য্য করিয়াছিলেন; অনন্তর ১৭৮৬ অব্দের
শেষে লর্ড কর্ণওয়ালিস্ এতদ্দেশের গবর্ণর জেনেরল
হইয়া কলিকা্তায় উপস্থিত হন।

লিও কর্ণওয়ালিস্।]—লর্ড কর্ণওয়ালিস্ বিখ্যাত টিপুস্লতানের সহিত যুদ্ধ করিয়া দক্ষিণাপথে কোম্পানিব রাজ্যবৃদ্ধি করেন; কিন্তু বাঙ্গালা ও বেহারের চিরস্থায়ী বন্দোবস্ত ও ব্যবস্থাপ্রণয়নই তাঁহার প্রধান কীন্তি। বংসর বংসর ইংরেজরা ১৭৭৭ অবদ হইতে এদেশে যেরূপ রাজস্বের বন্দোবস্ত করিতেছিলেন, তাহাতে রাজস্ববৃদ্ধির ভয়ে জ্মিদারেরা কৃষিকার্টোর

উন্নতি চেষ্টা করিতেন না। এ নিমিত্ত ভাইরেট্রদিগের অভ্নযান্ত্র ১৭৮৯ অব্দে লর্ড কর্ণওয়ালিন রাজ্য "নির্দ্দিন্ত" করিয়া জমিদারদিগের সহিত দশ বৎসরের জন্য এই নিয়মে বন্দোবস্ত করিলেন যে ইংলগুীয় কর্ত্ব-পক্ষদিগের অনুমোদিত হইলে উহাই "চিরস্থায়ী" হইবে। ১৭৯: অব্দে বিলাতের অন্থ্যোদন-পত্র পোঁ।ছিল, এবং "দশসালা" বন্দোবস্ত কায়েম হইয়া গেল। এত⊀ দ্যুরা অব্ধারিত হইল যে জমিদারেরা "নির্দ্ধিট্ট" রাজ্য দিয়া অধিকৃত ভূমি পুৰুষাত্মজমে ভোগ দথল করিতে পারিবেন ;ংকিন্ত বৎসরের মধ্যে কতিপয় নিরূপিত দিনে हाजय मिंट ना भारित उँ। हामिता अभिमारी नीलांग भरेरा। बारेय़ जिल्लात मधरक धरे नियम रहेन या, ঘেখানে যে আবওয়াব বা মাথট প্রচলিত ছিল, তাহা মাদলের সহিত একত্রিত করিয়া মোট জ্বমা নির্নারিত হুইবে; তদত্মারে রাইয়তেরা পাট্টা পাইবে; এবং ভবিষ্যতে জমিদারেরা কোনগর্তন আবওয়াব বা মাথট অ্যাদায় করিতে পারিবেন না

ে ১৭৯৩ অব্দে ইংরেজীতে নিথিত অনেকগুলি ব্যবস্থা সংগৃহীত হইয়া প্রচারিত হয়। ফরফর সাহেব তাহা-দিগের বাঙ্গালা অভ্নাদ করেন। এই সমুদায় ব্যবস্থাই ্টত্তরকাল-সঙ্কলিত বিধি সকলের মূল।

লর্ড কর্পুঞ্জালিস্ "কালেক্টর" দিগের হস্তে কেবল রীজস্বসংগ্রহের ভার রাথেন, কাজি মুফ্তি প্রভৃতির বিচার ক্ষমতা উঠাইয়া লন, এবং প্রতি জেলায় " জজ "

নামক এক জন নূতন ইংরেজ কর্মচারী নিযুক্ত করিয়া তাহাদিগকে দেওয়ানী ও ফোজদারী উভয়প্রকার মোকদমার বিচার ভার দেন। ফৌজদারী কার্য্যকালে মুসলমান ব্যবস্থানুসারে বিচার হইবে এবং একজন মুসল-মান কর্মচারী জজদিগের সহকারী থাকিবেন, এইরূপ নিয়ম হয়। জেলার জজদিগের বিচারিত মোকদ্মার আপীল শুনিবার নিমিত্ত কলিকাতা, মুরশিদাবাদ, ঢাকা এবং পাটনা এই চারি অধান নগরে চারিটী "প্রবিক্ষি-য়াল কোট" স্থাপিত হয়। "প্রবিন্দিয়াল কোটের" উপরে সদর দেওয়ানী ও সদর নিজামত আদালত রহিল। সদর নিজামত মুরশিদাবাদ হইতে কলিকাতায় উঠাইয়া আনা হয় (১৭৯০)। দেওয়ানী মোকদ্দমার বিচারের জন্ম প্রতি জেলায় জজদিগের অধীনে এক এক. জন রেজিফ্রার এবং করেক জন করিয়া মুন্সেফ নিযুক্ত হইল। শান্তিরক্ষার জন্ম কয়েক ক্রোশ অন্তর এক একটা থানা স্থাপিত হইল এবং প্রত্যেক থানায় এক এক জন দারোগা নিযুক্ত হইলেন।

ইংরেজ কর্মচারীদিগের বেতন হৃদ্ধি করা হ্ইল। দেশীয় লোকের ভাগো বড় কর্মের মধ্যে দারোগাণিরি ও মুন্দেফিমাত্র থাকিল। দারোগাদিগের বেতন মাসিক α টাকা; মুন্সেফদিগের প্রাপ্তি মোকদ্দমার দাবি অহ্ন-সারে কিছু কিছু কমিসন।—দেশীয় লোকে পূর্ব্বে ফৌজদার হইলে বার্ষিক ৬০।৭০ হাজার, এবং নামেব দেওয়ান হইলে বার্ষিক অন্যুন ৯ লক্ষ টাকা পাইতেন; এক্ষণে ঠাহাদিগের সে দিন গেল। যাহা কিছু আদা-লতের প্রাহ্য জমিদারের। তাহাতে হস্তক্ষেপ করিতে পারিবেন না, এইরপ নিয়ম হওগতে জমিদারদিগের ক্ষমতার মূলচ্ছেদ হইল; এবং নিরূপিত দিনে রাজ্য না দিলে জমিদারী নীলাম হইবে, এইরপ বিধি হওয়াতে পড় বড় জমিদারদিনের উৎসন্ন যাইবার পথ প্রস্তুত इहेल।

[স্থার জন সোর।]—১৭৯৩ অকে লর্ড কর্ণ**ও**য়ালিস্ স্বদেশ যাত্রা করেন; এবং স্থার জন নোর গবর্ণর জেনে-রল হইয়া পাঁচ বংসর এতদেশ শাসন করেন। সোরের সময়ে উল্লেখযোগ্য কোন ঘটনা নাই। লাউ কর্ণগুল্পালিস্ যে চিরস্থায়ী বন্দোবস্ত করেন, সোর সংহেবের নিকটে তিরিবরে অনেক সাহায্য পাইরাছিলেন।

[লর্ড ওয়েলেস্লি।]—১৭৯৮ অব্দে মার্কইস অব্-ওয়েলেস্লি এদেশের গবর্ণব জেনেরল হইয়া আইসেন। তাঁগার শাসনকালে ইংরেজদিগের সহিত যুদ্ধে মহী-স্থরের টিপুস্লতান নিহত, এবং মারহাটাদিগের গর্ব খবর্ব হইরা, কোম্পানিব রাজারন্দি বহুল পরিমানে ঘটে। ১৮০৩ অব্দে বেরারের মারহাট্রাদিগের সহিত ইংরেজদিগের যে সন্ধি হয়, তদ্বারা কটক প্রদেশ কোম্পানির হস্তগত হয়। ওয়েলেসলি গঙ্গাসাগরে मछानित्किं थथा डेठाइेश (मन। अम्ब (मंख्यानी उ মদর নিজামত আদালতের কার্যভার গবর্ণর জেনেরল ও তাঁহার কোঁন্সিলের সদস্যাণের হস্তে ছিল; ইহাতে

কার্য্য ভাল চলিত না দেখিয়া লর্ড ওয়েলেস্লি " সদর আদালত " নাম দিয়া তিন জন জজের প্রতি উক্ত ভার অপণ করেন। প্রথম নিযুক্ত তিন জন জজের মধ্যে বহুবিদ্যাবিশারদ কোলব্রুক একজন। বিলাতী সিবিল কর্মচারীদিগকে দেশীয় ভাষা শিখাইবার নিমিত্ত লর্ড ওয়েলেস্লি "ফোর্ড উইলিয়ম" নামক বিদ্যালয় সংস্থা-পন করেন (১৮০০)। এই উপলক্ষে কতকগুলি বাঙ্গালা পাঠ্য পুস্তক লিখিত হয়; রামরাম বন্ধুর "প্রতাপাদিতা .চরিত্র" (১৮০১) এবং "লিপিমালা" (১৮০২), রাজীব-লোচনের " রুঞ্চন্দ্র রচিত " (১৮০২), মৃত্যুঞ্জয় বিদ্যা-লঙ্কারের "রাঙ্কাবলী", কেরী সাহেবের বাঙ্গালা ব্যাকরণ ও অভিধান, এই সময়েই বিরচিত। ১৭৯৯ অব্দে মিসনরী মার্সম্যান এবং উয়ার্ড সাহেব এদেশে আসিয়া জ্রীরামপুরে অবস্থান করেন; এবং জয়গোপাল তর্কালক্ষার দ্বারা সংশোধন করাইয়া ১৮০১ অব্দে রামায়ণ ছাপাইয়া পরে মহাভারত ছাপাইতে আরম্ভ করেন। এইরূপে লর্ড ওয়েলেস্লির সময়ে বাঙ্গালা সাহিত্যের চর্চ্চা বাড়িতে থাকে।

১৮০৫ অবদ মার্কু মৃ অব্ ওয়েলেস্লি কর্ম পরিওাগ করিরা ইংলতে প্রতাগমন করেন; এবং লর্ড কর্ণ-ওয়ালিস্ পুনর্কার গবর্ণর জেনেরল হইয়া আসিয়া অপাদিন মধ্যে মৃত্যুমুখে পতিত হন। অনন্তর স্তর জর্জ বার্নো ছই বৎসর কাল ভারতরাজাভার বহন করেন। তৎপরে (১৮০৭) লর্ড মিণ্টো গবর্ণর জেনেরল হন। লও মিন্টোর শাসনসময়ের শেষ তার্গে (১৮১৩) প্রানিরাদেন্ট কোম্পানিকে যে স্মন্দ দেন, তদ্বারা কোম্পানির এদেশের একচেটিয়া বানিজা রহিত হইয়া যায়, খৃষ্টান মিসনরিবা এখানে ধর্ম প্রচার করিতে অস্ত্মতি পান এবং সেই সঙ্গে কলিকাতায় এক জন বিশপ এবং বোলাই ও মাল্রাজে এক এক জন আর্চডিকন নিযুক্ত হন; আর সরকারী রাজস্ব হইতে প্রতি বংসর এক লক্ষ টাকা কোম্পানির এদেশীয় প্রজাদিগের বিদ্যাশিক্ষার জন্ম ব্যর করিতে আদেশ হয়।

[লর্ড ময়রা।]—লর্ড ময়য়া বা মার্কুইস্ অব্ হেকিংস্
১৮১৩ অব্দের অক্টোবর মাসে এদেশে গার্শর জেনেরল
ছইয়া আসেন। তাঁহার সময়ে নেপাল ও মহারাফ্রে
ইংরেজেরা যুদ্ধে জয়ী হন। তাঁহারই আমলে কতিপয
দেশীয় সম্রান্ত ব্যক্তির প্রথত্বে ও ব্যয়ে কলিকাতার
প্রসিদ্ধ "হিল্ফুকালেজ " স্থাপিত হয়, এবং তাঁহারই
উৎসাহদানে জ্রীরামপুরের মিসনরিরা প্রথম বাঙ্গালা
সংবাদ পত্র "সমাচার দর্শন " মুদ্রিত করিতে আরম্ভ
করেন (২৩মে ১৮১৮)।

ীলর্ড আমহার্টা] — মার্কুইস্ অব্ হের্টিংস ১৮২৩ অব্দের প্রথম দিবসে স্বদেশ যাত্রা করেন; এবং আগারট মাসে লর্ড আমহার্ট গ্রবর্ণর জেনেরল হইয়া কলিকাতার উপস্থিত হন। লর্ড আমহার্টের আমলে ব্রহ্মদেশের ঝজার সহিত যুদ্ধ হইয়া কোম্পানির রাজ্যর্দ্ধি হয়়, এবং ভরতপুরের প্রসিদ্ধ কেলা ইংরেজদিগের হস্তগত

হয়। লও আমহার্ফ এদেশে পে ছিবার অব্যবহিত পূর্বের অর্থাৎ ১৮২৩ অন্দের , জুরাই মাসে বালালা প্রেসি-ডেন্সির বিদ্যা-শিকার তত্ত্বাবধানার্থে কলিকাতায় একটা কমিটি সংস্থাপিত হয় এবং অসপ দিন মধ্যে দিল্লী ও আগ্রাতে একটা কালেজ এরং কলিকাতায় সংস্কৃত কালেজ (১৮২৪) খোলা হয়। সংস্কৃত কালেজ স্থাপ-নের প্রধান উদ্যোগী সংস্কৃতভাষাবিৎ প্রসিদ্ধ অধ্যাপক উইল্সন সাহেব। লর্ড আমহার্ফ পশ্চিমে যাইয়া (১৮২৭) দিল্লীর বাদসাহকে বলেন যে কোম্পানিই বাস্তবিক এদেশের সম্রাট্।

[লর্ড বেণ্টিক।]—১৮২৮ অব্দেলর্ড উইলিয়ম বেণ্টিক গবর্ণর জেনেরল হন। বহুকাল হইতে এতদেশীয় অনেক স্ত্রীলোক পতিভক্তি, ধর্ম বা লোকিকাচারেক অন্থরাধে মৃতপতির চিতায় আরোহণ করিয়া প্রভুলিত হুতাশনে প্রাণ বিসর্জন করিতেন। লর্ড বেণ্টিক এই সহমরণ প্রথা রহিত করেন। রাজা রাম্মোহন রাফ, দ্বারকানাথ চাকুর, কালীনাথ মুক্সি প্রভৃতি এতদেশীয় অনেক স্থাক্ষিত ভদ্রসন্তান এই মহৎকার্থ্যের সহায়তঃ করিয়াছিলেন।

এদেশে ঠগ নামে ডাকাইতের দল ছিল। তাহার।
ভদ্রবেশে কাহারও সদ্ধী হইরা স্থযোগমতে তাহাকে
বধ করিত। বেণ্টিস্কের আমলে কর্ণেল সুীমানের প্রথত্থে
ঠগদিগের দৌরাত্মা নিবারিত হয়।

এই সময়ে এতদেশীয়লোকদিগকে সংস্কৃত কিহা

ইংরেজী ভাষার শিক্ষা দেওরা উচিত, এই বিষয়ের ঘোর আন্দোলন হয়। অধ্যাপুকুইল্সন সাহেব সংস্কৃতের পক্ষ ছিলেন। প্রসিদ্ধ লওঁদেঁকলে ও ট্রিবিলয়ান সাহেব পাশ্চাত্য জ্ঞানচর্চা প্রয়োজনীর বলিয়া ইংরেজীর পক্ষ সমর্থন করেন। গ্রব্যর জেনেরলের বিচারে ইংরেজীরই জয় হয়; এবং তদবধি ইংরেজী বিদ্যা প্রচারের দিকে অধিক দৃষ্টি হয়। ১৮৩৫ অব্দে কি কাতার মেডিকাল কালেজ সংস্থাপিত হয়।

লেও মেকলে এদেশে "লা কমিসন" নামক বিধি-প্রণায়ন সভার অধ্যক্ষ হইয়া আ্সেন। তিনিই "ভারত-বর্ধীয় দণ্ডবিধির" প্রথম পাণ্ডুলিপি প্রস্তুত করেন।

বিচারকার্য্য সম্বন্ধে লর্ড বেণ্টিক্ষের সময়ে অনেক কলি পরিবর্ত্তন ঘটে। "প্রবিদ্যাল কোর্ট" গুলি উঠিয়া যায়। "রেভেনিউ কমিসনরী" পদের স্থাটি হয়। "কালেইরেরা" ফৌজদারী মোকদ্দমার বিচার-ক্ষমতা পান। জজের। দেওয়ানী এবং দায়রার মোক-দ্দমা করিবেন, এই নিয়ম হয়।

১৭৯৩ অকে "মুন্দেফী " এবং ১৮০৩ অকে " সদর
আর্মিনি " পদ হঠে হয়। এপর্যান্ত এদেশীয় লোকে এই
ছুইটী পদ পাইতে পারিতেন। লর্ড বেণ্টিঙ্ক প্রধানতঃ
এতদেশবাসিদিগের নিমিত্ত "প্রধান সদর আমিনী"
নামক একটী নৃতন পদ হঠি করেন। প্রধান সদর আমিনদিগের বেতন মাসিক পাঁচ শত টাকা নির্দ্ধারিত হয়,
এবং দাবি যত কেন অধিক হউক না সকল প্রকার দেও-

রানী মোকদ্দমা করিতে তাঁহাদিগের অধিকার হয়। ১৮৩৩ অব্দ হইতে 'ভেপুটী কালেষ্ট্র'' নিযুক্ত হইবারও নিয়ম্ হয়; এই কর্মাও এতদ্দেশীয় লোকে পাইতে লাগিল।

লওঁ বেণ্টিস্কের শাসনকালে ঈশ্বরচন্দ্র গুপ্ত "প্রভা-কর" নামক সংবাদপত্র প্রচারারস্ত করেন (১৮৩০) এবং রাজা রামমোহন রায় কলিকাতা ত্রাক্ষসমাজ সংস্থাপন করেন (১৮২৯)। ভারতবর্ষবাসী হিন্দ্র ভদ্র-লোকদিগোর মধ্যে, বোধ হয়, রাজা রামমোহন রায়ই প্রথমে ইংলতে যান (১৮৩০); এবং তথায়ই তিনি মানবলীলা সম্বরণ করেন (১৮৩০)। রামমোহন রায় অনেক রাজালী গ্রন্থ রচনা করেন।

মুদ্রাযন্ত্রের স্বাধীনতা।]—১৮৩৫ সালে লর্ড বেণিক্ষ স্থানেশ যাত্রা করেন; এবং স্বতন্ত্র গবর্ণর জেনেরল না আসা পর্যন্ত মেট্কাফ্ সাহেব তৎকার্য্যে নিয়োজিত হন। তাঁহার শাসন সময়ে ও তাঁহারই প্রয়াত্রে এদেশীর ইংরেজী ও বাঙ্গালা মুদ্রাযন্ত্রের স্বাধীনতা সংস্থাপিত হয়। মেকলে সাহেবও এবিষয়ে তাঁহার যথেষ্ট পোষ-কতা করিয়াছিলেন।

১৮৩৬ হইতে ১৮৪২ অব্দ পর্যন্ত লর্ড অক্লাণ্ড এদে-দের গবর্ণর জেনেরল ছিলেন। তাঁহার সময়ে কাবুলে ইংরেজদিগের বিলক্ষণ হুর্দ্দশা হয়; কিন্তু বাঙ্গালায় হুগলি কালেজ (১৮৩৬) * এবং ঢাকা কালেজ (১৮৪১)

^{*} মহম্মদ মোদিন নামক একজন সম্পতিশালা মুসলমাখের প্রদত্ত বিষয়ের উপধক্তর হইতে তুগলি কালেজ ও মাদুাসা

স্থাপিত হয়। ১৮৪২ হইতে ১৮৪৪ অল পর্যান্ত লর্ড এলেনবরা গবর্ণর জেনেরল থাকেন। তাঁহার আমলে কাবুলে ইংরেজেরা যুদ্ধে জয়ী হইয়া মানে মানে ফিরিয়া আসেন; এবং সিয়ুদেশ কোম্পানির রাজ্যভুক্ত হয়। লর্ড এলেন্বরা "ডেপুট মাজিফ্রেটী" পদের স্থাটি করেন। তাঁহার শাসনকালে "তত্ত্ববোধিনী পত্তিকা" প্রকাশিত হইতে আরম্ভ হয় (১৮৪৬): এবং বাবু আক্ষয়ন কুমার দত্ত ইহার সম্পাদক হন।

১৮৪৩ হইতে ১৮৪৮ অব পর্যান্ত ছার্ডিঞ্জ, সাহেব গবপর জেনেরল ছিলেন। তিনি শিখদিগের সহিত যুদ্ধে
জয়লাভ করেন; এবং উাহার সন্মে " ছার্ডিঞ্জ স্কুল"
নামক এক শত একটা গ্রন্থিমণ্ট বাঙ্গালা বিদ্যালয় ও
কৃষ্ণনগর কালেজ (১৮৪৬) সংস্থাপিত, এবং ঈশ্বরচন্দ্র
বিদ্যাসাগ্র মহাশ্যের " বেতাল পঞ্চবিংশতি" প্রকাশিত হয় (১৮৪৭)।

লেও ড্যালহোসী।]—১৮৪৮ অব্দে লও ড্যালহোসী
এদেশের গবর্ণর জেনেরল হন। তাঁহার শাসনকালে
পঞ্জাব, পেগু, সেতারা, নাগপুর, ঝাঁসি, অযোধ্যা ও
বিরীর বলে ছলে কোম্পানির অধিকার ভুক্ত হয়; বহরমপুর কালেজ সংস্থাপিত (১৮৫৩) এবং হিন্দ্কালেজ
"প্রেসিডেন্সি কালেজে" পরিণত (১৮৫৫) হয়; অনেক
সংস্থাপিত হয়; সার জর্জ ক্যাম্পবেলের সময় হইতে মোসিকের টাকা লইয়া মুসলমান বিদ্যাশিক্ষার বিশেষ বন্দোবস্ত

हहेशारकः अव< क्वालि कालिक गवर्गसालेव हहेशारक।

গুলি গবর্ণমেণ্ট আদর্শ বন্ধ-বিদ্যালয় স্থাপিত হয়: এবং বা**দালা**য় স্ত্রীজাতির বিদ্যা**শিক্ষার** প্রথা প্রচলিত ও কলি-কাতায় বেখুন বিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। এই সময়ে স্মায় চার্ল সূ উড প্রণীত ১৮৫৪ অব্দের শিক্ষাবিষয়িণী অত্নমতি-লিপি আইমে; এবং তদত্মসারে "কলিকাতা বিশ্ববিদ্যা-লয়ের" স্থত্রপাত এবং বিদ্যালয় সম্বন্ধে গবর্গমেণ্টের ''আণ্ট ইন্ এড্'' অর্ধাৎ অর্থ-সাহান্দ-প্রণালী প্রবর্তিত হয়। এই উপলক্ষে শিক্ষা-বিষয়ক কমিটি উঠিয়া খাঁয়, এবং বিদ্যাধ্যাপনের "ডাইরেক্টর""ইনস্পেট্রর" প্রভৃতি পদের रिक इत्र। नर्फ जानरशेमीत याजू अर्मा त्रन अरत्र श्रान * এবং তারের, খবরের বন্দোবস্ত হয় (১৮৫২); আর " পোষ্টাল ডিপার্টমেন্ট " সংস্থাপিত হইয়া ডাকের মাশুল কমিয়া যায়। ১৮৫৬ অব্দে বিদ্যাদাগর মহাশ্রের চেক্টায় বিধবাবিবাছ ৰাবস্থা বিধিবদ্ধ ছয়। ১৮৫৩ অক্তে ইফ ইণ্ডিয়া কোম্পানি পালি য়ামেণ্ট মহাসভা হইতে যে সনন্দ প্রাপ্ত হন তত্ত্বারা বাঙ্গালায় "লেপ্টেনাণ্ট মবর্ণর" নামে একজন স্বতম্ব শাসনকর্তা নিয়োগের আদেশ হয এবং এতক্ষেশবাসিগণ বিলাতে যাইয়া "সিবিল সর্বিস" পরীক্ষা দিতে অনুমতি পান। সার ফে ডেরিক হ্যাণিডে বাঙ্গালার প্রথম লেপ্টেনাণ্ট গবর্ণর হন (১৮৫৪)।

[ইংলণ্ডেশ্বরীর রাজ্যভারপ্রহণ ।]—১৮৫৬ অব্দেলর্ড ড্যালহোসী স্বদেশযাত্রা করেন, এবং লর্ড ক্যানিং ভারতবর্ষের গবর্ণর জেনেরল হুন । লর্ড ক্যানিংঙর

[»] देखे देखिया (युन्दर्य ।

আমলে সিপাহীদিগের বিদ্রোহ ঘটে (১৮৫৭)। তজ্জস্ত ইংলগুশ্বরী মহারানী বিক্রোরিয়া কেম্পানির নিকট হইতে এদেশের শাসনভার শ্বহন্তে গ্রহণ করিয়া অজীকার করেন যে এতদেশীয় প্রজাদিগের ধর্ম ও সন্ত্রক্ষা করিবেন এবং তাঁহাদিগকে উপযুক্ত দেখিলেই ,সকল রাজকর্ম দিবেন (নবেম্বর ১৮৫৮)। লর্ড ক্যানিঙ্কের সময়ে "ভারতবর্ষীয় দণ্ডবিধি", "দেওয়ানী" ও "ক্যেজ্ব-দারী" কার্যাবিধি এবং রাজস্বসম্বন্ধীয় ১০ জ্বাইন প্রচারিত হয়।

ক্যানিঙের পরে লর্ড এল্গিন গবর্ণর জেনেরল হন।
ঠাহার শাসনসময়ে পূর্ব্ব বাদ্ধালা ও মাতলারেলওয়ে
খুলে, 'এবং সদর আদালত ও স্থুপ্রিমকোর্ট একত্রিত
ছইয়া "হাইকোর্ট" নাম ধারণ করে। হাইকোর্টের
বিচারণতিপদে এতদেশীয় লোক নিযুক্ত হইবার নিয়ম
হইয়াছে; শজুনাথ পণ্ডিত, দ্বারকানাথ মিত্র, অনুকূলচন্দ্র মুখোপাধ্যায়, বিচারাসন গ্রহণ পূর্ব্বক লোকান্তরিত
হইয়াছেন; বাবু রমেশচন্দ্র মিত্র হাইকোর্টের বর্ত্তমান
বালালী ক্রজ্ঞ।

ছুই বংসর (১৮৬২—৬৩) পূর্ণ না হইতে হইতে লর্জ এল্গিন মানবলীলা সম্বরণ করেন, এবং উাঁহার মৃত্যুর পর স্থার উইলিয়ম ভৈনিসন্ কিছুদিন গবর্ণর জেনেরলী করেন। অনন্তর স্থার জন লরেন্স [১৮৬৪—৬৯] এবং লর্জ মেণ্ডু [১৮৬৯—৭২] • যথাজনে গবর্ণর জেনেরল হন। লরেন্দ্র ও মেও এদেশে ইংরেজীশিক্ষা স্বাধীনতাপ্রোধ- সাহী ও বিপজ্জনক জ্ঞান করিয়া তদ্বিষয়ে গ্রাবণ্মেটেই ব্যর লাগব করিবার ইচ্ছা প্রকাশ করেন; কিন্তু ইংরেজা শিক্ষাই এদেশের ভবিষাৎ উন্নতির মূল এইরপ বিবে চনায় দেশীয় লোকে তাঁহাদিগের প্রতিপক্ষ হওয়ায় তাঁহারা সিদ্ধকাম হইতে পারেন নাই। একজন নির্বাদিত সিত মুসলমানের অস্ত্রাগাতে অভামান দ্বীপে লর্ড মেওর মৃত্যু হয় [৮ ফেব্রুয়ারী ১৮৭২]। *

অনস্তর ৯ই হইতে ২৪এ কেব্রুয়ারী পর্যন্ত স্থাব জন ক্রেটি ও ২৪এ কেব্রুয়ারী হইতে ২রা মে পর্যন্ত লর্ড নৈপিয়র গবর্ণর জেনেরলের কার্য্য করেন। ১৮৭২ সালের ৩রাংম গবর্ণর জেনেরল লর্ড নর্যক্রক এদেশের রাজ্যভার গ্রহণ করেন। তিনি কর প্রপীড়িত প্রজা দিগের করভার লাঘ্য করেন, এবং উচ্চ অঙ্গের ইংরেজন শিক্ষার উৎসাহ-দেন। ১৮৭৬ সালে তিনি স্বদেশ্যাত্রা করিয়াছেন; এবং লর্ড মিটন তৎপদে অভিষিক্ত হইয়াছেন। লর্ড নর্যক্রকের আমলে ১৮৭৫ অক্রের শেষ ভাগে যুবরাজ প্রস্কা অব্যুক্তরেল্ম এতদেশে শুভাগমন করেন। যুবরাজ স্বদেশে প্রভাগমন করিলে মহাবানী বিক্রোরিয়। "ভারতরাজরাজেশ্বরী" উপাধি গ্রহণ করিয়াছেন (১৮৭৬)। ১৮৭৭ অক্রের জাত্রয়াবি মাসে

ন এই শোচনীয় ঘটনার কয়েক মাস পূর্বেং হাইকোর্টের প্রধান বিচারপতি নর্মাণ সাহেত্ত একজন মুসলমানের চু; জ্ঞ নিহত হন। ত্তাকারী দুইজনই আফগানস্থান নিবাদী।

দিলী নগরীতে মহাসমারোহে এই উপাধি-গ্রহণ ঘোষিত হইয়াছে।

िल्लिकोणे गवर्षत्।]- कालिए मार्क्तत्व शर् অর জন পিটর গ্রাণ্ট [১৮৫৯-৬২], অর সিসিল বীডন ি১৮৬২ ৬৭ ।, স্থাব উইলিএম গ্রেছ (১৮৬৬-৭১] ও স্থার জর্ভ ক্যাম্পাবেল [১৮৭১-18] সাছেব যথাক্রমে বাঙ্গা-লার লেপ্টেনান্ট গবর্ণর হইরাছিলেন। প্রাণ্ট সাহেবের সম্যে নীলকর ইংরেজদিগের অত্যাচার নিবারিত হয় এবং ওক্পাঠশালাসমূহে গ্রেণ্মেণ্টের সাহায্য প্রদান দার। তাহালিগের উন্নতির প্রস্তাব হয়। বীডন সাছে-বের আমলে পাটনা কালেজ সংস্থাপিত হয়, এবং বার ভূদেব মুখোপাধারের সাহায়ে পাঠশালার উন্নতি-कार्या ग्रन्रिक इन्हरूक करत्न। नर्प रम् इंश्तुकी শিক্ষা কমাইতে চেষ্টা করিলে, গ্রে সাহেব তদ্বিরোধী হইয়া আমাদিগের কৃতজ্ঞ রা-ভাজন হইয়াছেন। ক্যাম্প-বেল সাহেব বাভালা ভাষা ও উচ্চ শিক্ষাব বিপক্ষ হইয়া লোকেব অপ্রিয় হইয়াছিলেন, কিন্তু বেহার-হুর্ভিক্ষ সময়ে প্রজাদিগের হিতের জন্ম বিশেষ যতু করিয়াছিলেন। ১৮৭৪ খুটাক হংতে ১৮৭৬ অকাত প্রান্ত প্রর বিচার্ড টেম্পল বাঙ্গালার লেপ্টনাট গ্রহর ছিলেন; প্রজারঞ্জন করাই তাঁহার প্রধান উদ্দেশ্য ছিল। স্থার আসুলি ইডেন সাহেব এক্ষণে বাঙ্গালাব লেপ্টেনাণ্ট গ্রের্থর।

[দেশের অবস্থা।]—ইংরেজদিগেব রাজ ফকালে

এদেশে সহমরণ, গঙ্গাসাগরে সন্তানবিসর্জ্ঞন প্রভৃতি কুপ্রথা রহিত হইয়াছে; চোর ডাকাইৎ এবং অত্যাচারী-দিগের দৌরাত্ম কমিয়াছে ; নুতন নৃতন রাস্তা, রেলওয়ে এবং বাষ্পীয় পোত যে:গে গমনাগমনের ও বণিজদ্রবা-জাত প্রেরণের স্থবিধা হইয়াছে; ডাকের এবং টেলি-গ্রাফের বন্দোবস্ত দ্বারা অস্প সময় মধ্যে দূরে সংবাদ পাঠাইবার উপায় হইয়াছে; বিচারালয়ের রন্ধি হইয়া সত্ত্ব রক্ষা করা সহজ হইয়াছে; বিদ্যাচর্চার উন্নতি হইয়া লোকের চক্ষু কুটিয়াছে; এবং মুদ্রাযন্ত্রের স্বাধীনতা থাকায় লোকে রাজপুৰুষদিগকে মনের কথ। খুলিয়া वनिवात পথ পाইয়াছে। देश्ता ज्या अपन मीन, हा প্রভৃতি দ্রব্যের চাষ করিয়াও এখানকার কিঞ্চিৎ উপ-কার করিয়াছেন। কিন্তু ইংরেজদিগের সময়ে এদেশের তিনটী মহৎ অনিষ্ট হয়; ১ এতদেশীয় লোকে বড় বড রাজকর্ম হইতে বঞ্চিত হন; ২: ম্যানচেষ্টর নগরের ইংরেজ বনিকদিণের প্রভাবে এথানকার বস্তুব্যবসায়ী-দিগের বিলক্ষণ হর্দশা ঘটে ; ৩ শিক্ষিত সমাজে স্থরা-পানের রদ্ধি হয়। যাহ। হউক, এক্ষণে এতক্ষেশবাসিরা " সিবিল সর্বিসে " প্রবেশ করিতে এবং হাইকোট্রের জজ ও ব্যবস্থাপক সভার মেম্বর হইতে পারিতেছেন; এবং এইরূপে তাঁহারা কিরৎপরিমানে উচ্চপদে আরো-হণ করিতে পাইতেছেন। এদেশে কাপড়ের কল করি-. বার ইচ্ছাও ক্রমে লোকের হইতেছে; যদি গবর্ণমেণ্ট ইংরেজ বনিকদলের তাড়নায় ভীত না হন, তাহা হট্ট-

লেই রক্ষা *। লর্ড লরেন্স, বারু কেশবচন্দ্র সেন, বারু প্যারীচরণ সরকার প্রভৃতির যত্নে স্থরাপানের প্রভাবত কিছু কমিয়াছে; শেষ কি হাঁয় বলা যায় না।

[জমিদারগণ।]—মুসলমান শাসন সময়ে জমিদারেরা করদ রাজাদিগের স্থার ছিলেন; ইংরেজ রাজত্বলালে তাঁহাদিগের সে অবস্থা গিয়াছে। তাঁহাদিগের আর পূর্বের মত রাজক্ষমতাস্থাক সৈন্ত, গড় এবং বিচারালয় নাই। নিরপিত দিনে রাজস্ব না দিলে জমিদারী নীলাম হইবে, এই নিয়মে প্রাচীন- জমিদারদিগের অনেক অপ-কার হইরাছে। এপ্রকার নির্দিষ্ট দিবসে রাজকর দেওয়াও তাঁহাদিগের অভ্যাস ছিল না; স্থতরাং তাঁহাদিগের রাজস্ব বাকি পড়িতে লাগিল, এবং তাঁহাদিগের ভূসম্পতি বাণিজ্যব্যবসায়ী লোকের হাতে যাইতে আরম্ভ হইল। এইরপো অংপ্রদিন মধ্যে তাঁহারা বিষয়য়্যুত হইরা পড়িলেন।

্তিয়া ও সমাজ সংস্কার।]—ইংরেজদিগের সমরে বাজালার শান্তি চিরদিন বিরাজিত রহিয়াছে; এজস্ত সমাজ সংস্কার ও ভাষার উন্নতির দিকে দৃষ্টি করিবার অবসর হইয়াছে। রাজা রামমোহন রায় বাক্ষসমাজ সংস্থাপন এবং ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশ্য বিধ্বাবিবাহ প্রচলন ও বল্-বিবাহ নিবারণ সহস্কে আন্দোলন করিয়া

^{*} সম্প্রতি আমদানী রপ্তানি সম্বন্ধে গ্রণ্মিণ্ট যে বিধি প্রকার করিয়াছেনি, ভীদ্বারাই প্রতিপন্ন হইতেছে যে এই আশুস্থা নিভান্ত অমূলক নহে।

সমাজসংখ্যারের পথ খুলিয়াছেন। ঈশ্বরচন্দ্র গুপ্ত, অক্ষরকুমার দত্ত, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, মাইকেল মধুস্থদন দত্ত,
দীনবন্ধু মিত্র, বিষ্ক্ষিচন্দ্র চট্টোপাধ্যায়, হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়, প্রভৃতি গ্রন্থকারদিগের দ্বারাও বাঙ্গালা ভাষা ও
সাহিত্যের বিলক্ষণ উন্নতি হইরাছে। কবিওয়ালা,
পাঁচালীওয়ালা, কীর্ত্তনত্ত্রালা, এবং মাত্রাওয়ালাদিগের
গীতেও বাঙ্গালার মধুরতা রুদ্ধি করিয়াছে। ইংরেজদিগের আমলেই বাধ হয় বাঙ্গালা গদ্যগ্রন্থ রচনার
আরম্ভ। ফরষ্টর সাহেবের ১৭৯৩ অন্দের বিধিব্যুহের
বাঙ্গালা অম্বাদের পূর্বে আর কোন গদ্যপুত্তক ছিল কি
না সন্দেহ; পারে রাম রাম বস্থা, মৃত্যুঞ্জয় বিদ্যালন্ধার,
রামমোহন রায়, অক্ষয়কুমার দত্তা, এবং ঈশ্বরচন্দ্র বিদ্যান্দ্র।
সাগর দ্বারা ক্রেমে গদ্য রচনার পারিপাট্য হইয়াছে।

[সামরিক পত্র।]—সুলতান আজিম ওসানের সময়ে এদেশে প্রথমে সামরিক পত্রের উল্লেখ দৃষ্ট হয়। কিন্তু ইংরেজদিগের আমলে উহা মুক্তিত হইয়া সর্বসাধারণের চক্ষে পড়িতেছে, এবং উহার দ্বারা দেশের অনেক উপকারও সাধিত হইতেছে। পূর্ব্বে উল্লিখিত হইয়াছে যে ১৮১৮ সালে জ্রীরামপুরের মিসনরি দিগের কর্ত্বক জ্রথম বাঙ্গালা সংবাদ পত্র "সমাচার দর্পন "প্রচারিত হয়; এবং পরে "প্রভাকর"ও "তত্ত্বোধিনী পত্রিকা" দ্বারা বাঙ্গালা সাহিত্যের অনেক উন্নতি হইয়াছে। ১৮৫৩ অব্দেশ্ত মহাত্মা হরিশ্চন্দ্র মুখোপাধ্যার "হিন্দু পেট্রিয়ট্ল" নামক ইংরেজি সংবাদপত্র প্রকাশ করিতে আরম্ভ ক্রেন

তিনিই এতদ্বেশবাদীদিগকে রাজনীতি সমালোচনা করিতে শিক্ষা দিয়াছেন। তাঁহার মৃত্যুর পরে বাঙ্গালীরা ইংরেজী ও বাঙ্গালায় অনেক থবরের কাগজ বাহির করিয়াছেন; তথ্যোতিন চারি থান রাজনীতিজ্ঞতায় হিন্দু পেট্রিয়ট অপেক্ষা ন্যুন নহে।

[মিসনরিগা।]—পূর্ব্বে উক্ত হইয়াছে যে খুফান মিসনরিরা ক্তরিবাসের রামায়ণ ও কাশীদাসের মহাভারত প্রথম মুদ্রিত করেন; এবং পরে তাঁহারাই প্রথম বাদ্দালা সংবাদপত্র ছাপাইতে আরম্ভ করেন। জীরামপুরের কালেজ, কলিকাতায় কএকটী কালেজ, ও স্থানে স্থানে অফ্ত-প্রকার বিদ্যালয় সংস্থাপন করিয়া তাঁহারী এতদেশীয় লোকের বিদ্যাশিক্ষা সম্বন্ধে যথেফ সাহা্য্য করিয়াছেন। কেরী, মার্সমান, ও ডফ সাহেবের নাম এদেশের কৃত-বিদ্য ব্যক্তিগণ সহজে ভূলিবেন না।

[ধর্ম সংস্কার।] – ইংরেজদিণের সময়ে বাঙ্গালার হিন্দ্রদিণের মধ্যে কর্তাভক্তা, গুৰুসতা প্রভৃতি বৈষ্ণব সম্প্রদায়ের রিদ্ধি ইইয়াছে। মুসলমানদিণের মধ্যেও ধর্মসংস্থার চলিতেছে। সংস্কৃতমুসলমানধর্মাবলম্বীদিগকে ফেরীজী বলে। ইহারা হিন্দ্রর ভাত খায় না; এবং ইহাদিণের মধ্যে কিয়ৎপরিমাণে একতা ও উৎসাহ লক্ষিত হয়। পূর্ব্ব বাঙ্গালায় ও কলিকাতায় ইহাদিণের দলর্মদ্ধি ইইয়াছে।

[বাণিজ্য।]—স্কুবিখ্যাত ইংরেজী ইতিহাসলেথক অর্মি সাহেব * ভারতবর্ষের শাসনপ্রনালী ও অধি-

বাসিদিগের বিষয়ে ১৭৫৩ খৃষ্টাব্দে যে প্রবন্ধ রচনা করেন, তাহা পাঠ করিয়া জানা যায় যে তৎকালে ভারতবর্ষের অন্তান্ত প্রদেশপেক্ষা বান্ধানার বানিজ্য वहविखीर्ग हिल। ज्थन अथान इइएज्डे निल्लीत ममूनाय কার্পাদ ও পট্ট বস্ত্র যাইত; এবং আরব, পারস্থ ও ভারতবর্ষের অফাফ অংশে রেশ্র ও রেশমী কাপড়, কার্পাস বস্ত্র, চিনি, অহিফেন, শুস্তু প্রভৃতি প্রেরিত হইত। তথন ৰাঙ্গালাই ইয়ুরোপীয় জাতিদিগের প্রধান ব্যবসায়ের স্থান ছিল। তখন এদেশে সদর রাস্তা বা কোন প্রধান নগর হইতে কিছু দূরে গমন করিলে প্রায় এমন একটা গ্রাম পাওয়া যাইত না যেখানে প্রত্যেক পুৰুষ, স্ত্রী বা শিশু বস্ত্রনির্মাণ কার্য্যে নিযুক্ত নহে। অপর বণিজন্ত্রবাজাত সম্বন্ধে যাহা **ছ**উক, বস্ত্র নির্মাণ সম্বন্ধে এদেশের ঠুমার পূর্ব্বের 'অব্স্থা নাই, চারিদিলে দৃষ্টিপাত করিবেই প্রতীতি হইবে। এখন আর ঘরে ঘরে চর্কা ঘুরে, না। এখন এখান হইতে 'বিদেশে কাপড় যায় না। 🙀 খন আমরা বিলাতী বস্ত্র পরিধান করি। এ**দেশে বহুসং**খ্যক কাপড়ের কল সংস্থাপন না করিলে, মানিচেইতরের প্রতিযোগিতায় এদেশীয় বস্ত্র ব্যবসায় পুনরায় মস্তক উত্তোলন করিতে পারিবে, এরপ সম্ভাবনা নাই। এখানে এবং বোদাই-প্রদেশে এখন অস্প পরিমাণে কলে মোটা কাপড় প্রস্তুত হইতেছে। কিন্তু সম্প্রতি গবর্ণমেণ্ট বিলাতী আমদানী মোটা কাপড়ের মাতল উঠাইয়া দিয়াছেন ;

আর রাজপুরুষগণ কলের কারখানার মজুরদিগের বয়স, কার্যা ও পরিশ্রমকাল নির্দারণ করিয়া আইন করিতেছন। এরপ নিয়ম হইলে, বস্ত্র নির্দানের ব্যয়ইদ্ধি হইবে, এবং আমরা যে সহজে বিলাতের সমকক্ষু হইতে পারিব, এমন বোধ হয় না।

বাধি।]—১৮১৫ সালে ঘশোহরের নিকটে ওলাউঠা পীড়ার হার । পরে উহা পৃথিবীব্যাপী হইয়াছে;
এবং সময়ে উহার উৎপাতে সকল দেশের অধিন
বাসিরাই ব্যতিব্যস্ত হইয়াছেন। কয়েক বৎসর নদীয়া,
ভগলি, বর্দ্ধমান, দমদিনীপুর প্রভৃতি জেলায় সঞ্চারী
জ্বরে অনেক লোকের মৃত্যু ইইয়াছে। কেহ কেহ অন্নমান
করেন যে নদী, খাল প্রভৃতি ক্রমে মাটি পড়িয়া পূরিয়া
গিয়াছে ও স্থানে স্থানে প্রেয়াজনীয় পয়ঃপ্রনালী ন্ম
রাখিয়া রাস্তা নির্মিত ইইয়াছে; এই নিমিত্ত জলনির্গমের
বাধা জ্বন্মিয়া এই জ্বরের উৎপত্তি ইইয়াছে। অনেকে
বিবেচনা করেন যে,তিন শতবংসর পূর্বেষ যে মহামারীতে
গৌড়নগর জনশ্ন্য হয়, তাছাও এই প্রকার জ্ব।

ি ঝটিকাবর্ত্ত]—১৮৬৪ সালৈ এদেশে একটা ভয়ন্তর ঝটিকাবর্ত্ত উপস্থিত হইয়া অনেক অপকার করিয়াছিল। বহুসংখ্যক গৃহ ও রক্ষ ধরাশায়ী হইয়াছিল, অনেক জাহাজ ও নৌকা ডুবিয়াছিল; এবং ঝড়ের প্রতাপে বঙ্গসুগারের সলিলরাশি ২৪পরগণার দক্ষিণাংশে প্রবেশ করিয়া কত মন্থা, জীবজন্ত ও লোকালয় বিনষ্ট করিয়া-ছিল। এ প্রকার ঝটিকা এদেশের পক্ষে নূতন নহে। আইন আকবরী পাঠ করিয়া জানা যায় যে ১৫৮০ অব্দে এদেশে একটা বজ্ঞবিদ্যুৎসহক্ত ভীষণ ঝটিকাবর্ত্ত উপ-স্থিত হইয়াছিল। উহার প্রভাবে সমুদ্রবারি উপিত হইয়া দেবমন্দিরচূড়া ও অত্যুক্তস্থান ব্যতিরিক্ত বাধরগঞ্জ প্রদেশের অনেকাংশ নিমজ্জিত করিয়াছিল। উক্ত হর্ষটনায় প্রায় হুই লক্ষ জীবের মৃত্যু হয়; কিন্তু ১৮৭৬ সালের ৩১ অক্টেবার তারিখে যে ঝটিকাবর্ত্ত ঘটে, তাহা দর্ব্বাপেক্ষা মায়াত্মক। উহার বলে মেঘনা ও বদসাগরের জল বাধরগঞ্জ, নোয়াধালী ও চট্টগ্রাম প্রদেশে প্রবিষ্ট হইয়া প্রায়।তিন লক্ষ লোক, বহসুংখ্যক গবাদি জন্ত, এবং অগণ্য নৌকা ও গৃহ বিনষ্ট করিয়াছে।

পরিশিষ্ট।

(১) পাল রাজবংশ।

অনুশাদনপত হউতে পালবংশীয় এই কয়েকজন রাজার নাম পাওয়া গিয়াছে:—

ভূপাল, গোপালু বা লোকপাল শুরপাল নয়নপাল
ধর্মপাল, রাজ্যপাল মদন পাল
দেব পালু পালদেব মহেলু পাল
জয় পাল বিগ্রহপাল
নারায়ণ পাল মহাপাল

মুঙ্গেরে প্রাপ্ত দেবপাল প্রদত্ত একথানি অনুশাসনপত্তে লিখিত আছে যে তিনি গঙ্গোত্তরী হউতে সেতৃবন্ধ রামেশ্বর পর্যান্ত, এবং লক্ষাকুল [পূর্মে দেশীর লক্ষাপুর] হউতে পশ্চিম দাগ্র পর্যান্ত সমুদার ভূভাগ জয় করিয়াছিলেন; এবং তাহার যুদ্ধাশ সকল কান্ধোজ পর্যান্ত উপস্থিত হউয়াছিল। অনেকে বিবেচনা করেন যে কান্ধোজ দেশ সিন্ধুনদের অপর-পারবর্ত্তী। রঘুবংশে ইহার বর্ণনা আছে। বুদাল নামক স্থান্নে প্রাপ্ত আরে একবানি অনুশাসন পত্র পাঠ করিয়া জানা যায় যে গৌড়ীয় পালরাজারা এক সময়ে উৎকল, দুাবিড়, গুজ্বের ও ভ্রদিগের দেশ অধিকার করিয়াছিলেন।

(२) वाङ्गालात गूमलगान भामनकर्त्वाशन।

নিম্নে বাঙ্গালার মুসলমান শাসনকর্তাদিগের নাম ও শাসনকাল, এবং সমকালবর্তী দিল্লার সমাট্গণের নাম ও সিংহাসনাধিরোহণ-কাল প্রদন্ত হইল।

পরতন্ত্র পাঠান শাসন কাল দিল্লীর সমাট গুণ				
	বশ্তিয়ার থিলিজী	> >>	কুতবুদিন	
2506-2	মহমাদ দিরান	2520	আরাম	
25.2-22	আলিমৰ্দান	2520	আল্ডমাস	
2522-58	সুলতান গায়সুদ্দিন	3 25¢	<u>কুকনুদিন</u>	
> >>9->>	নাসিকুদিন	250%	রেজিয়া বেগম	
2552-00	∫ আসাউদিন ≀ দৈফ উদিন	় ১২৩৯ ₁	বহরম থাঁ	
2 <i>220-</i> 88	তুগন খাঁ	2582	भ माञ्जूष	
>>88-8¢	তৈমুর খাঁ	288	["] নাসিকুদিন	
>>89- 6 F	তুপাল খাঁ	3 25¢	বেলিন বা বলবন	
	মসাযুদ মালিক জানি	251-8	কৈকুবাদ	
	इक्षिन वल्यन		থিলিজীবংশ।	
> २ ৫৯- 9৯	ভাভার খাঁ	>>>.	জেলালুদ্দিন	
	দের খাঁ			
	আমিন খাঁ	2526	আলাউদিন	
2542-25	ভুগ্ৰল (মুগিদ উদ্দিন)	3000	উমার	
252-25	নাসিকৃদ্দিন বাধরা থাঁ	2020	মুবারক	
ン シタシー ラ 9	কৈকায়্স্	> 250	খনক	
>>> (?)-	->७১৮ ফেরোজ সা			
चे पर०६	গহাবুদ্দিন (গৌড়)			

বাঙ্গালার শাসনকর্ত্তাগণ দিল্লীর সন্মাট্রণ ১৩১১-১৯ বাহাদুর मা (পূঃ বা) তোগলকবংশ। ১০১৯-১০ বাহাদ্র (সমুদয়) ১৩২০ গায়স্ট্দিন (১) ১৩২৩->৫ नामिक्रिकिन (शोष्) ১৩২৫ মহমাদ বिनः २०२६-२००२ वाहामृत् मा (शुः वा) २०६२ (कर्ताक मः >>>৬->> कमत थाँ (त्नोष्) । >>>৮ नावम् উन्ति (>) ১৩১৫-৩৮ বছরম খাঁ (পূঃ বা) ১৩৭৯ আমাবুৰকর ১৩১৪-৩১ আজম উলমুলক ১৩৮৯ নাসিরুদিন মহস্মদ ু ১৩৯২ জ্যায়ুন "১৩৯২ মামুদ (সপ্তথাম) ষতন্ত্ৰ পাঠীৰ শাসনকাল ১৩৯৫ নদ্রত সা ১৫%- ८० किक्किमिन (शः दा) _ ১৩৫০-৫৩ মুজাফর গাজি না (পু: বা) ১৩৩৯-৪৫ আলি সা (পুঃ বা) इलियाम् माहीवः ग 2002-co माममूर्जिन हेलियाम (शः ता) ১৩৫৩-৫৮ माममू जिन (मभू नार वात्राला) ১৩৫৮-৮৯ मেकनत् मा সৈয়দ ও লোদিবংশ ১৩৮৯-৯৮ গায়স্ উদ্দিন ১৩৯৮-১৪०२ रेमक्डेमिन शंगजामा ১৪১२ मोनड श्री लामि **>8>8 थिकिंद थाँ रैमग्रह** ১৪০২-৫ সামসুদিন রাজা গণেশ ও তদংশ ্ _ ১৪ রাজা গণেশ **১**8২১ रेमग्रम सूतात्रक ১৪, ৪-৩ राष्ट्र (इलाल्फिन) ১৪৩० रेनशन भरमान ३८८० रेमग्र**म आला** डेम्बिन ३६३०-८७ छाहसम मा

